শেত, রক্ত ও কৃষ্ণ—এই ত্রিবর্ণযুক্ত এবং বিত্যুৎসমন্বিত পরিঘ-(অস্ত্রবিশেষ) সকল সন্ধ্যাকালে সূর্য্যকে আর্ত করে ॥২১॥

আমি আজকাল দেখিতেছি—দিন ও রাত্রিব কোন ভেদ থাকে না, সর্ববদাই চন্দ্র, সূর্য্য ও নক্ষত্র স্থালিতে থাকে; স্থতরাং তাহাই ভয জন্মাইবে ॥২২॥

আমি দেখিয়াছি—গত কার্দ্তিকী পূর্ণিমাতেও সেরূপ প্রভা ছিল না এবং পদ্মবর্ণ আকাশে অগ্নিবর্ণ চন্দ্র উদযু পাইয়াছিল ॥২৩॥

অত এব পৃথিবীব বাজাবা ও পরিঘবাহু বীব রাজপুত্রেরা যুদ্ধে নিহত হইষা ভূতল আবৃত করিয়া শয়ন কবিবেন ॥২৪॥

<sup>(</sup>২১) তাহ্মস্তমবারষন্—পি বাব রা। (২২) নির্বিশেষদিনক্ষযম্—পি বা ব রা। (২০) অলক্ষাঃ প্রভয়া হীনঃ পদাবর্ণনভস্তলে—পি বা ব রা। (২৪) ভূমিমাবৃত্য বিষ্টিতাঃ
—পি।

অন্তবীক্ষে ববাহস্য রুষদংশস্য চোভযোঃ।
প্রণাদং যুধ্যতো রাজে রেজিং নিত্যং প্রলক্ষযে ॥২৫॥
দেবতাপ্রতিমান্চৈব কম্পন্তি চ হসন্তি চ।
বমন্তি রুধিবঞ্চাস্তিঃ স্বিশুন্তি প্রপতন্তি চ॥২৬॥
অনাহতা তুন্দুভয়ং প্রণদন্তি বিশাংপতে।।
অযুক্তাশ্চ প্রবর্তিতে ক্ষত্রিযাণাং মহাবথাঃ॥২৭॥
কোকিলাঃ শতপত্রাশ্চ চাষা ভাসাঃ শুকাস্তথা।
সারসাশ্চ মযুবাশ্চ বাচো মুঞ্জি দারুণাঃ॥২৮॥
গৃহীতশস্ত্রাঃ ক্রোশন্তি চন্মিণো বাজিপৃষ্ঠগাঃ।
অরুণোদ্যে প্রদৃশ্যন্তে শতশঃ শলভব্রজাঃ॥২৯॥

## ভাবতকোমুদী

অন্তরীক্ষ ইতি। বৃষদংশশু বিড়ালশু। যুধ্যতোর্থামানঝাঃ ॥২৫॥
দেবতেতি। আশৈর্থদনৈঃ, স্বিছন্তি দর্মাক্তা ভবন্তি ॥২৬॥
অনাহতা ইতি। অযুক্তা অধৈরসংস্ফা অপি, প্রবর্ত্তন্তে চলস্তি ॥২৭॥
কোকিলা ইতি। শতপত্রাঃ পক্ষিবিশেষাঃ। বাচো রবান্ ॥২৮॥

গৃহীতেতি। গৃহীতানি শস্ত্রাণি শস্ত্রতুল্যাশ্চঞ্চবো বৈল্ডে, চর্ন্মিণো ভূম্বরিটনামানো দংশনকারিণঃ কীটবিশেষাঃ। "চর্দ্রী ফলকপাণো স্থাভূর্জ্জে ভূম্বরিটাবপি" ইতি বিশ্বঃ। ভূতীরপাদে অক্ষরাধিক্যমার্থম্। শলভব্রজাঃ পতস্বশ্রেণয়ঃ ॥२৯॥

### ভাবতভাবদীপঃ

যথা মঞ্জিষ্ঠে"ভি শ্রুতের্দিবো রক্তত্বমশুভত্চকন্ ॥২৩—২৪॥ বরাহো গৃহকোলো ব্রদংশো মার্জারন্তয়োভূ চরয়োরপান্তরিকে উৎপুত্য যুখ্যভো: প্রণাদন্ ॥২৫—২৬॥ অযুক্তা অব্দরযো-জিতা অপি প্রবর্ত্তন্তে চলন্তি। মহাস্তো রথা মহারথা: ॥২৭—২৮॥ গৃহীতশন্ত্রা আন্তলোহা

আজকাল প্রত্যহই রাত্রিতে শূকর ও বিডাল যুদ্ধ করে, তাহাদের ভযঙ্কর বব আকাশে শুনিতে পাই ॥২৫॥

দেবতাদেব প্রতিমাগুলি কখনও কাঁপে, কখনও হাসে, কখনও মুখ দিয়া রক্ত বমন করে, কখনও ঘর্মাক্ত হয় এবং কখনও পড়িয়া যায় ॥২৬॥

নরনাথ। আঘাত না কবিলেও তুন্দুভিগুলি শব্দ করে এবং ক্ষত্রিযগণের বিশাল বথ সকল অশ্বযুক্ত না হইযাও চলিতে থাকে ॥২৭॥

কোকিল, কুডলিয়া, চাষ, ভাস, শুক, সাবস ও মযুরসকল ভয়ঙ্কব রব কবে ॥২৮॥

<sup>(</sup>২৬) প্রকম্পন্তে হসন্তি চ—পি।

উত্তে সন্ধ্যে প্রকাশেতে দিশাং দাহসমন্বিতে।
পর্চ্চন্তঃ পাংশুবর্ষী চ মাংসবর্ষী চ ভারত।॥৩০॥
যা চৈষা বিশ্রুতা বাজন্। ত্রেলোক্যে সাধুদন্মতা।
অরুদ্ধতী তয়াপ্যেষ বশিষ্ঠঃ পৃষ্ঠতঃ কুতঃ॥৩১॥
বোহিণীং পীড়য়ন্নেষ স্থিতো রাজন্। শনৈশ্চরঃ।
ব্যাবৃত্তং লক্ষ্ম সোমস্থ ভবিশ্বতি মহদ্ভয়য়্॥৩২॥
অনভ্রে চ মহাঘোরং স্তনিতং শ্রেয়তেহনিশম্।
বাহনানাঞ্চ ক্রদতাং নিপতন্ত্যশ্রুত্বন্দবঃ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যাং ভীষ্মপর্ব্বণি জন্মুথগুবিনির্মাণে উৎপাতকথনং নাম দ্বিতীযোহধ্যায়ঃ॥।॥

## ভারতকৌমুদী

উত্তে ইতি। উত্তে সন্ধ্যে প্রাতঃসায়ংসন্ধ্যে। পর্জ্জন্তো মেঘ: ॥৩০॥ বেতি। সাধুসন্মতা সাধ্বীরূপেণাঙ্গীরুতা। সা তু সর্বাদা বশিষ্ঠমগ্রে করোতি ॥৩১॥ রোহিণীমিতি। পীড়য়ন্ সংস্রবাৎ। ব্যাবৃত্তং তিরোহিতম্, লম্ম কলঙ্ক: ॥৩২॥

### ভারতভাবদীপঃ

লোহতুপ্তা ইতি যাবং। "শস্ত্রমায়্ধলোহয়োঃ" ইত্যমর:। চর্দ্রিণো ভৃদরিটিনংজ্ঞাঃ রুফশলভ-বিশেষাঃ। "চর্দ্রী ফলকগাণো আঙুর্জ্জে ভৃদরিটাবপি" ইতি মেদিনী। বাজিপৃষ্ঠগা অশ্বাস্তদন্তা দৃশ্যস্ত ইত্যর্থঃ॥২৯—৩১॥ ব্যাবৃত্তং নইং লক্ষ্রহীনশ্চক্রো দৃশ্যন্ত ইত্যর্থঃ॥৩২॥ স্তনিতঃ স্বনো গজ্জিতরূপঃ শবঃ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে ভীম্মপর্কণি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে দ্বিতীয়োহধ্যায়: ॥२॥

দূচচঞ্চ ভেমকলগুলি অশ্বের পৃষ্ঠে পতিত হইযা তীব্র ধানি করে এবং অকণোদয-কালে শত শত পতন্তশ্রেণি দেখিতে পাওয়া যায় ॥২৯॥

প্রাতঃসন্ধ্যা ও সাযংসদ্ধ্যাকালে দিগ্দাহ প্রকাশ পায। আব ভরতনন্দন। মেঘ ধূলি ও মাংস বর্ষণ কবে ॥৩০॥

বাজা। ত্রিভুবনমধ্যে যিনি সাধ্বী বলিয়া বিখ্যাত, সেই অকন্ধতীও এই বশিষ্ঠকে পৃষ্ঠদিকে বাখিয়াছেন ॥৩১॥

বাজা! এই শনিগ্রহ বোহিণীনক্ষত্রকে উৎপীডিভ করিয়া রহিয়াছেন এবং চন্দ্রের কলম্বটা তিরোহিত হইয়াছে ; স্কুভরাং গুরুত্ব ভয় হইবে ॥৩২॥

<sup>(</sup>৩॰) উভে সম্বো প্রকাশন্তে দিশো দাহসম্বিতে—বা ব রা নি। (৩৩) অনত্রে চ মহাঘোর: ন্তনিত: শ্রমতে স্থন:—বা ব বা, অনত্রে চ মহাঘোরস্তনিত: শ্রমতে ভূণন্—নি।

## ভূতীয়ো২ধ্যায়ঃ।

—ঃ\*ঃ—্ ব্যাস উবাচ।

খবা গোষু প্রজাযন্তে বমন্তে মাতৃভিঃ স্থতাঃ।

অনার্ত্তবং পুষ্পাফলং দর্শযন্তি বনক্রমাঃ ॥১॥
গভিণ্যো বাজপুত্রাংশ্চ জনযন্তি বিভীষণান্।
ক্রব্যাদাঃ পক্ষিভিশ্চাপি সহাক্ষন্তি পবস্পবম্ ॥২॥
ক্রিবিষাণাশ্চভূর্নেত্রাঃ পঞ্চপাদা দ্বিমেহনাঃ।
দ্বিশীর্ষাশ্চ দ্বিপুচ্ছাশ্চ দংষ্ট্রিণঃ পশবোহশিবাঃ ॥৩॥
জাযন্তে বির্তাস্থাশ্চ ব্যাহবন্তোহশিবা গিবঃ।
ক্রিপদাঃ শিথিনস্তাক্ত্রাশ্চতুদ্বংষ্ট্রা বিষাণিনঃ ॥৪॥ (যুগ্মকম্)

## ভাবতকোমুদী

অনত্র ইতি। অনত্রে নির্মেষে গগনে, স্থানিতং মেঘনির্ঘোষঃ ॥৩৩॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদানিদদাস্তবাদীশভট্টাচার্য্যবিরচিতারাং মহাভারতটীকাষাং ভারতকোম্দীসমাধ্যায়াং ভীত্মপর্বণি জন্থগুবিনির্মাণে
বিত্তীযোহধ্যায়ঃ ॥•॥

-----

ধরা ইতি। ধরা গর্দভা:। অনার্ত্তবং ভিন্ন-ঋতুসম্বন্ধি ॥১॥ গর্ভিণ্য ইতি। গর্ভিণ্যো রাজভার্যা:। ক্রব্যাদা মাংসভোজিন: পশব: ॥২॥ ত্রীতি। ত্রিবিষাণা: ত্রিশৃঙ্কা:। ঘিমেহনা: শিশ্রবন্ধযুক্তা:। অশিবা অমন্বলস্টকা:। বিবৃতাস্থা: প্রকটিতবদনা:। গিরো রবান্। তার্ক্যা গরুভাকৃত্য: পক্ষিণ:॥৩—৪॥

আর, মেঘশূতা আকাশেও সর্ববদা মহাভয়স্কব মেঘগর্জ্জন শুনা যায এবং বোদন-প্রায়ন্ত বাহনগণের অশ্রুবিন্দু সকল পতিত হয়"॥৩৩॥

বেদব্যাস বলিলেন—"গকর গর্ভে গর্দাভ জন্মিতেছে, পুত্রেরা মাভাদেব সহিত রমণ কবিতেছে এবং বন্য বৃক্ষ সকল অন্যান্য ঋতুর ফল ও পুষ্পা দেখাইতেছে ॥১॥

গর্ভবতী বাজভার্য্যাবা অতি ভীষণাকৃতি পুত্র সকল প্রদুব করিতেছেন এবং মাংসভোজী পশুগণ পক্ষিগণেব সহিত মিলিত হইয়া পরস্পব ভোজন করি-তেছে॥২॥

(২) ধরা গোষ্ প্রস্থান্ত-পি। (২) গভিণ্যোইজাতপুত্রাশ্চ-না ব রা নি।

তথৈবান্তাশ্চ দৃশুন্তে দ্রিয়ো বৈ ব্রহ্মবাদিনাম্। বৈনতেযান্ মযুরাংশ্চ জনয়ন্তি পুরে তব ॥৫॥ গোবৎসং বড়বা সূতে শ্বা শৃগালং মহীপতে!। কুরুবান্ কবভাশ্চেব শুকাশ্চাশুভবাদিনঃ॥৬॥ দ্রিয়ঃ কাশ্চিৎ প্রস্থান্তে চতত্রঃ পঞ্চ কন্তকাঃ। জাতমাত্রাশ্চ নৃত্যন্তি গাযন্তি চ হসন্তি চ॥৭॥ পৃথগ্জনস্ত সর্বাস্থ্য ক্ষুদ্রকাঃ প্রহসন্তি চ। নৃত্যন্তি পরিগায়ন্তি বেদযন্তো মহন্ত্যম্॥৮॥

# ভারতকোমুদী

তথেতি। বন্ধবাদিনাং ব্রাহ্মণানাম্। বৈনতেরান্ গকডাক্বতীন্ সন্তানান্ ॥৫॥ গবিতি। বন্ধবা অধা, খা কুর্কুরঃ। করভাঃ পশুবিশেষাঃ ॥৬॥ স্থির ইতি। জাতমাত্রাশ্চ ডাঃ কলাঃ ॥৭॥ পৃথগিতি। পৃথগ্জনত্ম চাপ্ডালাদিনীচলোকত্ম, কুদ্রকাঃ পদ্প্রভূতরো বিকলাদাঃ। ভারতভাবদীপঃ

খরা ইতি। খরা: প্রজায়ন্তে মিথুনীভব্তি উৎপত্তন্ত ইতি বা ॥১॥ ক্রব্যাদা: সার্মেযাদয়: ॥২—০॥ বিষাণিন: শৃষ্বভন্তার্ম্যা এব ॥৬—৫॥ বডবা অধা, ধা শুনী, করভো মুগবিশেব:। "করভ: কলভো বাষ্টাপদে প্রোক্তো মুগান্তরে" ইতি বিশ্ব: ॥৬॥ প্রজানন্তে জনমন্তি ॥৭॥ পূথগ্জনতা নীচন্তনতা সমন্ধিন: ক্ত্রকা ব্যন্তা: চণ্ডালাদির্ জাতাঃ কাণক্জাদর ইতার্থ:।

কতকগুলি ত্রিশৃঙ্গ, কতকগুলি চতুর্নয়ন, কতকগুলি পঞ্চরণ, কতকগুলি দ্বিশিশ্ন, কতকগুলি দিমস্তক, কতকগুলি দিপুচ্ছ এবং কতকগুলি পশু বিকটদন্তযুক্ত হইয়া অমঙ্গল সূচনা করিতে থাকিয়া জন্মিতেছে; আবাব কতকগুলি পশু জন্মিয়াই মুখ ব্যাদান কবিয়া অমঙ্গলসূচক রব করিতেছে গরুডাকৃতি পক্ষিগণ ত্রিপদ, শিখাযুক্ত চতুর্দন্ত ও শৃঙ্গশালা হইযা জন্মিতেছে ॥৩—৪॥

রাজা। আবাব তোমার রাজধানীতে ব্রাহ্মণভার্য্যাগণকে দেখা যাইতেছে, তাঁহারা গকড়াকৃতি পন্দী ও মযুর প্রসব করিতেছেন ॥৫॥

রাজা। অশ্ব গোবৎসকে, কুর্কুব শৃগালকে এবং মৃগ কুর্কুরকে উৎপাদন করিতেছে; আব শুকপক্ষিগণও অমঙ্গলসূচক রব কবিতেছে ॥৬॥

কতকগুলি স্ত্রী চারিটী ও পাঁচটী করিয়া কন্যা প্রসব করিতেছে, আবাব সেই কন্যাগুলিও জন্মিবামাত্রই হাসিতেছে, গাহিতেছে ও নাচিতেছে ॥৭॥

<sup>(</sup>१) দ্রিয়: কাশ্চিৎ প্রজাবস্তে—বা ব রা নি।

প্রতিমাশ্চালিখন্ত্যেতাঃ সশস্ত্রাঃ কালচোদিতাঃ।
অন্যোন্তমভিধাবন্তি শিশবো দণ্ডপাণযঃ॥৯॥
অন্যোন্তমবমূদ্ ন্তি নগবাণি যুযুৎসবঃ।
পদ্মোৎপলানি রক্ষেয় জাযন্তে কুমুদানি চ॥১০॥ (যুগ্মকম্)
বিষ্বগ্ বাতাশ্চ বাস্ত্যগ্রা বজো নাপ্যুপশাম্যতি।
অভীক্ষণ কম্পতে ভূমিবর্কণ বাহুরুপৈতি চ॥১১॥

### ভারতকোমুদী

"কুদ্রা ব্যন্ধা নটী বেশ্যা" ইভ্যাত্মমর:। তথা চ ভেষাং সর্ববর্ণা বিষাদসম্ভবেহপি নিতরা-মানন্দোদয়েন প্রকৃতিবিপর্যায়াহুৎপাতত্বমিতি ভাব: ॥৮॥

প্রতিমা ইতি। সশস্ত্রা এতাঃ প্রতিমা দেবভাবিগ্রহাশ্চ, কালেন চোদিতাঃ প্রণোদিতাঃ নত্যঃ, আলিখন্তি ভাবিসর্কনাশং গগনে চিত্রবন্তীব। কিঞ্চ যুযুৎসবঃ, অতএব দশুপাণযঃ শিশবঃ, অক্যান্তমভিধাবন্তি, তথা স্বস্বনির্দ্মিতানি নগরাণি, অক্যোন্তম্, অবমৃদ্ধন্তি ভঞ্জন্তি। সরলমনসাং দ্বোত্যুৎপত্তিরেবোৎপাত ইত্যাশরঃ। কিঞ্চ পদ্মানি অজ্ঞানি চ উৎপলানি নীলোৎপলানি চ তানি, কুম্দানি ঝেতোৎপলানি চ, বুক্ষেয়ু জারন্তে। প্রকৃতিবিপর্যাসা-দেবামুৎপাতত্মিত্যভিপ্রায়ঃ॥৯—১০॥

বিষগিতি। উগ্রা বাতাশ্চ বিষক্ সর্ববাভ্য এব দিগ্ভ্যো বান্তি। অতএব রজো ধ্লি-রিপ নোপশাম্যতি। বাতানাং বিষক্প্রবৃত্তিরেবোৎপাতঃ। অভীক্ষং পূনঃ পূনঃ। পূনঃ পূন্দুক্ম্প এবোৎপাতঃ। এতাবতা প্রকৃতিবিপর্য্যাসরূপমূৎপাতমভিধায়েদানীং গ্রহাদীনাং বিনির্মরূপমূৎপাতমভিধত্তে অকমিতি। রাহ্গ্র সিত্মর্কমূপতি চ ॥১১॥

#### ভাবতভাবদীপঃ

"ক্লা ব্যঙ্গা নটা"ত্যাদি মেদিনী ॥৮—৯॥ নগরাণি ক্লব্রিমাণি শিশব এবাবয়দ ভি পদ্মানি মহান্তি উৎপলানি ক্লোণীতি ভেদঃ। কুম্দানি চল্লোদয়বিকাসীনি তাত্যেব ॥১০॥ বর্ত্ততে বর্ত্তরতি দীপ্যত ইভার্থঃ। নিতাং দাবদাহো ভবভীতি যাবং। কল্পত ইভি পাঠেহপি স এবার্থঃ। কার্ত্তিক্যাঃ পরং হি সংগ্রামারজন্তত্ত তুলাস্থ্যব্ং রাহ্রহপৈতি ॥১১॥ তদৈব থেতো

সমস্ত নীচসমাজেব পঙ্গুপ্রভৃতি বিকলাঙ্গ লোকেরা গুক্তর ভ্যেব সূচনা করতঃ কখনও হাসিতেছে, কখনও নাচিতেছে এবং কখনও গাহিতেছে ॥৮॥

অন্ত্রধারী এই সকল দেববিগ্রাহ কালপ্রেবিত হইযাই ষেন আকাশে ভাবী সর্ববনাশেব বিষয় লিখিতেছে। যুদ্ধার্থী ও ষষ্টিধারী শিশুবা পরস্পরের প্রতি ধাবিত হইতেছে এবং স্বনির্মিত নগবগুলিকে ভাঙ্গিয়া ফেলিতেছে। আব পদ্ম, নীলোৎপল ও শ্বেতোৎপল বৃক্ষে জন্মিতেছে ॥১—১০॥

नकन पिक् रहेर्ड ७ ग्रहर वायू विश्वाल , शृनि नित्रु लि भाहेर्ड ना, वाव वात्र

<sup>(</sup>১٠) অক্টোন্তমভিমূদ,স্তি—বা ব রা নি।

শ্বেতো গ্রহন্তথা চিক্রাং সমতিক্রম্য তির্ছতি।
অভাবং হি বিশেবেণ কুন্দণাং তত্র পশ্যতি ॥১২॥
ধূমকেছুর্মহাঘোরঃ পুরাঞ্চাক্রম্য তির্ছতি।
সেনযোরশিবং ঘোরং কনিয়তি মহাগ্রহঃ ॥১৩॥
মঘাস্কসারকো বক্রঃ প্রবণে চ হৃহস্পতিঃ।
ভগং নক্রমাক্রম্য সূর্যাপুত্রেণ দ্বিভাতে ॥১৪॥

#### ভারতবে।গুদী

ধেত ইতি। বেতপদং কেতৌ কচন্। তিইতি সাতীনগালে। আনায়মানাঃ—"থেমকে প্রথমে মাসি অমপাকে ওজাননীন্। প্রবৃত্তং তারতং মুদ্ধ নক্ষতে মন্টেরতে।" ইতি ভারতসাবিতীবচনেন মার্গনীবিতরতাগালাং বৃদ্ধিত। অসমানাগাল তথা, গিনিনে। এবল ভারতির বিবৃত্তিক প্রাভিন্ধ ভন্যামাণাগালা হালেপি বৃত্তিক প্রামিণ। তেন চ রাত্তকোঃ প্রস্পরসপ্রমালাবায়ানিবিলাও বেতুনা ব্রহাশীবের আহলান্, শিল তলানাঃ তক্ত সাতীনক্ষত্রাবায়ানেন ত্বারালাবায়ানি গ্রহিতি বিনিন্দেরণাগাল মধ্যানাথ তথা তত্তি প্রামিণ ক্ষাতিবতার স্কৃতি বিনিন্দেরণাভাগাং স্বাহ্রণাতা। তত্ত্ব প্রধাননরপতিকরস্কার পৌরবাধানের বিশেষবাভাগাং শ্রহিত শেনে গ্রহালীবিত্তার স্কৃতিভিত্তালীদিপ্রকরণে ত্রিবান্ত্রান্ত্র

ধুমেতি। মহাঘোরা ধ্মবেত্শ্চ, প্রিশনকরং প্রমাক্ষা ভিদিতি। প্রতথবাদৌ মহাগ্রহঃ, উভয়োরের দেনলোঃ, ঘোরমনিব্যম্পণ্য বিভিত্তি। তথা চ "রহিবাণাং তথা পুরে রেবভাাক পুনর্বদৌ। বিকে বভি ক্রমাঘেশো বর্গের বালগাদির ।" ইভি ভ্যোতিৎতত্ব-ধৃতম্ ॥১০॥

#### ভারতভারদীপঃ

গ্রহং কেতৃশ্চিত্রামতিক্রামতি স্বাভাগে বর্ততে নিতাং দ্বসগুক্ষে বাহকেতৃ ইদানীনেধনরাশিগতে মহানিপ্তিহ্চকাবিতি ভাবং ।১১৮ ধ্বকেতৃক্পগ্রহবিশেষঃ স পুরং ক্রিফন্মত্র-মাক্রম্য তিঠিতি তথা বক্ষামাণরীত্যা জ্যেঠাহেনাপি কেতৃনা পুরো বিহন্তথা চ স্বন্দত্রে ক্রাক্রান্তে ক্রেবিদ্ধে চ সতাবশ্বং ক্রেয়াণাং নাশো ভরতীতার্থং। যথোক্তন্—"ইতিকারাং তথা পুরে রেবভ্যাঞ্চ পূনর্বসৌ। বেধে সতি ক্রমাহেধো বর্ণের্ ব্রাহ্মণানির্ ।" ইতি নর-পতিবিজ্ঞয়ে ॥১০॥ তগং নক্ষত্রং পুর্বাফান্থনী শ্রুতিমতে তৃত্তরাফন্তনী ॥১৪॥ পূর্বে প্রোর্টপদে ভূমিকম্প ইইতেছে এবং গ্রাস করিবাব জন্ম বাল্ সূর্ব্যেব নিকট যাইতেছে ॥১১॥

কেতু চিত্রানক্ষত্রকে অভিক্রম করিয়া স্বাভীনক্ষত্রে অবস্থান কবিতেছে; স্থতবাং সে, বিশেষভাবে কৌরবগণেরই অভাব দেখিতেছে ॥১২॥

অতিভযক্ষর ধূমকেতু পুয়ানক্ষত্রকে আক্রমণ কবিয়াছে; অতএব সে, উভয সৈন্মেরই ভযঙ্কর অমঙ্গল কবিবে॥১৩॥

<sup>(</sup>১৪) -- ভাগাং নক্ষত্রমাক্রমা-পি।

শুক্রং প্রোষ্ঠপদে পূর্বের সমারুছ বিরোচতে।
উত্তবে ভু পরিক্রম্য সহিতঃ সমুদীক্ষতে ॥১৫॥
শ্রামো গ্রহঃ প্রজ্বলিতঃ সধূম ইব পাবকঃ।
গ্রন্থাং তেজস্বি নক্ষত্রং জ্যেষ্ঠামাক্রম্য তিষ্ঠতি ॥১৬॥
ধ্রুবঃ প্রজ্বলিতো ঘোবমপসব্যং প্রবর্ত্ততে।
বোহিণীং পীড়্যত্যেবমুভো চ শশিভাস্করো।
চিত্রাস্বাত্যন্তরে চৈব বিষ্ঠিতঃ পরুষগ্রহঃ ॥১৭॥

### ভাবতকোমুদী

মঘান্বিতি। অন্বারকো মন্তব্যহো বক্রং সন্, মঘান্ত পৈত্রে নক্ষত্রে বর্ত্ততে। তেন চ ভীন্মক্রোণাদীনাং পিতৃরপাণামমন্বন্দ, "কুরবেধসমাযোগে যভ্যোপগ্রহসন্তবং। তক্ত মৃত্যুর্ন সন্দেহো রোগাঘাথ রণাদপি॥" ইতি জ্যোতিবতত্ত্ববচনাৎ। ন চ তথাত্বে অভিময়প্রভৃতিপিতৃরপাণামজ্জ্নাদীনাং কথং নামন্বলমিতি বাচ্যং তত্র প্রধানপিতৃণামেব গ্রহণাৎ। বৃহস্পতিশ্চ প্রবণে ব্রহ্মনক্ষত্রে বর্ত্ততে। তেন চ ব্রাহ্মণানাং শুভুস্চনাৎ ক্লপার্যখানোং দ্বিতিং। দ্রোণস্থ তু কুরাক্রমণাদভাব এব। স্ব্যাপুরেণ শনিনা, ভগং ভগদৈবতং নক্ষত্রং প্রবিদ্ধানী, আক্রম্য পীডাতে। তেন চ বহুনীনামেব ভগবতীনাং নারীণাং বৈধব্যসন্তবং ॥১৪॥ শুক্র ইতি। শুক্রং, পূর্বের প্রোষ্ঠপদে পূর্বভাত্রপদনক্ষত্রে সমারুক্, বিরোচতে প্রদীপ্যতে। পরঞ্চাসৌ উত্তরে উত্তরভাত্রপদনক্ষত্রে, পরিক্রম্য গত্বা, কুরগ্রহেণ সহিতঃ সন্, সম্দীক্ষতে স্বক্ষেরং পশ্যতি। তেন চ শুভক্রব্রহ্রোর্যোগাৎ গুভ্যশুভঞ্চ ফলম্। তত্র ধর্মামুক্ল্যাৎ

খ্যাম ইতি। খ্যামো গ্রহো রাহ্য, সধ্যঃ পাবক ইব, প্রজ্ঞলিতঃ সন্, ঐন্ত্রমিন্দ্রদেবতাকং তেজন্বি নক্ষত্রং জ্যেষ্ঠামাক্রম্য তিষ্ঠতি স্থ্যগ্রামায় বর্ত্ততে। তদানীং রবের্থ শিকাবস্থানাৎ রাহোরপি তত্তিবাবস্থানে গ্রহণসম্ভবঃ, পূর্ব্বোক্ষো কেতোশ্চ তুলাবস্থানে স্থিতিবিনিয়মাহৎ-পাত এবেতি ভাবঃ ॥১৬॥

#### ভাবতভাবদীপঃ

পূর্বাভাত্রপদানক্ষক্রং সমারুহ্ পরিক্রম্য পরিঘাখ্য উপগ্রহন্তেন সহিত উত্তরে উত্তরাভাত্রপদানক্ষর্য উদীক্ষতে আক্রান্থমিচ্ছতি ॥১৫॥ খেতো দিতীয় উপগ্রহঃ কেতৃসংজ্ঞ ক্রন্তং জ্যেষ্ঠা-

মঙ্গল বক্র হইয়া মঘানক্ষত্রে গিয়াছেন, বৃহস্পতি শ্রবণানক্ষত্রে রহিয়াছেন, আর শনি মঘানক্ষত্রকে আক্রমণ কবিয়া পীড়া দিতেছেন ॥১৪॥

শুক্র পূর্ববভাদ্রপদনক্ষত্রে আরোহণ করিয়া দীপ্তি পাইতেছেন এবং তিনি উত্তর-ভাদ্রপদনক্ষত্রে যাইয়া ক্রুবগ্রহের সহিত মিলিত হইয়া স্বক্ষেত্র দেখিতেছেন ॥১৫॥

রাহু ধূমযুক্ত অগ্নির স্থায প্রস্কৃলিভ হইযা ইক্রদৈবত তেজস্বী নক্ষত্র জ্যেষ্ঠাকে আক্রমণ কবিয়া রহিয়াছে ॥১৬॥

পাওবানাং শুভং কৌরবাণাঞ্চ ভদভাবাদশুভ্যু ॥১৫॥

<sup>(</sup>১৭) ধ্ববং প্রজ্ঞলিতো ঘোর**স্**—রা নি।

বক্রানুবক্রং কৃত্বা চ শ্রবণং পাবকপ্রভঃ।
বন্ধবাশিং সমারত্য লোহিতাঙ্গো ব্যবস্থিতঃ ॥১৮॥
সর্ব্বশস্থপবিচ্ছনা পৃথিবী শস্থশালিনী।
পঞ্চশীর্ষা যবাশ্চাপি শতশীর্ষাশ্চ শালযঃ ॥১৯॥
প্রধানাঃ সর্ব্বলোকস্ম যাস্বাযন্তমিদং জগৎ।
তা গাবঃ প্রস্নুতা বংসৈঃ শোণিতং প্রক্ষবস্ত্যত ॥২০॥

### ভাবতকোমুদী

ধ্ব ইতি। প্রজ্ঞানতো ধ্রুবো নক্ষত্রবিশেষঃ, ঘোরমপ্সব্যং বামাবর্ত্তঞ্চ যথা স্থাত্তথা প্রবর্ত্ততে। তেন চামূনা মহামারী স্বচাতে। কিঞ্চ পরুষগ্রহঃ কেতৃঃ, চিত্রাস্বাত্যারস্তরে, বিষ্টিতঃ অবস্থিতঃ সন্, রোহিণীং নক্ষত্রন্, উভৌ শশিভাস্করে) চ পীড়রত্যেব। ততক্ষানেন গান্ধারীপ্রভূতীনাং নারীণাং ক্ষত্রিয়াণাং বৈশ্যানাঞ্চ পীড়া বাজ্যতে। বটুপাদোহরং শ্লোকঃ ॥১৭॥

বজেতি। কিঞ্চ পাবকপ্রভো লোহিতাকো মকলঃ, বক্রান্থবক্তং পুনঃ পুনর্বক্রগমনং ক্বখা, বন্ধণো বৃহস্পতে রাশিং "শ্রবণে চ বৃহস্পতিঃ" ইতি প্রাপ্তক্তখাৎ তৎকালীনভোগাশ্রথং মকর-রাশিং তেন ভূজ্যমানং শ্রবণং নক্ষত্রঞ্চ, সমাবৃত্য গভা, ব্যবস্থিতঃ। ততশ্চ ক্ষত্রিরেণ ব্যাহ্মণপীভনস্টনাৎ গ্রন্থজ্যমেন দ্রোণবধঃ স্চ্যতে ॥১৮॥

ইদানীং পুন: প্রকৃতিবিপর্যাসরূপমূৎপাতমাহ—সর্বেতি। তদানীং হেমস্ককালতাৎ সর্বৈঃ শক্তৈঃ পরিচ্ছনা আবৃতা। পঞ্চ শীর্ষাণি শিখা যেষাং তে। শতং শীর্ষাণি শিখা যেষাং তে চ, শালমো হৈমস্তিকধান্তানি। পঞ্চাদিশীর্ষত্মেবোৎপাতঃ ॥১৯॥

#### ভাবতভাবদীপঃ

নক্ষত্রমিতি যোজ্যম্ ॥১৬॥ গুরুমিতি। পুরুষগ্রহো রাহুরেকনক্ষত্রস্থে শশিভাস্করে পীড়যতি অপসব্যং সর্বাদা বক্রী সন্ সর্বতোভদ্রচক্রে বেধেন স্বাতীস্থঃ সন্ রোহিণীনক্ষত্রক্ষ পীড়য়তীত্যর্থঃ ॥১৭॥ বক্রেডি। তঠেরে সর্বতোভদ্রচক্রে মঘাস্থো গোহিডাঙ্গোহঙ্গারকো বক্রামুবক্রং ক্বতা পুনঃ পুনর্বক্রীভূয় ব্রহ্মণা বৃহস্পতিনাহক্রাস্তং রাশিং নক্ষত্রং আবণং সমাবৃত্য সম্যক্ পূর্ণদূষ্ট্যা বিদ্ধা ভিষ্ঠতি ॥১৮॥ পরিচ্ছনা আচ্ছাদিতা। পঞ্চনীর্ধাণি

উচ্ছল প্রবনক্ষত্র ভযক্ষরভাবে বামাবর্দ্তে চলিতেছে এবং কেন্তু চিত্রা ও স্বাতীনক্ষত্রেব মধ্যে থাকিয়া বোহিণীনক্ষত্রকে এবং চন্দ্র ও সূর্য্যকে পীড়ন কবি-তেছে ॥১৭॥

আব অগ্নিব স্থায় উচ্ছল মঙ্গলগ্ৰেহ বাব বাৰ বক্ৰ গমন কবিয়া বৰ্ত্তমান সমযে বৃহস্পতিব বাশি মকরে ও শ্ৰবণানক্ষত্ৰে যাইয়া অবস্থান কবিয়াছে ॥১৮॥

পৃথিবী সমস্ত শস্তে আবৃত হইয়া শস্তশালিনী হইয়াছেন বটে; কিন্তু বহু যবেবই পাঁচটা শিখা এবং অনেক ধান্তেরই শত শিখা হইয়াছে ॥১৯॥ নিশ্চেরবর্চিষশ্চাপাৎ খড়গাশ্চ জ্বলিতা ভূশম্।
ব্যক্তং পশ্যন্তি শস্ত্রাণি সংগ্রামং সমুপস্থিতম্ ॥২১॥
অগ্নিবর্ণা যথা ভাসঃ শস্ত্রাণামুদকস্ত চ।
কবচানাং ধ্বজানাঞ্চ ভবিশ্যতি মহাক্ষবঃ ॥২২॥
পৃথিবী শোণিতাবর্ত্তা ধ্বজোড় পুসমাকুলা।
কুর্বনাং বৈশসে বাজন্। পাওবৈঃ সহ ভারত।॥২৩॥
দিক্ষু প্রজ্বলিতাস্তাশ্চ ব্যাহবন্তি মুগদ্বিজাঃ।
অত্যাহিতং দর্শযন্তঃ ক্ষত্রিযাণাং মহন্ত্রম্ ॥২৪॥
একপক্ষাক্ষিচবণঃ শকুনিঃ খচবো নিশি।
বৌদ্রং বদতি সংবক্কঃ শোণিতং ছর্দিয়নিব ॥২৫॥
ভাষতকৌমদা

প্রধানা ইতি। যাস্থ আরত্তং তৃথ্যেন প্রমাণতাদ্ধীনন্। বৎসৈ: প্রস্কুতা: চোষণেনারুষ্ট-তৃগ্ধা অপি, শোণিতং প্রক্ষরন্তি নি:সারয়ন্তি। উতশক: পাদপ্রণে ॥২০॥

নিশ্চেক্রবিতি। অর্চিব: শিথা:। ব্যক্তং ধ্রুবন্ ॥২১॥

অগ্নীতি। যথা যতঃ, ভাদো দীপ্তয়: প্রদরম্ভি। ততো মহাক্ষযো ভবিন্ততি ॥২২॥

পৃথিবীতি। শোণিতানামেব আবর্তে। ভ্রমির্যস্তাং সা রক্তন্তোবহেতার্থঃ, ধ্বজা এব উডুপানি প্রবাক্তিঃ সমাকুলা ব্যাপ্তা। বৈশসে হিংসায়াং বৃদ্ধে ॥২০॥

দিক্ষি, ভি । প্রস্কলিতান্তা উজ্জলবদনাঃ, মৃগছিলাঃ পশুপক্ষিণঃ ॥২৪॥
ভাবতভাবদীপঃ

শিষীসদৃশানি যেবাং তে পঞ্চনীর্বা: ॥১৯—২২॥ শোণিতময়া আবর্ত্তাঃ যক্তাং রক্তপ্রবাহ-বতীত্যর্থঃ। অতএব ধ্বজা এব উড্পানি ক্তুনাবব্দৈঃ সমার্কা। বৈশসে বিরোধে

এই জগৎটাই যাহাদেব অধীন, সর্বলোকপ্রধান সেই গোসকল বৎসের চোষণের পবে বাঁট (বাণ) হইতে রক্ত নিঃসারণ করিতেছে ॥২০॥

ধনু হইতে শিখা নির্গত হইতেছে এবং তরবাবিগুলি সত্যস্ত হুলিতেছে , স্তুতরাং অন্ত্রগুলিও যেন নিশ্চযই যুদ্ধ উপস্থিতিব সম্ভাবনা করিতেছে ॥২১॥

অন্ত্র, জল, কবচ ও ধ্বজগুলিব বখন অগ্নিবর্ণ দীপ্তি প্রকাশ পাইতেছে, তখন মহামারীই হইবে ॥২২॥

ভরতনন্দন বাজা। পাণ্ডবগণের সহিত কৌববগণের যুদ্ধে পৃথিবীতে রক্তের স্রোত্ত বহিবে এবং তাহাতে ধ্বজগুলি ভেলা হউবে ॥২৩॥

উচ্ছলমুখ পশুপদ্দিগণ ক্ষত্রিযগণের জীবননাশক মহাভ্যের সূচনা করিতে গাকিং সবল দিকেই বব কবিহা বেডাইভেচে ৷২৭৷

<sup>(</sup>२०) द्वोक्तः नम्हि प्रकृतः स्मानिकः इभ्यन् वह—ि, ध्वानादिष्याः माणा व्यक्तानिमि । द्वोक्तः वस्यि मध्यमाः स्मानिकः इभ्यकि इ :—िन ।

শস্ত্রাণি চৈব রাজেন্দ্র ! প্রজ্বলন্তীব সংপ্রতি। সপ্তর্যীণামুদাবাণাং সমবচ্ছান্ততে প্রভা ॥২৬॥ সংবৎসবস্থাযিনো চ গ্রহো প্রজ্বলিতাবুর্ভো। বিশাখাযাঃ সমীপক্ষো ব্রহস্পতিশনৈশ্চরো ॥২৭॥

# ভারতকৌমুদী

একেতি। শকুনি: পক্ষী। সংরক্ধ ক্রুদ্ধঃ, ছদিয়ন্ বমন্ ॥२৫॥ শস্ত্রাণীতি। উদারাণাং বিশালাকতীনামপি, সমবচ্ছাগতে নক্ষত্রান্তরপ্রভয়া ॥২৬॥

সংবৎসরেতি। প্রজ্ঞানতো উজ্জ্বলো। অতএব দৃষ্টিগোচরাবিতি ভাব:। উভে বৃহস্ণতিশনৈশ্চরো গ্রহো, সংবৎসরস্থায়িনো চ একৈকিন্মন্ রাশো একৈকবৎসরান্নকালস্থায়নাবিপি, ইদানীং বিশাখায়াঃ সমীপত্নো জাতো। "বর্ষমেকং স্মরাচার্যাঃ" ইতি জ্যোতিবঁচনাদেকৈকিন্মন্ রাশো বৃহস্পতেরেকৈকবর্ষস্থায়িজং নিযত্য। "শনিঃ সার্দ্ধন্বরং বর্ষস্
ইতি জ্যোতিবঁচনাচ্ছনেরপি একৈকিন্মন্ রাশো একৈকবৎসরান্নকালস্থায়িত্মব্যাহতমেব।
কিন্তুন্মন্ বর্ষে "শ্রবণে চ বৃহস্পতিঃ" ইত্যানেন পূর্বেং বৃহস্পতের্মকরস্থায়িজং "ভগং নক্ষত্রমাক্রমা স্থাপুত্রেণ পীডাতে" ইত্যানেন চ শনেঃ সিংহগতজং নিবেদিত্য, ইদানীস্ক বিশাখাসমীপস্থতানিবেদনেন স্বাতীঘটিতত্বাস্থতানিবেদনাৎ স্থিতিবিনিয়ময়প উৎপাতো নিবেদিতঃ।
জ্যোতিবতত্বোজ্ঞশতপদ্চক্রাম্পারেণ বেধরূপো বোৎপাতঃ স্টিভঃ ॥২ ৭॥

#### ভারতভাবদীপঃ

॥২৩—২৪॥ ছর্দরন্ শ্রোভ্ণাং ক্লেশকরছেন রক্তবমনং কার্যন্নিব ॥২৫॥ শন্তাণি প্রভযা জনস্তীব ॥২৬॥ সংবৎসরেতি। পূর্বং শ্রবণস্থো বৃহস্পতির্ভগনক্ষত্রস্থঃ স্থাপুত্র ইত্যক্তং তার্ভৌ বিশাখাসমীপে তির্যাগ্ বেধেন শতপদে চক্রে বিশাখানক্ষত্রং বিধ্যত ইত্যর্থঃ। তথাছি— তন্মিংশ্চক্রে থুবেখো ইতি শ্রবণাস্ত্যপাদত্রয়ং বৃৎক্রমেণ বিশাখাগ্যপাদত্রয়েণ তিত্তে ইত্যনেন বিধ্যতে তৃতীযেন চতুর্থো দিতীরেন তৃতীয়ঃ প্রথমেন দিতীয় ইতি। তথা উত্তরাকজ্বস্থা অস্ত্যপাদত্রয়েণ টোপাপীত্রনেন ক্রমেণ তিত্তে ইতি বিশাখাগ্যপাদত্রয়ং তত্তিব চক্রে বিধ্যত

একপক্ষ, একনয়ন ও একচবণ একপ্রকার পক্ষী ক্রুদ্ধ হইয়া বাত্রিতে আকাশে বিচবণ করিতে থাকিয়া বক্ত বমন কবতই যেন ভযঙ্কর বব কবিতেছে॥২৫॥

বাজভোষ্ঠ। বর্ত্তমান সমযে সমস্ত অন্তাই যেন জ্বলিভেছে এবং বিশালাকৃতি সম্তর্মিগণের প্রভাও যেন জ্বতা নক্ষত্রের প্রভায আরুত হইতেছে ॥২৬॥

বৃহস্পতি ও শনি—এই চুইটা উচ্ছল গ্রহই এক এক বাশিতে এক এক বৎসবেব অন্যুনকালস্থায়ী হইয়াও বর্ত্তমানে বিশাখানক্ষত্রেব নিকটে আসিয়া রহিয়াছে (টীকা দ্রফীবা) ॥২৭॥

<sup>(</sup>২৬) গ্রহো তাত্রারুণনিভো প্রজ্ঞলম্ভাবিব স্থিতো। সপ্তর্বীণামূদারাণাং সমবচ্ছাত বৈ প্রভাম ॥—নি, প্রজ্ঞলম্ভীব সংযতি—পি। (২৭) বিশাধয়োঃ সমীপস্থো—নি।

চন্দ্রাদিত্যাবৃত্তো গ্রস্তাবেকাকা হি ত্রযোদশীম্। অপর্ববিণি গ্রহং যাতো প্রজাসংক্ষযমিচ্ছতঃ ॥২৮॥ অশোভিতা দিশঃ সর্ববাঃ পাংশুবর্ধিঃ সমন্ততঃ। উৎপাতমেঘা বোদ্রাশ্চ বাত্রো বর্ষন্তি শোণিতম্ ॥২৯॥ কৃত্তিকাস্থ গ্রহস্তীক্ষো নক্ষত্রে প্রথমে জ্বলন্। বপৃংস্থাপহবংস্তাসাং ধূমকেন্তুববস্থিতঃ। কৃত্তিকাং গীড়যংস্তীক্ষং নক্ষত্রং পৃথিবীপতে।॥৩০॥

### ভারতকৌমুদী

চক্রেতি। উভৌ চক্রাদিভ্যৌ, একাহা হি একেনৈব দিবসেন, ত্থোদশীং প্রাণ্য, রাহণা গ্রন্তৌ। অভএব অপর্কাণ পূর্ণিমামাবস্থাব্যতিরিক্তায়াং ত্রয়োদশ্যান্, গ্রহং রাহগ্রহণন্, যাতৌ প্রাপ্তৌ ভৌ চক্রাদিভ্যৌ, প্রস্থাসংক্ষরমেবেচ্ছতঃ ॥২৮॥

অশোভিতা ইতি। ধূলিবর্ষণং শোণিতবর্ষণঞ্চান্তভস্কসমত্যাশয়: ॥২৯॥

রুত্তিকামিতি। হে পৃথিবীপতে। তীক্ষা গ্রহা কেতৃ:, জ্ঞলন্ ধ্যকেতৃশ্চ, তাসাং প্রজানান্, বপৃংধি অপহরন্ তদপহরণং স্চয়ন্, ষথাক্রমং তীক্ষা নক্ষত্তে কৃত্তিকাং পীড্যন্ রুত্তিকাম্ম, প্রথমে নক্ষত্তে অধিক্রাঞ্চ অবস্থিত:। "থেতো গ্রহস্তথা চিত্রাং সমতিক্রম্য তিষ্ঠিতি" ইত্যনেন পূর্বাং কেতোল্পলান্থিতিং বিজ্ঞাপ্য ইদানীং ক্রত্তমেব বৃষ্প্রিতিবিজ্ঞাপনাত্ত্পাতঃ স্ফিতঃ। ষ্ট্পাদোহরং শ্লোকঃ ॥৩০॥

### ভারতভাবদীপঃ

ইতি তচ্চক্রবিদাং প্রত্যক্ষম্ ॥২ ৭॥ চক্রাদিত্যাবিতি। অপর্ববি পর্ব দর্শাখ্যং পঞ্চদশেহছি ভবতি একতিথিবৃদ্ধৌ বোডশে বা একতিথিক্ষয়ে চতৃর্দ্ধশে বাহ্নি ভবতি। তিথিবরক্ষমন্ত লোকেহত্যন্তমপ্রসিদ্ধ ইত্যপর্বনীতৃত্যকৃ। গ্রহং বাতে রাহ্নণা গ্রহণং প্রাপ্তো। এতদেব-প্রজ্ঞাসংক্ষয়হেতৃত্বেন শাস্ত্রে দৃষ্টমিত্যাহ—প্রজ্ঞেতি ॥২৮॥ অশোভিতা অমঙ্গলাঃ ॥২৯॥ চিত্রাস্বাত্যন্তরন্থঃ পক্ষবো গ্রহো রোহিনীং পীড্যতীতৃত্যক্তন্—তত্র চিত্রাংশে হিছা রোহিনী-মন্টাদশত্বেন সামৃদাযিকনক্ষত্রং পীড্যতি, স্বাত্যংশে হিছা ক্বত্তিকাং বোডশক্ষেন সাজ্যাতিক-নক্ষত্রং পীড্যতি, সর্বতোভদ্রচক্রে তথা দর্শনাৎ। তদেওদাহ—ক্বত্তিকামিত্যর্কেন। তীক্ষৈং ক্রেনিং কর্মভিক্পলক্ষিতো রাহ্বিত্যর্থঃ। ধ্যকেতৃমৃৎপাতবিশেবমন্ত্রক্যাবহিতাঃ ॥৩০॥

চন্দ্র ও সূর্য্য—এই তুইটা গ্রহই এবদিনে এক ত্রযোদশীতিথিতে বাহুগ্রস্ত হইযাছে। স্থৃতরাং উহাবা পূর্ণিমা ও অমাবস্তা ভিন্ন স্বন্ত তিথিতে গ্রস্ত হইযা লোকক্ষযই বামনা করিতেছে ॥২৮॥

সকল দিকেই ধূলিবর্ষণ হইতে থাকায় সকল দিক্ই বিশ্রী হইয়াছে এবং ভয়ত্বর ওৎপাতিক মেঘ সকল রাত্রিতে রক্ত বর্ষণ কবিতেছে ॥২৯॥

<sup>(</sup>৩০) পূর্বাপাদচতুই যং বা ব রা নি নান্তি। ङ्ग ভিকাং পীভয়ংগুটিয়েঃ—বা ব রা নি।

অভীক্ষং বাতা বায়ন্তে ধূমকেতুমবস্থিতাঃ। বিষমং বেদয়ন্ত্যেত আক্রন্দজননং মহৎ ॥৩১॥ ত্রিয়ু পূর্বেবয়ু সর্বেবয়ু নক্ষত্রেয়ু বিশাংপতে।। বুধঃ সম্পততেহভীক্ষণ জনযন্ ভয়যুক্তমম্॥৩২॥

# ভাবতকোমূদী

অভীক্ষমিতি। ধৃমকেতৃম্ ঔৎপাতিকং গ্রহং প্রতি অবস্থিতাঃ প্রবৃত্তাঃ, বাতা বাযবঃ, অভীক্ষং পুনঃ পুনঃ, বায়ন্তে বাস্তি। অতএব এতে বাতাঃ, মহৎ বিষমং ভগ্নস্বর্ম, আক্রন্দ-জননং রোদনোৎপাদনম্, বেদয়ন্তি স্চ্যন্তি ॥৩১॥

ত্রিষিতি। হে বিশাংপতে। নরনাথ। বৃধো গ্রন্থং, উত্তমং মহন্তরম্, জনয়ন্ স্টয়ন্, সর্বেষ্ ত্রিষ্ পূর্বেষ্ পূর্বেষজ্বনী-পূর্বাঘাঢা-পূর্বভাত্রপদেষ্ নক্ষত্রেষ্, অভীক্ষং পুনঃ পুনঃ, সম্পততে সঞ্চরতি। তেন চ "ভগং নক্ষত্রমাক্রম্য স্থ্যপুত্রেণ পীড়াতে" ইতি পূর্বেম্ক্রজাং প্রবিদ্ধল্পাং দক্ষারে তত্রভাশনিযোগেন "পাপযুক্তো বৃধঃ পাপঃ" ইতি জ্যোতির্বচনাৎ পাপগ্রহীভূতো বৃধঃ 'ষট্পাণিভে স্থ্রহতন্" ইতি সময়ায়তবচনাৎ প্রজানাং স্থ্রনাশং স্টয়তি পূর্বোঘাঢায়াং সঞ্চারে "হাদি সপ্তরাজ্যন্" ইতি তহ্বচনাৎ পাশুবরাজ্যলাভস্কচনেন কৌরবাগাং ভয়মেব বিদ্বতি, তথা পূর্বভাত্রপদে সঞ্চারে চ "নাভিন্তুভে বিভগনেতি ধনং বৃধস্তা" ইতি তত্রাভিধানাৎ কৌরবাগাং ভয়মেব জ্ঞাপ্যতীতি ভাবঃ। এতৎ প্রমাণাদিকং সময়ায়তে বৃধচক্রে দ্রন্থবাদ্ আমিন্ বচনে ত্রিষ্টিত স্থিতেইপি নীলকর্গেন নব নক্ষত্রাণ্যাদার কুতো বিস্তৃতং ব্যাখ্যাতং ত্র বয়ং জানীমহে॥২২॥

#### ভারতভাবদীপঃ

এতে বাষবং বিষমঃ বৈরং যুদ্ধমিতি যাবং ॥৩১॥ ত্রিম্বিতি। ত্রিম্বপি ছত্রেষ্ নরপতিবিজযপ্রোক্তেষ্ যথাংশিক্সাদিভির্নক্রৈরোদীচ্যস্তাশ্বপতেশ্ছত্রে চামরং কলশো বীণা ছত্রং
দণ্ডঃ পতদ্র্য্য আসনং শীলকং রজ্জুরি চ্যবয়বাঃ কল্পান্তে। এবং মঘাদিনবকেন প্রাচ্যস্ত গজপতেঃ। তথা মূলাদিনবকেন দক্ষিণস্ত নরপতেঃ। এবংবিধেষ্ ত্রিম্বপি ছত্রেষ্ তরাপি সর্বেষ্ নক্ষত্রেষ্ নাস্তি ক্ষত্রমেভিরিতি যোগেন ক্ষত্রবিরোধিষ্ নক্ষত্রেষ্ নক্ষত্রাণি চ তানি নক্ষত্রাণি ভানি তেষ্ ক্রোক্রান্তাদিনা ক্ষত্রিয়াভাবকরেষ্ নক্ষত্রেষ্। গৃধঃ পাপগ্রহঃ শীর্ষং কলশস্থানং সম্পত্তে তেন ছত্রেরস্ত তদন্তর্গতানামক্রেষ্প মাঞ্চলিকানাং রাজ্ঞাং নাশঃ স্বচাতে। তত্রৈবং সতি মঘাস্থ কুজোহন্তি তথা যদা ভগনক্ষত্রং পূর্ব্যকল্পনী তদা তত্রত্যঃ

কেতৃ ও উভ্জ্বল ধূমকেতৃ লোকক্ষয সূচনা কবিতে থাকিয়া যথাক্রমে তীক্ষ নক্ষত্র কৃত্তিকাকে পীড়ন করিয়া কৃত্তিকানক্ষত্রে ও অশ্বিনীনক্ষত্রে আসিয়া বহিয়াছে ॥৩০॥

বায়ু বার বার ধূমকেজুর দিকে বহিত হইতেছে; স্থতরাং এই বায়ু অতিভযঙ্কর রোদনেব সূচনা কবিতেছে ॥৩১॥

<sup>(</sup>৩২) · গৃধ্র: সম্পততে দ্শীর্ব—বা রা।

# চতুর্দ্দশীং পঞ্চদশীং কদাচিদপি ষোড়শীম্। ইমাস্ত নাভিজানামি ভূতপূর্ববাং ত্রযোদশীম্॥৩৩॥ ভারতকোমুদী

পূর্ব্বোক্তমেকস্থামেব এয়োদখাং চক্রমুর্য্যোভয়গ্রহণং প্রতি বিশ্বয়ং প্রকাশয়ন্ তস্থ মহানর্থ-সচকতামাহ দ্বাভাান্। চতুরিতি। একস্মাদ্ গ্রহণাৎ পঞ্চদশীং প্রায়েবৈর পূর্ণিমামমাবস্থাং বা কদাচিৎ একতিথিক্ষয়ে চতুর্দ্দশীন্, কদাচিদপি একতিথির্দ্ধৌ ষোডনীং তিথিং চক্রমুর্যান্ত-তরগ্রহণাপ্রযতয়া অভিজানামীতি শেষং। কিন্তু ইমাং এয়োদশীন্, ভৃতপূর্বাং চক্রমুর্যায়ো-কভরোরের গ্রহণাপ্রয়রপের জাতপূর্বাং নাভিজানামি, একস্মিয়ের পক্ষে তিথিদ্বফ্কমস্থ পূর্ব্ব-মজাতত্বাৎ একস্থামের তিথো তত্তয়গ্রহণস্থাজাতত্বাচেতি ভাবং ॥৩০॥

#### ভারতভাবদীপঃ

শনৈশ্চরোহ্বশ্যং যুদ্ধাদিনা গজপতের্মহদ্ভয়ং করিয়তি। যথোক্তং তত্তিব—''কলশস্থে ভবেদ্যুদ্ধং রণে রোগে মহন্ত্যম্। ঘাতপাতাদিকং সর্বং জায়তে নাত্র সংশযঃ॥" ইতি কলশস্থে শনৈশ্চরে ইতি শেষ:। তথা বিশাখান্তোষ্ঠে অপাত্রেব চ্ছত্রে ক্রুরবিদ্ধে ক্রাক্রান্তে বর্ত্তেতে ইতাবশ্যং গঙ্গপতেশ্ছত্রভন্ন:। এবং প্রথমছত্তেংপি ক্বতিকারোহিণ্যো: পুয়স্ত চ পীড়ান্ডি। তথান্তিমচ্ছত্রে শ্রবণপ্রোষ্ঠপদযোর্হস্পতিশুক্রো বর্ত্তেতে ইতি তথাপি তাবনিষ্টফলাবেব। এবং পূর্ব্বস্থ নিরন্থযো নাশ:। ইডরযোশ্ছত্রয়ো রাজনাশেহপি তৎপুত্রাণাং চ্ছত্রপ্রাপ্তিরন্তীতি বিশেষ:। তথা চ মধ্যমচ্ছত্তে মঘাস্থ ভৌম: স্বাত্যাং ক্র্যাচন্দ্ররাহ্বঃ পূর্বেস্থামূত্রস্থাং বা যদ্ধকাং শনৈশ্চরঃ বিশাখারাং বেধেন বৃহস্পতিশ্চান্তি তেষাং ধলং তত্ত্বৈবাক্তম্— "কুরগ্রহচতুদ্ধঞ্চ বুধচদ্রেণ সংযুত্ম। পূর্বচ্ছত্রবিনাশায় কথিতং পূর্বস্বয়ভিঃ॥" সিকুসাগ্রসদমাদ্গোদাবরীসাগ্রসদমপর্যান্তমেকা রেখা তদ্দক্ষিণে নরপতি:। তত কর্ণপ্রাবরণণর্য্যন্তং দিতীয়া তত্ত্তরে গঙ্গপতি:। তয়ো রেখয়োর্মধাে২শপতি:। হন্তিনাপুরস্ক ঈশানদেশস্থাদ্গদাঘারাৎ পূর্বভাগেহন্তীতি গব্দপতিচ্ছত্রান্তর্গতমেব। হরিদারস্ক দীপস্থাযেনাশ্বপতিগন্ধপত্যোরন্তর্গতমিতি তেন হস্তিনাপুরস্থানাং প্রাচ্যতাদত্যন্তং ক্ষমন্তবৈধব নরপতিবিজ্ঞাদর্শিনাং স্পষ্ঠন্। ঈশানদেশাঃ পাঞ্চালাদীনামপীতি। এতচ্চ প্রোক্তা:—"রেবতী অধিনী যাম্যে পাদে ঈশানগোচরে। গদাদারং কুকক্ষেত্রং শ্রীকণ্ঠং

নরনাথ! বুধগ্রহ গুকতর ভযের সূচনা করিতে থাকিষা পূর্ববফল্পনী, পূর্ববাষাচা ও পূর্ববভাত্রপদনক্ষত্রে বাব বাব সঞ্চাব কবিতেছে ॥৩২॥

প্রাযই পনর তিথিতে, একটা তিথির ক্ষয হইলে চহুর্দ্দশ তিথিতে এবং একটা তিথি বৃদ্ধি পাইলে ষোড়শ তিথিতে একটা গ্রহণ হইযা থাকে—ইহাই জানি; কিন্তু এক ত্রযোদশীতেই যে চন্দ্র ও সূর্য্য—উভযেরই গ্রহণ পূর্বের হইযাছে, ইহা জানি না ॥৩৩॥

<sup>(</sup>৩৩) ভৃতপূর্ব্বাঞ্চ বোডশীন্—বা ব রা নি, ইমান্ত নাভিন্ধানেংহমমাবন্তাং ত্রেদেশীন্—বা রা, নাভিন্ধানামি অমাবন্তাং ত্রোদশীন্—নি।

চন্দ্রস্ব্যাবুভো গ্রস্তাবেকাহা হি ত্রযোদশীম্।
অপর্বনি গ্রহেণৈতো প্রজাঃ সংক্ষপযিয়তঃ ॥৩৪॥
মাংসবর্ষং পুনস্তীব্রমাসীৎ কৃষ্ণচতুর্দ্দশীম্।
শোণিতৈর্বক্ত সম্পূর্ণা অভৃপ্তান্তত্রে বাক্ষসাঃ ॥৩৫॥
প্রতিস্রোভোবহা নদ্যঃ সরিতঃ শোণিতোদকাঃ।
ফেনাযমানাঃ কৃপাশ্চ নর্দন্তি রুযভা ইব ॥৩৬॥

# ভারতকোমুদী

চন্দ্রেতি। একাহা হি একেনৈব দিবসেন, একামেব ত্রয়োদশীং প্রাণ্য রাহণা উভাবেব চক্রহর্য্যো পূর্বং গ্রন্থো। অভএব অপর্বাণি পূর্ণিমামাবস্থাব্যতিরিক্ততিথো গ্রহেণ এতো চক্রহর্যো, প্রজা লোকান্, সংক্ষপযিয়ত: ॥৩৪॥

মাংসেতি। রুফ্চতুর্দ্দশীং প্রাপ্য। অতৃপা ভবিয়ন্তি, তত্র যুদ্ধে ॥০৫॥ প্রতীতি। প্রতিশ্রোতাংসি প্রতিকূলশ্রোতাংসি বছন্তীতি তা:। নর্দন্তি গর্জন্তি ॥০৬॥ ভারতভাবদীপঃ

হস্তিনাপুরন্। অশ্ববজ্রৈকপাদান্ট কর্ণপ্রাবরণান্তথা। বিনশ্বস্থি চ তে সর্ব্বে দেশাখীশান-গোচরে।" ইতি দিক্ ॥৩২॥ চন্দ্রাদিতাাব্ভৌ গ্রন্থাবিত্যেতেন শ্লোকেনোজমর্থং বিশদমতি ছাভ্যাং—চতুর্দশীমিতি। অষোদশীং অয়োদশানামহাং পুরণীন্ অমাবাস্থাং ভূতপূর্ব্বাং নাভিন্ধানে ন জানামি অভিভূমনা কালেনামং দুর্যোগ আগত ইতি ভাবং। একমাসীন্ একন্মিরের মাসে ভবাং পূর্বাং অয়োদশ্রাং রাত্রৌ পক্ষসমাপ্তা৷ স্থ্যগ্রহণমেবোজন্, ইদানীম্ব একন্মিরাদে চন্দ্রং পূর্বমাস্থাং রাহণা গ্রহণে গ্রন্তঃ স্র্য্যোহমাবাস্থাযাং যদা স্র্য্যো গ্রন্তম্বদা চল্লোহপি গ্রন্থ এব। দর্শে তথােঃ সংহতত্বাৎ ॥৩০॥ অপর্ববিতি। লোকপ্রসিদ্ধপর্বণীতি পূর্ববৎ জ্রেমন্ ॥৩৪—৩৫॥ প্রতিশ্রোতসাে মহানত্বঃ বিপরীতপ্রবাহাঃ। বিভক্তিলোপ আর্বঃ। বিশেষণং বিশেষণে বহলমিতি সমাসাে বা ক্রিয়াবিশেষণং বা। কৃপা জলাশরাঃ। কৃদ্ধিন্ত

একদিনে আবার এক ত্রযোদশীতিথিতে চন্দ্র ও সূর্য্য—এই চুইটা গ্রাহই বাছগ্রস্ত হইযাছিল; স্থতবাং পূর্ণিমা ও অমাবস্থা ভিন্ন অন্থ তিথিতে গ্রাহণ হওযায ঐ চন্দ্র ও সূর্য্যই লোকক্ষয় করিবেন ॥৩৪॥

আবাব গত কৃষ্ণপক্ষেব চতুর্দিশীতে গুক্তর মাংসর্প্তি হইযাছিল , স্ক্তরাং সেই যুদ্ধে রাক্ষসেবা রক্তদ্বাবা মুখ পূর্ণ কবিয়াও তৃপ্ত হইবে না ॥৩৫॥

নদীগুলির স্রোভ প্রতিকূলভাবে চলিভেছে এবং সেগুলির জল রক্তবর্ণ হইযাছে, আব কৃপগুলি ফেন উদ্গার কবিতে থাকিয়া ব্রবের স্থায় গর্জ্জন কবিতেছে ॥৩৬॥

<sup>(</sup>৩৪) · একপক্ষে ত্রোদশীন্-পি, একমাসীং ত্রযোদশীন্-বা রা, সংক্ষযমিয়তঃ-পি বা। (৩৬) প্রতিযোতো মহানতঃ···বা ব রা,—কুদিন্তি বৃষভা ইব—বা ব রা নি।

পতন্ত্যক্ষাঃ দনির্ঘাতাঃ শক্রাশনিসমপ্রভাঃ।
অন্ত চৈব নির্পাং ব্যুক্টামনযং সমবাক্ষ্যথ ॥৩৭॥
বিনিঃস্বত্য মহোল্কাভিন্তিমিবং দর্ববতো দিশম্।
অন্তোন্তমুপতিষ্ঠন্তিন্তত্র চোক্তং মহর্ষিভিঃ।
ভূমিপালসহস্রাণাং ভূমিঃ পাস্ততি শোণিতম্ ॥৩৮॥
কৈলাসমন্দবাণান্ত তথা হিমবতো গিবেঃ।
সহস্রশো মহাশব্দং পতন্তি শিখবাণি চ ॥৩৯॥
মহাভূতা ভূমিকম্পে চত্বাবঃ সাগবাঃ পৃথক্।
বেলামুদ্বর্ত্যন্তীব ক্ষোভ্যন্তো বস্তন্ধরাম্ ॥৪০॥

### ভারতকোমুদী

পতস্তীতি। বাযুহতবাযুপাতো নির্ধাত:। বৃষ্টাং প্রভাতাম্, অনরং ছ্নীতিফলম্ ॥০৭॥
বিনিরিতি। সর্বতো দিশং ব্যাপ্য স্থিতং তিমিরং হতমিতি শেষ:। উপতিষ্ঠিত্তি:
উপাগচ্ছত্তি:, তত্র তদানীম্। কিম্ক্রমিত্যাহ—ভূমীতি। বট্পাদোহয়ং শ্লোক: ॥০৮॥
কৈলাসেতি। বহুবচনাদক্ষেষামপি গিরীণাং গ্রহণম্। শিধরাণি শৃঙ্গাণি ॥০৯॥
মহেতি। মহাভূতা উদ্বেলনাং স্ফীতীভূতা:। বেলাং তীরম্, উদ্বর্জয়ন্তি অভিক্রামন্তি॥৪০॥

্ক্রীডস্তি বাতৈঃ ক্ষ্ভ্যস্ত ইত্যর্থ: ॥৩৬॥ অনয়ন্ অনীতিফলন্ ॥৩৭॥ মহোক্বাভিঃ দীপাভাবাৎ শণকাষ্ঠজালযা রাক্রো বিনিঃস্ত্য গৃহাৰহির্নির্গত্য ॥৩৮॥ মহাশব্য ক্রিয়ত ইতি শেষঃ ॥৩৯॥ মহাভূতা বৃদ্ধীভূতাঃ অভূততদ্ভাবে মহচ্ছবাদ্ভবতো পরে ডাচ্। মর্য্যাদামূল্লজ্যিতবস্ত ইবেত্যর্থঃ

ভারতভাবদীপঃ

ইন্দ্রের বজ্রের ভূল্য প্রভাশালী ও নির্ঘাতযুক্ত উল্ধা সকল পতিত হইতেছে; অতএব আজ বাত্রিপ্রভাতেই তোমবা তুর্নীতির ফল লাভ কবিবে ॥৩৭॥

বিশাল উল্কা সকল আকাশ হইতে নির্গত হইয়া সকল দিকেব অন্ধকাব নই করিতেছিল। তখন মহর্ষিবা পবস্পার পরস্পারের নিকট যাইয়া বলিয়াছেন যে, "পৃথিবী সহস্র সহস্র রাজার রক্ত পান কবিবেন" ॥৩৮॥

কৈলাস, মন্দর ও হিমালয়প্রভৃতি পর্বতেব সহস্র সহস্র শৃঙ্গ মহাশব্দে ভগ্ন হইযা পতিত হইতেছে ॥৩৯॥

ভূমিকম্পের সমযে চাবিটা সমুদ্রই স্ফাত হইযা পৃথিবীকে সঞ্চালিত কবিযা পৃথক্ পৃথক্ ভাবেই যেন তীবভূমি অভিক্রম কবিতেছে ॥৪০॥

<sup>(</sup>৩৭) বৃষ্টাং মৃগাঙ্কো ভানুনা হত:—পি। (৩৮) বিনাশিতং মহোক্বাভি:—পি। (৩২) কৈলাসমন্দারাভ্যান্ত তথা হিমবতো বিভো।—বা ব রা নি।

বৃক্ষাসুন্মথ্য বাস্ত্যপ্রা বাতাঃ শর্করকর্ষিণঃ।
আভগ্নাঃ স্থমহাবাতৈরশনীভিঃ সমাহতাঃ॥৪১॥
বৃক্ষাঃ পতন্তি চৈত্যাশ্চ গ্রামেষু নগবেষু চ।
নীললোহিতপীতশ্চ ভবত্যগ্নিহু তো দ্বিজঃ॥৪২॥
বামার্চিহ্র ইগন্ধশ্চ মুঞ্চন্ বৈ দারুণং স্বনম্।
স্পর্শা গন্ধা রসাশ্চেব বিপরীতা মহীপতে।॥৪৩॥ (যুগ্মকম্)
ধূমং ধ্বজাঃ প্রমুঞ্জি কম্পমানা মুহুর্মুহঃ।
মুঞ্জ্যঙ্গারবর্ষঞ্চ ভের্যাশ্চ পটহাস্তথা॥৪৪॥
শিথরাণাং সমৃদ্ধানামুপবিষ্টাৎ সমন্ততঃ।
বাযসাশ্চ রুবস্ত্যগ্রং বামং মণ্ডলমাশ্রিতাঃ॥৪৫॥

# ভারতকৌমুদী

বৃক্ষানিতি। শর্করকর্ষিণঃ স্থূলবালুকোখাপিনঃ। অশনীভির্বজ্ঞৈঃ ॥৪১॥
বৃক্ষা ইতি। চৈত্যা যজ্ঞগৃহাঃ। বামার্চিঃ বামার্বর্ত্তন গতশিখঃ ॥৪২—৪৩॥
ধুমমিতি। কম্পমানা বাডাগ্রভাবেহপি। ভের্যঃ পটহাস্চ বাগ্যবিশেষাঃ ॥৪৪॥
শিধরাণামিতি। সমৃদ্ধানাং রত্বাগ্যলম্কতানাম্, শিধরাণাং সৌধশিরসাম্ ॥৪৫॥

#### ভারতভাবদীপঃ

॥৪০॥ অশনীভি: "অশনির্দ্ধাে:" ইতি কোশাৎ স্ত্রীত্বন্ ॥৪১—৪৪॥ শিধরাণাং ক্রমাগ্রাণান্। "শিধরোহস্ত্রী ক্রমাগ্রে চ" ইতি মেদিনী ॥৪৫॥ পকাপক্তেতি বিনশাভিম্থানাং পরস্পরং যুদ্ধমিতি "পকং পরিণতেহপি স্থাদিনাশাভিম্থে ত্রিষ্" ইতি মেদিনী। পকাপকেতি পক্ষি-

কঙ্করাকর্ষণকারী ভযঙ্কর বাযু সকল বৃক্ষসমূহকে আলোডিত করিয়া বহিত হইতেছে এবং অত্যন্ত বাযু ও বজ্রের আঘাতে বৃক্ষ সকল ভগ্ন হইতেছে ॥৪১॥

রাজা। প্রামে ও নগবে বৃক্ষ ও যজ্ঞগৃহ সকল পডিয়া যাইতেছে, ব্রাক্ষণেরা আহুতি দিলে পর অগ্নি ভয়ঙ্কর শব্দ করিয়া নীল, রক্ত ও পীতবর্ণ হইতেছে এবং তাহার শিখা বামাবর্ত্তে চলিতেছে ও তুর্গন্ধ বাহির হইতেছে। আব স্পর্শ, গন্ধ ও রস বিপরীত হইয়া গিয়াছে ॥৪২—৪৩॥

ধ্বজগুলি বার বার কম্পিত ইইয়া ধূমোদ্গার করিতেছে এবং ভেবী ও ঢকা অঙ্গারবর্ষণ করিতেছে ॥৪৪॥

কাকসমূহ সমৃদ্ধ অট্টালিকার উপরে সকলদিকে বামমগুলে বসিয়া ভয়ঙ্কর রব কবিতেছে ॥৪৫॥

<sup>(88) ·</sup> মৃ্ফন্তাঙ্গারবর্ধাণি—পি।

পকাপকেতি স্নভূশং বাবাশ্যন্তে বযাংসি চ।
নিলীয়ন্তে ধ্বজাগ্রেয়ু ক্ষয়ায় পৃথিবীক্ষিতাম্ ॥৪৬॥
ধ্যায়ন্তঃ প্রকিবন্তশ্চ ব্যালা বেপথুসংযুতাঃ।
দীনাস্তবঙ্গমাঃ সর্বের বাবণাঃ সলিলাশ্রযাঃ ॥৪৭॥
এবংবিধং তুর্নিমিত্তং ক্ষয়ায় পৃথিবীক্ষিতাম্।
ভৌমং দিব্যঞ্চান্তরিক্ষং ত্রিবিধং জায়তেহনিশম্ ॥৪৮॥
এতচ্ছ দ্বা ভবানত্র প্রাপ্তকালং ব্যবস্থাতাম্।
যথা লোকঃ সমুচ্ছেদং নায়ং গচ্ছেত ভাবত।॥৪৯॥

বৈশস্পায়ন উবাচ। পিতুর্বচো নিশম্যৈতদ্ধ তবাষ্ট্রোহব্রবীদিদম্। দিষ্টমেতৎ পুরা মন্মে ভবিষ্যতি নরক্ষয়ঃ॥৫০॥

# ভারতকোমুদী

পকেতি। পর্কা বিনাশাভিম্থা লোকসংহতিরিতি শেষঃ, "পরুং পরিণতে নাশাভিম্থে" ইতি হেমচন্দ্রঃ। বাবাশ্যন্তে পুনঃ পুনঃ শন্দায়ন্তে, বরাংসি পক্ষিণঃ ॥৪৬॥

ধ্যায়ন্ত ইতি। প্রকিরন্তঃ বিষ্ঠাং মৃত্রঞ্চ বিস্তদন্তঃ, ব্যাশা তুইহন্ডিনঃ ॥৪৭॥

এবমিতি। ভৌমং কম্পাদি, দিব্যং গ্রহবিনিয়মাদি, আন্তরিক্ষম্ উত্কাপাতাদি ॥৪৮॥

এতদিতি। প্রাপ্তকালং কালোচিতং কার্য্যন্, ব্যবস্থতাং কর্ত্তুং চেষ্টতাম্ ॥৪৯॥

পিতৃরিতি। নরক্ষণো ভবিশ্বতি, তদেতৎ দিষ্টং দৈবমিতি পুরৈব মন্তে ॥৫ •॥

বহুতর পক্ষী অনবরত 'পকা' 'পকা' এইবপ গুকুতব রব কবিতেছে এবং তাহার। যাইযা রাজাদের ক্ষযের জন্ম তাঁহাদেব ধ্বজের উপরে বসিতেছে ॥৪৬॥

চুষ্ট হস্তী সকল নয়ন মুদ্রিত কবিষা বিষ্ঠা ও মূত্র ত্যাগ করিতে থাকিয়া কম্পিত হইতেছে, সমস্ত সম্মই বিষণ্ণ হইযাছে এবং অক্যান্য হস্তী যাইয়া জলে মগ্ন হইযাছে ॥৪৭॥

বাজাদেব ধ্বংসের জন্ম এইবাপ ভৌম, দিব্য ও আন্তরিক্ষ ত্রিবিধ হুর্লাক্ষণই অনবরত হইতেছে ॥৪৮॥

ভবতনন্দন! ভূমি এই সমস্ত শুনিয়া এখনই কালোচিত কার্য্য করিবার চেফা কর; যাহাতে এই লোকগুলি একেবাবে উচ্ছেদ না পায়" ॥৪৯॥

বৈশম্পায়ন কহিলেন—ধৃতবাষ্ট্র, পিতা বেদব্যাসের এই সকল কথা শুনিয়া

<sup>(</sup>৪৮) অবং শ্লোকঃ পি বা ব রা নান্তি। (৪৯) অস্মাৎ পরন্ অধ্যায়সমাপ্তিঃ পি। (৫০) ভবিশ্বতি ন সংশয়:—পি।

ক্ষত্রিযাঃ ক্ষত্রধর্মেণ যদি বধ্যন্তি সংযুগে। বীবলোকং সমাসাত স্থং প্রাপ্স্যন্তি কেবলম্ ॥৫১॥ ইহ কীর্ত্তিং পরে লোকে দীর্ঘকালং মহাস্থখম্। প্রাপ্স্যন্তি পুরুষব্যাদ্রাঃ প্রাণাংস্ত্যক্ত্বা মহাহবে ॥৫২॥

বৈশম্পায়ন উবাচ।

এবং মুনিস্তথেত্যুক্তঃ কবীন্দ্রো বাজসত্তম ।

ধুতবাষ্ট্রেণ পুত্রেণ ধ্যানমন্বগমৎ পবম্ ॥৫৩॥

স মুহূর্ত্তং তথা ধ্যাত্বা পুনবেবাব্রবীদ্বচঃ।

অসংশযং পার্থিবেক্ত । কালঃ সংক্ষযতে জগৎ ॥৫৪॥

### ভারতকোমুদী

ক্ষত্রিয়া ইতি। বধ্যন্তি বধ্যন্তে, সংযুগে যুদ্ধে। বীরলোকং বর্গন্ ॥৫১॥
ইহেতি। ইহ লোকে। মহাহবে মহাযুদ্ধে ॥৫২॥
এবমিতি। পুত্রেণ খুতরাষ্ট্রেণ এবমুক্তো মুনিস্তথেত্যুক্ত্বেতি শেষ:। অন্তগমদকরোৎ ॥৫০॥
স ইতি। স মুনি:। সংক্ষরতে সংক্ষণশ্বতি। সক্ষকত্বমার্ধন্ ॥৫৪॥

### ভাৰতভাবদীপঃ

ক্ষতামুকরণং বাবাগ্যন্তে অতিশয়েন শবাং কুর্বস্থি ॥৪৬॥ প্রকিরস্তঃ শক্ষন ত্রমিতি শেষঃ। ব্যালাঃ চুষ্টহন্তিনঃ দলিলাশ্ররাঃ অত্যন্তং প্রন্থেকযুক্তাঃ ॥৪৭—৫২॥ মুনিঃ এবং তথেত্যুক্ত্বেতি সম্বন্ধঃ। ধৃতরাষ্ট্রেণ হেতুনা তদর্থমিত্যর্থঃ। ধ্যানং চিন্তাম্ ॥৫৩॥ সংক্ষতে ক্ষীণাতি

এই কথা বলিলেন—"লোকক্ষয হইবে—এইরূপ দৈবই যে বহিষাছে, ইহা আমি পূর্বেবই মনে কবিয়াছি ॥৫০॥

ক্ষত্রিযেবা যদি ক্ষত্রিযধর্ম অনুসাবে যুদ্ধে নিহত হন, তবে তাঁহারা বীরলোকে যাইযা নিববচ্ছিন্ন স্থুখ ভোগ কবিবেন ॥৫১॥

পুক্ষপ্রেষ্ঠেবা মহাযুদ্ধে প্রাণত্যাগ করিয়া ইহলোকে কীন্তি এবং পবলোকে মহাস্থুখ লাভ করিবেন" ॥৫২॥

বৈশম্পায়ন বলিলেন—রাজশ্রেষ্ঠ ! পুত্র গ্রন্তরাষ্ট্র এইরূপ বলিলে, কবিজ্ঞেষ্ঠ বেদব্যাস 'তাহাই হউক' এই কথা বলিয়া বিশেষকপে ধ্যান কবিলেন ॥২৩॥

বেদব্যাস সেই ভাবে কিছুকাল খ্যান করিয়া পুনরায এই কথা বলিলেন— "রাজভ্রেষ্ঠ! নিশ্চযই কাল জগৎ সংহাব কবে ॥৫৪॥

<sup>(</sup>৫১) রাজান: ক্ষত্রধর্ম্থেণ—বা ব রা নি। (৫২) মহৎ স্থেম্—বা ব রা নি। (৫৩) এবং মুনিস্তথেত্যুক্ত্বা—বা ব রা নি। (৫৪) কাল: সংক্ষিপতে জগৎ—পি।

স্কতে চ পুনর্লোকান্ নেহ বিছাতি শাশ্বতম্।
জ্ঞাতীনাং বৈ কুবাণাঞ্চ সম্বন্ধিস্কলাং তথা ॥৫৫॥
ধর্ম্মাং দর্শয পন্থানং সমর্থো হৃদি বাবণে।
ক্ষুদ্রং জ্ঞাতিবধং প্রান্থর্মা কুরুষ মমাপ্রিযম্ ॥৫৬॥ (যুগ্মকম্)
কালোহযং পুত্ররূপেণ তব জাতো বিশাংপতে!।
ন বধঃ পূজ্যতে বেদে হিতং নৈব কথঞ্চন ॥৫৭॥
হন্মাৎ স এনং যো হন্মাৎ কুলধর্ম্মং সনাতনম্।
কালেনোৎপথগন্তাসি শক্যে সতি যথাপদি ॥৫৮॥
কুলস্মাস্থা বিনাশায় তথৈব চ মহীক্ষিতাম্।
অনর্থো রাজ্যরূপেণ তব জাতো বিশাংপতে। ॥৫৯॥

### ভাবতকোমূদী

স্ত্রত ইতি। ইছ কিমপি বস্তু শার্থতং চিরস্থায়ি, ন বিছতি ন বিছতে। ধর্মাননপেতং ধর্ম্যন্। কুদ্রং নির্ম্থন্। মম অপ্রিমং তং জ্ঞাতিবধং মা কুরুষ ॥৫৫—৫৬॥

কাল ইতি। বধো হিংসা, ন পূজাতে "মা হিংস্তাৎ সর্বা ভূতানি" ইতি শ্রুতে: ॥৫ ৭॥ হক্তাদিতি। যং সনাতনং কুলধর্মং হস্তাৎ, স কুলধর্ম এব এনং তং হতাৎ। যথা আপদি, তথা শক্যে সতি সম্পদীতার্থঃ, কালেন হেতুনা অমূৎপথগন্তাসি ॥৫৮॥

#### ভারতভাবদীপঃ

॥৫৪—৫৫॥ ধর্ম্মাং ধর্মাদনপেতং পদানম্, দেশয নিক্ষয় ॥৫৬॥ অয়ং তুর্য্যোধন: ॥৫৭॥ স ধর্ম:, এনং ধর্মাহস্কারম্, শক্যেহনাপদি সত্যাং কিমর্থমাপদীব উন্মার্গগামী ভব্সীতার্থঃ

আবাব কালই জগৎ স্থান্তি কবে, স্থান্তরাং এই পৃথিবীতে কোন বস্তুই চিরস্থান্তী নহে; অতএব ভূমি জ্ঞাতি কোরবগণকে, সম্বন্ধিগণকে ও স্থান্থগণকে ধর্মসঙ্গত পথ দেখাও। কারণ, ভূমি এই যুদ্ধ নিবাবণ করতে সমর্থ। ওদিকে মহর্ষিরা জ্ঞাতিবধটাকে নিকৃষ্ট কার্য্য বলেন। স্থাতরাং ভূমি আমাব অপ্রিয় সেই জ্ঞাতিবধ করিও না ॥৫৫—৫৬॥

রাজা। এই কালই তোমার পুত্রকপে জন্মিযাছে। বেদে হিংসার প্রশংসা করে না। কারণ, হিংসা কোন প্রকাবেই হিত কবে না ॥৫৭॥

যে লোক সনাতন কুলধর্ম্ম নফ্ট কবে, তাহাকে সেই কুলধর্ম্মই নফ্ট করে।
রাজা। তুমি কালের প্রভাবেই বিপদেব তাায সম্পদেও বিপথেই চলিযাছ ॥৫৮॥
নবনাথ। এই বংশ ও বাজগণেব বিনাশেব জতাই রাজ্যকপে তোমার অনর্থ

জিন্মথাছিল ॥৫৯॥

<sup>(</sup>৫৮) বুলধর্ম্ম হিকাং তর্ম্—বা ব রানি। ভীম-৩(১৭)

লুপ্তধর্মা পরেণাসি ধর্মাং দর্শয় বৈ স্থতান্।
কিন্তে রাজ্যেন তুর্দ্ধর্য! যেন প্রাপ্তোহসি কিল্পিষম্ ॥৬০॥
যশো ধর্মাঞ্চ কীর্ত্তিঞ্চ পালয়ন স্থর্গমাক্ষ্যসি।
লভন্তাং পাণ্ডবা বাজ্যং শমং গৃচ্ছস্ত কৌববাঃ ॥৬১॥
এবং বদতি বিপ্রেন্দ্রে ধৃতবাষ্ট্রেইফিকাস্থতঃ।
আক্ষিপ্য বাক্যং বাক্যজ্যে বাক্যঞ্চৈবাত্রবীৎ পুনঃ ॥৬২॥
ধৃতরাষ্ট্র উবাচ।

যথা ভবান্ বেত্তি তথৈব বেত্তা ভাবাভাবো বিদিতো মে যথার্থম্। স্বার্থে হি সংমুহুতে তাত। লোকো মাঞ্চাপি লোকাত্মকমেববিদ্ধি ॥৬৩॥

# ভারতকোমুদী

কুলস্মেতি। অনর্থো বিপৎ ॥৫১॥

পুপ্তেতি। পরেণ অতিশয়েন পুপ্তধর্মাদি। কিবিষং পাপন্॥৬०॥

यम इंडि। পাनग्रन् क्रायानित्रांना । स्मार ब्राव्हार्कालातन सांखिम्॥७১॥

এবমিতি। বিপ্রেক্তে ব্যাদে। আক্ষিপ্য বাধিতা, বাক্যং ব্যাস্ত্র ॥৬২॥

যথেতি। বেন্তা অহমপি শুভাশুভরোজ্ঞাতা, ভাবাভাবৌ সম্পদিপদৌ ॥৬০ঃ

#### ভারতভাবদীপঃ

॥৫৮—৫৯॥ পরেণ অভিশয়েন॥৬০—৬১॥ আক্ষিপ্য বাক্যং ক্রবতীতি সম্বন্ধঃ॥৬২॥ বেত্তা জ্ঞাতাহস্মীতি শেষ:। ন ভাবাভাবৌ স্থিতিবিনাশৌ পরেষাং স্বেষাঞ্চ॥৬৩॥ গতিঃ পরার্বং

পুত্রগণকে ধর্মা দেখাও। তোমার বাজ্য দিয়া কি হইবে, যাহাতে ভুমি পাপী হইতেছ ॥৬০॥

তুমি যশ, কীর্দ্তি ও ধর্ম্ম বক্ষা করিয়া স্বর্গ লাভ করিবে; অতএব পাণ্ডবেরা রাজ্য লাভ ককক, আব কোববেরা শাস্ত হউক"॥৬১॥

বেদব্যাস এইরূপ বলিভে লাগিলে, বাক্যবিৎ অম্বিকানন্দন গ্নতরাষ্ট্র তাঁহাব বাক্যে বাধা দিযা পুনবায এই বাক্য বলিলেন ॥৬২॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"পিতা। আপনি যেমন মঙ্গল ও অমঙ্গলের বিষয় জানেন, আমিও তেমনই সে বিষয় জানি এবং সম্পদ্ ও বিপদেব বিষয়ও আমাব যথার্থকপেই জানা আছে; কিন্তু মানুষ স্বার্থে মুগ্ধ হইবা থাকে; স্থতরাং আমাকেও মানুষ বলিয়াই জানুন ॥৬৩॥

<sup>(</sup>৬১) ইতঃ পরম্ 'বৈশপায়ন উবাচ'—নি। (৬২) এবং ক্রুবভি—বা ব রা নি, প্রশস্ত বাক্যম্—নি। (৬৩) · ষ্থাথোঁ—বা ব রা নি।

প্রসাদযে ত্বামতুলপ্রভাব। ত্বং নো গতির্দর্শবিতা চ ধীব।। ন চাপি তে মদ্বশগা মহর্ষে। ন চাধর্মং কর্ত্তুমহা মতির্মে ॥৬৪॥

ত্বং হি ধর্মপ্রবৃত্তিশ্চ যশঃ কীর্ত্তিশ্চ ভারতী।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ মান্তশ্চাপি পিতামহঃ ॥৬৫॥
ব্যাস উবাচ।

বৈচিত্রবীর্য্য । নৃপতে । যতে মনসি বর্ত্ততে । অভিধৎস্ব যথাকামং ছেতাস্মি তব সংশ্যম্ ॥৬৬॥ ধ্বতরাষ্ট্র উবাচ ।

যানি লিঙ্গানি সংগ্রামে ভবন্তি বিজযিয়তাম্। তানি সর্ব্বাণি ভগবন্। শ্রোভূমিচ্ছামি তত্ত্বতঃ ॥৬৭॥ ব্যাস উবাচ।

প্রসন্নভাঃ পাবক উদ্ধিবশ্যিঃ প্রদক্ষিণাবর্ত্তশিখো বিধৃমঃ। পুণ্যা গন্ধাশ্চাহুতীনাং প্রবান্তি জয়বৈশুতদ্ভাবিনো রূপমাহুঃ॥৬৮॥

# ভারতকোমুদী

প্রেতি। নং অম্মাক্ম, দর্শয়িতা সংপথস্থা। তে মংপুত্রা: ॥৬৪॥
স্বামিতি। ধর্মপ্রস্থাতিস্তস্থা: কারণন্। এবমস্ত্রাপি। ভারতী ভরতবংশসম্বন্ধিনী।
কুরণাং হুর্য্যোধনাদীনাম্॥৬৫॥

সম্ভয়নুবাচ—বৈচিত্রেতি। অভিধৎস্ব ক্রহি, ছেত্তাম্মি অপনেয়ামি ॥৬৬॥ যানীতি। লিম্বানি পূর্বস্বচকচিহ্নানি। বিজয়িয়তাং বিজয়েমাণানাম্॥৬৭॥

হে অতুলনীযপ্রভাব! জ্ঞানিশ্রেষ্ঠ। মহর্ষি! আমি আপনাকে প্রসন্ন করিতেছি; আপনি আমাদেব গতি এবং উপদেষ্টা। সে পুত্রেবাও আমার বশীভূত নহে, আবাব আমাব বৃদ্ধিও অধর্ম্ম করিবাব যোগ্য নহে ॥৬৪॥

আপনি ভবতবংশীযগণের ধর্দ্মপ্রবৃত্তি, যশ ও কীর্ন্তিব কাবণ এবং আপনিই ধার্ত্তরাষ্ট্রগণ ও পাগুবগণের মাননীয় পিতামহ" ॥৬৫॥

বেদব্যাস বলিলেন—"বিচিত্রবীর্য্যনন্দন বাজা। তোমার মনে যাহা আছে, ইচ্ছানুসারে তাহা বল ; আমি তোমার সংশ্য দূর কবিব" ॥৬৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"ভগবন্। যুদ্ধে জয়লাভেব যেগুলি পূর্ববলক্ষণ, সেই সকল লক্ষণ আমি যথাযথকপে শুনিতে ইচ্ছা করি"॥৬৭॥

(৬৪) -- অতুলপ্রভাবন্ -- ধীরঃ অহা হি মে নতি:—বা ব রা নি, ন চাপি তে বশগা মে স্থাশ্চ—নি। (৬৫) জং হি ধর্মঃ পবিত্রঞ্চ নশঃ কীর্ভির্গ তিঃ স্ফ তিঃ—নি। (৬৬) বৈচিত্রবীর্যাদায়াদ!—পি, তত্র সংশয়ন্—নি। গম্ভীরখোষাশ্চ মহাস্থনাশ্চ শদ্মা মৃদঙ্গাশ্চ নদন্তি যত্ত্ৰ।
বিশুদ্ধবিশিস্তপনঃ শশী চ জয় সৈতত্তাবিনো রূপমাহুঃ ॥৬৯॥
ইফা বাচঃ প্রস্থতা বাষদানাং সংপ্রস্থিতানাঞ্চ গমিয়তাঞ্চ ।
যে পৃষ্ঠতন্তে ত্বরয়ন্তি রাজন্ । যে চাগ্রতন্তে প্রতিষেধ্যন্তি ॥৭০॥
কল্যাণবাচঃ শকুনা রাজহংসাঃ শুকাঃ ক্রোঞ্চাঃ শতপত্রাশ্চ যত্ত্র ।
প্রদক্ষিণাশ্চৈব ভবন্তি সংখ্যে ধ্রুবং জয়ন্তত্ত্ব বদন্তি বিপ্রাঃ ॥৭১॥
অলঙ্কারেঃ কবচৈঃ কেতুভিশ্চ স্থাপ্রণাদের্হেষিতৈর্বা হ্যানাম্ ।
ভাজিম্বতী ত্বপ্রতিবীক্ষণীয়া যেষাং চমুন্তে বিজয়ন্তি শক্রন্ ॥৭২॥

### ভারতকোমুদী

প্রসরেতি। প্রসন্না নির্মালা ভা দীপ্তির্যস্ত সং। পুণ্যা: পবিত্রা:। রূপং লক্ষণম্ ॥৬৮॥ গন্ধীরেতি। গন্ধীরঘোষা: শন্ধা:, মহাস্থনাশ্চ মূদলা ইতি যথাসংখ্যেনাম্বয়:॥৬৯॥

ইষ্টা ইতি। হে রাজন্! বাষসানাং কাকানাম্, ইটা বাচো যাত্রাকালে মধুরা রবাঃ প্রস্তা নির্গতাঃ। তথা সংপ্রস্থিতানাং গৃহান্নির্গতানাম্, গমিয়তাং যাত্রাং কুর্বতাঞ্চ জনানাম্, যে পৃষ্ঠতঃ সন্ধি, তে যাহি যাহীতি ত্বরযন্তি, যে চ অগ্রতঃ সন্ধি, তে ন যাহি ন যাহীত্যেবং প্রতিষেধয়ন্তি। এতং সর্বাং ভাবিনো জয়ন্ত ক্পমাহরিত্যর্থঃ ॥१०॥

কল্যাণেতি। কল্যাণবাচো মধুররবা:। প্রদক্ষিণা এতে দক্ষিণদিয়র্ত্তিন: ॥৭১॥ ভারতভাবদীপ:

দর্শয়িতা উপদেষ্টা ॥৬৪॥ তং হি ধর্মাদৌ হেতুরিত্যর্থ: ॥৬৫—৬৭॥ বপং গমকং চিহুন্ ॥৬৮—৬৯॥ ইষ্টা ইতি। যে পৃষ্ঠতো ভাষমাণা বারদান্তে গস্তারং ত্রমস্তি

বেদব্যাস বলিলেন—"হোম কবিবাব সমযে অগ্নির নির্দ্মল দীপ্তি, উদ্ধানামী কিরণ, দক্ষিণবর্তিনী শিখা, ধূমহীনতা এবং আহুতির পবিত্র গন্ধ—এইগুলিকে মহর্ষিরা ভাবী জযের লক্ষণ বলেন ॥৬৮॥

শঙ্খের গন্তীর শব্দ, মূদসের বিশাল ধ্বনি এবং চন্দ্র ও সূর্য্যের নির্দ্যল কিরণ, এইগুলিকেও মহর্ষিরা ভাবী জয়েব লক্ষণ বলেন ॥৬৯॥

যাত্রার সময়ে কাকের মধুর বব এবং যাহারা গৃহ হইতে নির্গত হইয়াছে কিংবা যাত্রা করিতেছে, তাহাদের পিছনে যাহারা থাকে, তাহারা যাইবার জন্ম ত্বরা করে, আর যাহারা সম্মুখে থাকে, তাহারা যাইতে নিষেধ করে, এইগুলিও জায়েব লক্ষণ ॥৭০॥

ব্রাহ্মণেরা বলেন—যে যাত্রার সমযে শকুন, রাজহংস, শুক, ক্রোঞ্চ ও কুড-লিযা পক্ষী মধুর রব কবে এবং দক্ষিণদিকে থাকে, সেই যাত্রায় নিশ্চয়ই যুদ্ধে জয় হয়॥৭১॥

<sup>(</sup>१२) ... হেষিতৈবাহনানাম — পি।

হাটা বাচস্তথা সন্থং যোধানাং যত্র ভাবত। ।
ন মাযন্তি ভ্রজশৈচব তে তবন্তি বণোদধিম্ ॥৭৩॥
ইন্টা বাচঃ প্রবিক্তিন্ত দক্ষিণাঃ প্রবিবিক্ষতঃ।
পশ্চাৎ সন্ধাববন্ত্যর্থমত্রে চ প্রতিষেধিকাঃ ॥৭৪॥
শব্দরপবসম্পর্শ-গদ্ধাশ্চাবিক্ষতাঃ শুভাঃ।
সদা হর্ষশ্চ যোধানাং জয়তামিহ লক্ষণম্ ॥৭৫॥

### ভারতকোমুদী

অলভারৈরিতি। স্থাপ্র-পার্টিন শ্রতিতথকর শব্দো, হেনিতৈরপি স্বথপ্রণার্টিনা, হরানাম্যা-নান। ভ্রান্তিমতী তেত্রবিনী, অতএব মুশ্রতিবীদণীয়া, চমুঃ সেনা ॥৭২॥

হাঠা ইতি। হাঠা ভেলাম ইত্যাদিরপা হর্বপ্রযুক্তা বাচঃ, সম্বাধাবসারঃ ॥৭০॥

ইটা ইতি। বিপদ্দৈদ্যং প্রবিষ্টিত যোধতা, ইটা বাচঃ জিতমিতাাদিরপাণি বাক্যানি, প্রবিশিতঃ বিপদ্দৈদ্যং প্রবেষ্ট্রমিচ্চতো যোধতা, দক্ষিণা উদারা জয়াম ইত্যাদিরপা বাচঃ, গশ্চাৎ উৎসাহস্থচিকা বাচ ইতি শেষঃ, অগ্রে চ প্রতিযেধিকা বাচঃ, অর্থং স্বামিনো জয়ন্, সমারক্তি নিশ্চরেন স্চর্জি ॥१৪॥

শদেতি। অবিকৃতা: স্বাভাবিকা:। বোধানাং দৈয়ানান্ ॥৭৫॥ ভারতভাবদীপ:

দিদ্বিত্তকা ইত্যর্থ:। বে পুরতো ভাষমাণাত্তে গমনং নিষেধস্তীত্যর্থ: ॥१•—৭০॥ প্রবিষ্টশু পর্বদৈন্তমিতি শেষ:। ইটা মারিতো মারিত ইতি। দক্ষিণা: দাক্ষ্যযুক্তা হতোহদীত্যাভা:। পশ্চাদর্থং পাশ্চাত্যং প্রয়োজনং জয়াধ্যম্। সন্ধারমন্তি নিশ্চিন্থন্তি। যাশ্চাত্রে প্রতিষেধিকা "মা মুদ্যুস মরিন্নসী"ত্যেবং জাতীরকান্তা অপি মরণত্যৈর স্থাচিকান্তাশ্চ

অলম্বার, বর্ণা ও ধ্বজের শব্দ কিংবা অশ্বের হ্রেয়াবব যে যাত্রায় শ্রুতিমধুর হয় এবং যাঁহাদের সৈত্য ভেজস্বী বলিয়া দ্রপ্রেফ্য হয়, তাঁহারা সেই যাত্রায় শ্রুদিগকে জয় কবিতে পাবেন ॥৭২॥

ভরতনন্দন ৷ বাঁহাদের পক্ষে সৈন্তগণের আনন্দপ্রযুক্ত বাক্য ও অধ্যবসায চলিতে থাকে এবং মালা মান হয় না, তাঁহারাই যুদ্ধসমুদ্র হইতে উদ্ভীর্ণ হন ॥৭৩॥

বিপক্ষ সৈত্যমধ্যে প্রবিষ্ট নিজ সৈত্যগণের 'জয় ত করিলাম' এইবাপ অভীষ্ট বাক্য, বিপক্ষ সৈত্যমধ্যে প্রবেশ কবিবার ইচ্ছাকারী আপন সৈত্যদিগের 'জয় ত করিবই' ইত্যাকার উদার বাক্য, পিছনের দিকে উৎসাহসূচক বাক্য এবং সম্মুখের দিকে বিপক্ষের প্রতি নিষেধবাক্য—এইগুলি জ্যের লক্ষণ ॥৭৪॥

<sup>(</sup>৭৪) অত্র 'প্রয়াণে বায়সো বামে দ'শিণে প্রবিবিশ্বতাম্। পশ্চাৎ সন্ধারয়ভার্থং পুরস্তাৎ প্রতিবেধতি ॥' ইতি নি পাঠঃ।

অনুগা বায়বো বান্তি তথাজাণি বযাংসি চ।
অনুগ্লবন্তি মেঘাশ্চ তথৈবেন্দ্রধন্ংযি চ॥৭৬॥
এতানি জযমানানাং লক্ষণানি বিশাংপতে।।
ভবন্তি বিপরীতানি মুমূর্বাং জনাধিপ।॥৭৭॥
অল্লাযাং বা মহত্যাং বা সেনাযামিতি নিশ্চযঃ।
হর্ষো যোধগণস্থৈকো জযলক্ষণমূচ্যতে ॥৭৮॥
একো দীর্ণো দাব্যতি সেনাং স্থমহতীমপি।
তাং দীর্ণামনুদীর্ঘ্যন্তে যোধাঃ শূবতরা অপি॥৭৯॥
ত্র্নিবারতবা চৈব প্রভগ্না মহতী চমূঃ।
অপামিব মহাবেগঃ অস্তা মূগগণা ইব॥৮০॥

# ভারতকোমুদী

অহুগা ইতি। অহুগা অহুকূলাঃ। অপ্রাণি মেঘাঃ, বয়াংসি পশিণঃ। অহুপ্রবন্তি আকাশে প্রমানানীব বর্ত্তক্তে, ন পুনর্গাঢভাং প্রাপ্নুবন্তীজ্যর্থঃ॥१৬॥

এতানীতি। বিপরীতানি হোমাগ্যাদীনাং মলিনদীপ্ত্যাদীনি ॥११॥ অল্লায়ামিতি। বিপক্ষমস্ত শক্যভবোধ এব হর্ষসম্ভবাদিতি ভাবং ॥१৮॥ এক ইতি। দীর্ণঃ পলায়নেন সংঘ্চাতঃ, দারয়তি সংঘাচ্যাবিয়তি ॥৭৯॥ ছুরিতি। ছুর্নিবারতরা চুম্বরসংযোজনা। অপাং জলস্তা। মুগাঃ পশবঃ॥৮০॥

শব্দ, স্পার্শ, বাপ, রস ও গন্ধ অবিকৃত হইলে শুভ হয এবং সৈত্যগণের হর্ষ জয়েব লক্ষণ ॥৭৫॥

বাযু, মেঘ ও পক্ষী অনুকূল হইযা চলিলে এবং মেঘ ও ইন্দ্রধনু আকাশে ভাসিযা বেড়াইলে, ভাহা জযের লক্ষণ ॥৭৬॥

নরনাথ! রাজা! এইগুলি জযেব লক্ষণ; আব মুমূর্দিগের পক্ষেই এইগুলি বিপরীত হইযা থাকে ॥৭৭॥

(সূল কথা—) সৈন্য অল্পই হউক বা অধিকই হউক, তাহাদের একমাত্র হর্ধই জযের লক্ষণ—ইহা নিশ্চয ॥৭৮॥

একজন যোদ্ধা সংঘচ্যুত হইয়া অতিবিশাল সেনাকেও ছিন্নভিন্ন কবে; তা'র পর, বিশেষবীর যোদ্ধারাও সেই সেনাকে ছিন্নভিন্ন দেখিয়া সংঘচ্যুত হইয়া পডেন ॥৭৯॥

জলের বেগ ও বিশ্লিষ্ট পশুগণের গ্রায সেই ছিন্নভিন্ন সেনাকে আবাব সংঘবদ্ধ করা অত্যস্ত ত্র্ব্বর হইযা পড়ে॥৮০॥

<sup>(</sup>৮॰) इर्निवर्ख्या जमा रेठव---वा व ता नि।

নৈব শক্যা সমাধাতুং সন্নিপাতে মহাচমূঃ।
দীর্ণ ইত্যেব দীর্য্যন্তে স্থবিদ্বাংসোহপি ভাবত। ॥৮১॥
ভীতান্ ভগাংশ্চ সংপ্রেক্ষ্য ভযং ভূযোহভিবর্দ্ধতে।
প্রভগা সহসা বাজন্। দিশো বিদ্রবতে চমূঃ।
নৈব স্থাপযিতুং শক্যা শূবৈবিপি মহাচমূঃ॥৮২॥
সংকৃত্য মহতীং সেনাং চতুবঙ্গাং মহীপতিঃ।
উপায়পূর্বাং মেধাবী যতেত সততোত্থিতঃ॥৮৩॥
উপায়বিজযং শ্রেষ্ঠমাহুর্ভেদেন মধ্যমম্।
জঘন্য এষ বিজযো যো যুদ্ধেন বিশাংপতে।॥৮৪॥

# ভারতকোমুদী

নেতি। সমাধাতৃং সংযোজযিতৃম্, সরিপাতে যুদ্দশংঘর্ষে, মহাচমূর্ভগ্না ॥৮১॥ ভীতানীতি। বিদ্রবতে পলাযতে। মহাচমূর্ভগ্না সতীত্যর্থ:। ষট্পাদোহযং শ্লোক: ॥৮২॥

সদিতি। সংকৃত্য দানমানাভ্যামাদৃত্য। চতুরদ্বাং হস্ত্যধরথপদাতিরূপান্। উপায়-পূর্বিং সামাদিপ্ররোগপূর্বকন্। মেধাবী বৃদ্ধিমান্। সততোখিতঃ সর্বদোভ্যী সন্ ॥৮৩॥ উপারেতি। উপাযাভ্যাং সামদানাভ্যাং জাতো বিজয় উপাযবিজয়ন্তন্ ॥৮৪॥

#### ভারতভাবদীপঃ

ত্র্যোধনং প্রত্যেব প্রবর্ত্তন্ত ইতি ভাব: ॥१৪—१৫॥ অন্ত্রগা: অন্তর্কুলা: ॥१৬—৮৩॥ উপার-বিজয়ং লাভপূর্ব্বকং জ্বম্। সামা প্রার্থনযা দানেন বা, শত্রুণা বাচা প্রার্থিততা ধনেন বা, সন্তর্পিততা মুখ্যো জয়: শত্রুং ভেদরতো মধ্যম:। নিম্নতোহধম ইত্যর্থ: ॥৮৪॥ সমিপাতো

ভরতনন্দন। এমন কি, যুদ্ধসংঘর্ষের সমযে বিশাল সেনা একবার ছিন্ন-ভিন্ন হইয়া পড়িলে, আর তাহাকে সংঘবদ্ধ কবাই যায না। কারণ, যুদ্ধে বিশেষাভিজ্ঞ যোদ্ধাবাও কেহ সংঘচ্যুত হইয়াছে বলিয়াই নিজেবাও সংঘচ্যুত হইয়া থাকে ॥৮১॥

রাজা ! ছিন্নভিন্ন সৈন্মেবা নানাদিকে পলাযন কবিতে থাকে; তথন বীবগণও তাহাদিগকে আর সংঘবদ্ধ কবিতে পারেন না ॥৮২॥

অতএব বুদ্ধিমান্ রাজা সর্ববদা উদ্যোগী হইযা নিজেব বিশাল চ্চুর্চিনী সেনাকে সম্ভুট্ট রাখিয়া উপায় প্রযোগপূর্ববক জয়লাভের জন্ম যতু কবিবেন ॥৮৩॥

নরনাথ। সাম ও দানদাবা যে জয় হয়, তাহা শ্রেষ্ঠ; ভেদলারা যে দ্ব হয়, তাহা মধ্যম, আব যুদ্ধদারা যে জয় হয়, তাহা অধন ॥৮৪॥ মহান্ দোষঃ সন্নিপাতস্তশ্বাদ্যঃ ক্ষয উচ্যতে।
পরস্পারজ্ঞাঃ সংহাটা ব্যবধূতাঃ স্থনিশ্চিতাঃ ॥৮৫॥
অপি পঞ্চাশতং শূবা মৃদু স্তি মহতীং চমূম্।
অপি বা পঞ্চ ষট্ সপ্ত বিজযন্ত্যনিবর্তিনঃ ॥৮৬॥ (যুর্মাকম্)
ন বৈনতেযো গরুড়ঃ প্রশংসতি মহাজনম্।
দৃষ্ট্যা স্থপর্ণোহপচিতিং মহত্যা অপি ভারত। ॥৮৭॥

### ভারতকোমুদী

অথ যুদ্ধেন বিজয়: কথং জ্বন্স ইত্যাহ—মহানিতি। তত্মাদ্যুদ্ধাৎ, যা ক্ষয়ো ভবতি, স সয়িপাতো জ্বেরপি সম্যক্ পতনং নাম মহান্ দোষ উচ্যতে। কিঞ্চ, স্থপক্ষবিপক্ষয়োঃ পরস্পরং জানস্তীতি তে, সংস্থা উৎসাহিনঃ, ব্যবধৃতাঃ পুত্রকলত্রাদিঘনাস্তাঃ, স্থনিশ্চিতা যুদ্ধ এব ক্বতনিশ্চয়াঃ, পঞ্চাশতং পঞ্চাশৎ শ্রা অপি, রিপোর্মহতীং চম্ম্, য়দ্বন্তি মর্দিয়তি। অনিবর্ত্তিনঃ অপরাজ্যধাঃ ॥৮৫—৮৬॥

স্বমতদৃঢ়ীকরণায় মহাবীরমতম্দাহরতি—নেতি। হে ভারত! বৈনতেরো বিনতাপুত্রঃ, স্থপর্ণঃ শোভনপক্ষো গরুডঃ, মহত্যা অপি বিপক্ষদেনায়াঃ, অপচিতিম্ অল্পমৈক্তেন করং দৃষ্টা, মহাজনং যুদ্ধে বিশালসৈক্তং ন প্রশংসতি ॥৮৭॥

#### ভারতভাবদীপঃ

যোধানাং সভার্যঃ। ব্যবধৃতাঃ দারাদিখনাসক্তাঃ ॥৮৫—৮৬॥ শ্রাণাং সহারসম্পত্তির্নাপেক্ষিভেত্যত্ত দৃষ্টান্তমাহ—ন বৈনতের ইতি। মহত্যা অপি সেনরা অপচিতিং প্রতিকারং
নাশং বা একেনৈবাত্মনা কর্ত্ত্বং শক্যং দৃষ্ট্বা আলোচ্য স্থপর্ণঃ শোভনপতত্ত্যো গকড়ো নামতো
বৈনতেরো বিনতারাঃ পুত্রো মহাজনং বহুজনসমূহং ন প্রশংসতি ন কামযতে ইত্যর্থঃ।
"ভবেদপচিতিঃ পূজাব্যরনিষ্কৃতিহানিষ্" ইতি মেদিনী। শ্রাণাং ন সহাযাপেক্ষান্তীত্যকৌহিণীবাহুল্যাৎ মৎপুত্রাণাং জয়োহবশ্যস্তাবীতি ত্বযা ন মন্তব্যমিতি ভাবঃ ॥৮৭—৮৮॥

ইতি শ্রীমহাভারতে ভীন্মপর্কণি নৈলকগ্ঠীযে ভারতভাবদীপে তৃতীয়োহধ্যায়ঃ ॥৩॥

কারণ, সেই যুদ্ধ হইতে যে ক্ষয হয, তাহা বিজেতার পক্ষেও অবনতিরূপ গুকতর দোষ—ইহা নীতিজ্ঞেবা বলিযা থাকেন। তা'ব পর, পবস্পর পরস্পরের অভিজ্ঞ, উৎসাহী, পুত্রকলত্রাদি বিষয়ে অনাসক্ত এবং যুদ্ধে কৃতনিশ্চয় পঞ্চাশজন বীরও বিপক্ষের বিশাল সৈশ্যকে মর্দ্ধন করিতে পারে, এমন কি, অপরাধ্মুখ পাঁচজন, ছযজন কিংবা সাতজন বীরও জয় লাভ কবিতে সমর্থ হয ॥৮৫—৮৬॥

ভবতনন্দন! শোভনপক্ষ বিনতানন্দন গক্ড অল্লসৈন্মর্কর্তৃক অধিক সৈন্মের ক্ষয় হইতে দেখিয়া অধিক সৈন্মের প্রশংসা করেন না ॥৮৭॥

<sup>(</sup>৮৬) অপি পঞ্চা**শতঃ শ্রা মৃদ**ুস্তি মহতীশ্চমৃ:--পি।

ন বাহুল্যেন সেনাযা জ্যো ভবতি নিত্যশঃ।
অঞ্জবো হি জয়ো নাম দৈবঞ্চাত্র পবাযণম্।
জযবন্তো হি সংগ্রামে ক্ষযবন্তো ভবন্ত্যত ॥৮৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যাং ভীশ্মপর্ববি জম্ব খণ্ডবিনির্মাণে নিমিত্তাখ্যানে তৃতীযোহধ্যায়ঃ॥।॥

---2%2---

# চতুর্থো২ধ্যায়ঃ।

\_\_\_\_°#°\_\_\_

বৈশম্পায়ন উবাচ।
এবমুক্ত্বা যযো ব্যাসো ধৃতরাষ্ট্রায় ধীমতে।
ধৃতবাষ্ট্রোহপি তচ্শ্রুত্বা ধ্যানমেবাশ্বপত্তত ॥১॥
স মুহূর্ত্তমিব ধ্যাত্বা বিনিশ্বস্ত মুহূর্মূক্তঃ।
সঞ্জয়ং সংশিতাত্মানমপৃচ্ছদ্তরতর্বভ। ॥২॥

### ভারতকোমুদী

নেতি। পরায়ণং প্রধানো হেতু:। হি যাসাং, অন্তত্ত সংগ্রামে জরবন্তো জনা:, অন্তত্ত সংগ্রামে ক্ষরবন্তো ভবন্তি। উতশব্দ: পাদপূরণে। তেনাজ্মন: সৈম্বাধিক্যদর্শনাদাত্মন এব জয়সম্ভাবনা ত্মা ন কর্তব্যেতি ভাব:। বট্পাদোহনং শ্লোকঃ ॥৮৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকোম্দীসমাখ্যায়াং ভীদ্মপর্ব্বণি অধূপগুবিনির্মাণে তৃতীযোহধ্যায়ঃ ॥•॥

-(\*)-

থবমিতি। ধ্যানং ভাবিবিপচ্চিন্তান্, অন্তপক্তত প্রাপ্নোৎ ॥১॥
স ইতি। সংশিতাত্মানং রাগদেবাদিবর্জনেন শোধিতচিন্তন্ ॥২॥

বহুতর সৈশ্য হইলেই সর্বনা জয় হয় না। কাবণ, জযটা অনিশ্চিত , একমাত্র দৈবই তাহার হেতু। তাহার প্রমাণ—অন্যান্য যুদ্ধে যাঁহাবা জয লাভ করিয়াছেন, তাঁহারাই আবাব অপর যুদ্ধে পরাজিত হইয়া থাকেন" ॥৮৮॥

বৈশম্পায়ন বলিলেন—বেদব্যাস বুদ্ধিমান ধৃতবাষ্ট্রকে এইরপ বলিয়া চলিয়া গেলেন , ধৃতরাষ্ট্রও সেই সমস্ত শুনিয়া ভাবী বিপদেব চিন্তা করিতে লাগি-লেন ॥১॥

<sup>(</sup>२) ইতঃ পর**ন্ 'গুতরা**ষ্ট্র উবাচ'—পি।

সঞ্জযেমে মহীপালাঃ শূবা যুদ্ধাভিনন্দিনঃ।
অন্যোক্তমভিনিম্নন্তি শদ্রৈক্ষচাবচৈরিহ ॥৩॥
পার্থিবাঃ পৃথিবীহেতােঃ সমভিত্যজ্য জীবিতম্।
ন বা শাম্যন্তি নিম্নন্তা বর্দ্ধযন্তি যমক্ষযম্ ॥৪॥
ভৌমমৈশ্বর্য্যমিচ্ছন্তাে ন মৃশ্বন্তে পবস্পবম্।
মত্যে বহুগুণা ভূমিস্তন্মমাচক্ষ্ব সঞ্জয়। ॥৫॥
বহুনি চ সহস্রাণি প্রযুতান্তর্বুলানি চ।
কোট্যশ্চ লােকবীরাণাং সমেতাঃ কুরুজাঙ্গলে ॥৬॥
দেশানাঞ্চ পরীমাণং নগরাণাঞ্চ সঞ্জয়।।
শ্রোভূমিচ্ছামি তত্ত্বন যত এতে সমাগতাঃ॥৭॥

### ভাবতকোমুদী

সঞ্জযেতি। যুদ্ধাভিনন্দিনো যুদ্ধেনৈবামোদিন:। উচ্চাব্চৈর্নানাবিধৈ: ॥৩॥ পার্থিবা ইতি। সমভিত্যজ্য ত্যাগোদ্ধমং কথা। বমক্ষয়ং যমালযম্ ॥৪॥ ভৌমমিতি। ভৌমং পৃথিবীসম্বন্ধি, ঐশ্বর্থাং প্রভূত্বন্, মৃন্যতে, সহত্যে ॥৫॥ বহুনীতি। সংখ্যানির্দ্ধেশা বহুতরমাজ্ঞাপনার্থ:। কুক্জান্ধলে কুক্ক্ছেত্রে ॥৬॥ দেশানামিতি। যতো যেভ্যো দেশেভ্যো নগরেভ্যক্ত, এতে পাথিবা: ॥৭॥

ভরতশ্রেষ্ঠ ! ধৃতবাষ্ট্র মুহূর্ত্তকাল চিন্তা ও বার বাব নিশ্বাস ত্যাগ কবিযা নির্ম্মলচিন্ত সপ্তযের নিকট জিজ্ঞাসা করিলেন—॥২॥

"সঞ্জ্য। বীর ও যুদ্ধামোদী এই রাজাবা নানাবিধ অন্ত্রদ্বারা পরস্পারকে আঘাত করিয়া থাকেন॥৩॥

এমন কি, রাজারা জীবনত্যাগেরও উভ্তম করিয়া আঘাত কবিতে ছাডেন না এবং যমালয় পরিপূর্ণ কবেন ॥৪॥

ইঁহারা ভূমির উপরে প্রভুত্ব স্থাপন করিবার ইচ্ছা কবিয়া পরস্পরকে সহ্য করেন না; অতএব সঞ্জয়। আমি মনে করি—ভূমির গুণ বহুতর; স্ত্রোং তুমি তাহাই আমার নিকট বল।।৫॥

বহু সহস্র, বহু অযুত, বহু কোটি ও বহু অর্বুদ বীর কুকক্ষেত্রে সমবেত হইথাছেন॥৬॥

অতএব সঞ্জয় ! ইঁহাবা যে সকল দেশ ও নগর হইতে আসিয়াছেন, সেই সকল দেশ ও নগরেব পবিমাণ আমি যথাযথভাবে শুনিতে ইচ্ছা কবি ॥৭॥

<sup>(</sup>৪) - সমরে ত্যক্তজীবিতা:। ন চ শাম্যন্তি নিম্নন্তো বিনা বৈবম্বতক্ষরমৃ—পি।

দিব্যবুদ্ধিপ্রদীপেন যুক্তস্ত্বং জ্ঞানচক্ষুষা। প্রভাবাত্তস্থ বিপ্রর্ষেব্যাসস্থামিততেজসঃ॥৮॥ সঞ্জয উবাচ।

যথাপ্ৰজ্ঞং মহাপ্ৰাজ্ঞ। ভৌমান্ বক্ষ্যামি তে গুণান্।
শাস্ত্ৰচক্ষুরবেক্ষস্থ নমস্তে ভবতৰ্ষভ! ॥৯॥
দ্বিবিধানীহ ভূতানি ত্ৰ্যানি স্থাববাণি চ।
ত্ৰ্যানাং ত্ৰিবিধা যোনিবগুস্বেদজবায়ুজাঃ ॥১০॥
ত্ৰ্যানাং খলু সৰ্বেষাং শ্ৰেষ্ঠা রাজন্। জরায়ুজাঃ।
জবায়ুজানাং প্ৰবরা মানবাঃ পশবশ্চ যে॥১১॥

### ভারতকৌমুদী

নম্ কথমবগচ্ছামি যেন ব্রীমীতাহি—দিব্যেতি। প্রভাবাত্তপঃপ্রভাবেণ ব্রদানাং ॥৮॥
যথেতি। যথাপ্রজ্ঞং যথাজ্ঞানম্। শাস্ত্রমেব চক্র্যস্ত তাদৃশন্তম্ ॥৯॥
দ্বীতি। ত্রসানি জন্মানি, স্থাবরাণি অচলানি। যোনিঃ কারণম্ ॥১০॥
ত্রসানামিতি। জনায়্য্ গর্তাশরেষ্ জাযন্ত ইতি তে। প্রবরাঃ শ্রেষ্ঠাঃ ॥১১॥
ভারতভাবদীপঃ

থবমুক্তে ।১—০॥ ন বা শাম্যন্তি নৈব শাম্যন্তি, যমক্ষমং যমলোকম্ ॥৪—৭॥
দিব্যেতি । যথা দীপেনাস্ককারে নাশিতে চক্ষ্মা বটো দৃশুতে, এবং ধীবৃত্তা সর্ববিষযাবরকাজ্ঞানতমিন নাশিতে সতি চিদাত্মনপেণ চক্ষ্মা সর্বাং প্রকাশত ইত্যর্থ: ॥৮॥ শাস্ত্রচক্রিতি ।
যদাহং ব্রহ্মান্দ্রীতি বাক্যোখয়া ধিয়াত্মানং যোগী পশুতি তদান্ধোহপ্যনন্ধো ভবতি । তথা চ
শ্রুতি:—"ভং বা এভং সেতৃং তীন্ত্রান্ধঃ সমনন্ধো ভবতি" ইতি সেতৃং মর্য্যাদাবিধারকং পর্মেশব্বং তীর্ত্রা প্রাপ্যেতি শ্রুতিপদয়োরর্থঃ । অনেনিবাজিপ্রায়েণাবেক্ষ্ম্বেত্যাহ—নমন্ত ইতি ।
বিনমঃ স্বস্থোপদেষ্ট্ ত্রবারণায় ব্যাসেনিব ত্বমুপদিষ্টোহসীতি ভাবঃ ॥৯॥ ত্রসানাং জন্ধমানাং
যোনিকংপত্তিস্থানম্, অণ্ডজাঃ পক্ষিমরীস্থপাত্যাঃ, স্বেদ্জাঃ যুকালিক্ষাত্যাঃ, জরাযুজাঃ মন্ত্র্যুণ
পশ্বাত্যাঃ ॥১০॥ বেষু চতুর্দ্ধশস্থ যজ্ঞাঃ প্রতিষ্ঠিতাঃ তে মানবাইত্রবর্ণিকাঃ পশ্বশ্চ গোহজাতা

সঞ্জয়। ভূমি সেই অমিততেজা ব্রহ্মর্ষি বেদব্যাসের প্রভাবে দিব্যবুদ্ধিপ্রদীপ ও জ্ঞানন্যনসম্পন্ন হইযাছ"॥৮॥

সঞ্জয় বলিলেন—"মহাপ্রাজ্ঞ। ভরতশ্রেষ্ঠ। আমি নিজের জ্ঞান অনুসারে আর্পনার নিকট ভূমির গুণ বলিব, আপনি শাস্ত্রনযনদ্বাবা দর্শন ককন। আপনাকে নমস্কার করি ॥৯॥

এই জগতে স্থাবর ও জঙ্গম—এই দ্বিবিধ ভূত। তাহার মধ্যে জঙ্গম ভূত অগুজ, স্বেদজ ও জরাযুক্ত হয় বলিয়া তাহার কারণও ত্রিবিধ ॥১০॥

<sup>(&</sup>gt;•) • हजानि छावजानि ह—वा व जा नि।

নানারপধরা রাজন্। তেষাং ভেদাশ্চতুর্দশ।
অরণ্যবাদিনঃ মপ্ত সপ্তৈষাং গ্রামবাদিনঃ ॥১২॥
দিংহব্যাদ্রবরাহাশ্চ মহিষা বারণান্তথা।
ঋক্ষাশ্চ বানরাশ্চিব সপ্তারণ্যাঃ স্মৃতা নূপ। ॥১৩॥
গৌরজাবিমনুয়াশ্চ অশ্বাশ্বতরগর্দভাঃ।
এতে গ্রাম্যাঃ সমাখ্যাতাঃ পশবঃ সপ্ত সাধুভিঃ ॥১৪॥
এতে বৈ পশবো রাজন্। গ্রাম্যারণ্যাশ্চতুর্দশ।
বেদোক্তাঃ পৃথিবীপাল! যেরু যজ্জাঃ প্রতিষ্ঠিতাঃ ॥১৫॥
গ্রাম্যানাং পুরুষাঃ শ্রেষ্ঠাঃ দিংহাশ্চারণ্যবাদিনাম্।
সর্বেষামেব ভূতানামন্যোন্যেনোপজীবনম্ ॥১৬॥

# ভারতকোযুদী

नारनि । नानाक्र १ माना अकात्र मूर्ख्यः ॥ ) २॥

সিংহেতি। বারণা হস্তিন:। ঋষ্ণা ভল্লুকা:। প্রাধান্তেনেষা গণনা ॥১০॥

গৌরিতি। অজ্বশ্হাগ:, অবির্মেষ:, অধারাং গর্দভেন জাত: অশ্বতর: ॥১৪॥

এত ইতি। প্রতিষ্ঠিতা: সাধ্যত্বরূপেণেতি ভাব: ॥১৫॥

### ভারতভাবদীপঃ

জরামুজানাং মধ্যে প্রবরা ইতি যোজনা ॥১১—১৫॥ গ্রাম্যাণাং বক্ষ্যাণানাং পশ্নাং মধ্যে তথা অরণ্যবাদিনামিভাপি। "পুরুষং বৈ দেবাঃ পশুমালভন্ত ভন্মাত্রয়ঃ পশ্নাং হস্তাদানাঃ পুরুষো হস্তী মর্কট" ইতি বিধ্যর্থবাদাদির পুরুষেহপি পশুষ্মস্ত্যেবেতি গ্রাম্যপশুষ্ পুরুষস্ত গণনম্॥১৬॥ উত্তিজ্ঞাঃ ভূমিমৃদ্ভিত জাতাঃ, বৃক্ষা অর্থাদয়ঃ, গুলাঃ কুশকাশাদিস্তমাঃ, লতা

রাজা। সমস্ত জঙ্গমের মধ্যে জরাযুজ শ্রেষ্ঠ, আবার জবাযুজের মধ্যে যাহাবা মানুষ ও পশু তাহাবা শ্রেষ্ঠ ॥১১॥

রাজা! সেই জরাযুক্ত চতুর্দিশপ্রকার, সেইগুলিব আকৃতিও নানাবিধ। আর তাহাদের মধ্যে বতা সপ্তবিধ এবং গ্রাম্য সপ্তবিধ ॥১২॥

নবনাথ! সিংহ, ব্যাস্ত্র, বরাহ, মহিষ, হস্তী, ভল্লূক ও বানর—এই সপ্তবিধ বন্ম জরাযুজ ॥১৩॥

আব সাধুরা বলিযাছেন—গো, ছাগ, মেষ, মনুষ্য, অশ্ব, অশ্বতর ও গর্দভ—এই সপ্তবিধ গ্রাম্য জরাযুদ্ধ ॥১৪॥

রাজা। গ্রাম্য ও বহাভেদে এই চতুর্দ্দশপ্রকার পশু বেদে উক্ত হইযাছে, যাহাদের উপরে সমস্ত যজ্ঞ প্রতিষ্ঠিত আছে ॥১৫॥

<sup>(</sup>১২) অশু দিতীযাদ্ধাবধি পঞ্চদশঙ্কোকাৰ্দ্ধপৰ্য্যন্তঃ পাঠঃ বা ব রা নি পরস্তাদিগুন্তঃ।

উদ্ভিজ্জাঃ স্থাববাঃ প্রোক্তান্তেষাং পঞ্চিব জাত্যঃ।

রক্ষ-গুল্ম-লতা-বল্ল্যম্বক্সাবাস্থণজাত্যঃ॥১৭॥

তেষাং বিংশতিরেকোনা মহাভূতেয়ু পঞ্চয়়।

চতুর্বিংশতিরুদ্দিন্টা গাযত্রী লোকসন্মতা॥১৮॥

য এতাং বেদ গাযত্রীং পুণ্যাং সর্বস্তণান্বিতাম্।

তত্ত্বন ভবতঞ্চের্চ। স লোকে ন প্রণশ্যতি॥১৯॥

ভূমো চ জাযতে সর্ববং ভূমো সর্ববং বিনশ্যতি।

ভূমিঃ প্রতিষ্ঠা ভূতানাং ভূমিরেব পরাষণম্॥২০॥

### ভাবতকোমুদী

প্রাম্যাণামিতি। পুক্ষা মানবাং। উপজীবনং জীবনধারণম্ ॥১৬॥ উদ্ভিজ্ঞা ইতি। বৃক্ষা আন্তাদয়ং, গুলা ধাক্তাদিন্তমাং, গুলা পরাপ্রিতা মাধব্যাদয়ং, বল্লো ভূমিবাহিস্তঃ কুমাগুদিয়ং, তুক্সারাশ্চর্মসারা বংশাদয়ং ॥১৭॥

তেষামিতি। পশবশ্চতুর্দশ স্থাবরাশ্চ পঞ্চেতি মিলিত্বা উনবিংশতিসংখ্যকা বিকারাঃ, পঞ্চত্ব মহাভূতের্ ক্ষিত্যপ্রেজোমকন্দ্যোমস্থ মিলিতের্ সংস্থিত্যর্থঃ, চতুর্বিংশতিঃ ভাবৎসংখ্যকপদার্থব্যপা গায়ত্রী, তদক্ষরসংখ্যাসাম্যদিভ্যাশয়ঃ ॥১৮॥

য ইতি। এতাং প্রকৃতিবিকৃতিরূপান্, তত্ত্বেন তপ্তক্রপেণ বেদ জানাতি ॥১৯॥ ভূমাবিতি। প্রতিষ্ঠা আশ্রমঃ, পরায়ণং জীবনহেতুঃ ॥২০॥

#### ভারতভাবদীপঃ

বৃক্ষাতারতা গুড্চ্যাদয়:, বল্ল্যো ভূমিপ্রসারা বর্ষমাত্রস্থায়িত্য: কুন্মাপ্রাত্যা:, অক্সারা বেথাদয়: ত এব তৃণজাতরো ন তু বৃক্ষা: ॥১ १॥ তেবামিতি। সপ্ত প্রাম্যা: পশব: সপ্তারণ্যা: পক্ষোম্ভিজ্ঞা ইত্যেকোনবিংশতিসংখ্যানাং বিকারাণাং প্রকৃতিভূতের্ পঞ্চয় মহাভূতের্
প্রক্ষেপে সতি চতুর্বিংশত্যক্ষরসংখ্যাসাম্যাৎ প্রকৃতিবিক্বত্যাত্মিকা গায়ত্রীযং ভবতি, অত্র স্বেদ্দানাম্ন্তিজ্ঞেষন্তর্ভাব:, তে হি ভূমিম্ভিত্য জায়ন্তে স্বেদ্দান্ত্র জলম্ভিত্য জায়ন্ত ইতি

গ্রাম্যপশুর মধ্যে মানুষ শ্রেষ্ঠ, আর বন্সপশুর মধ্যে সিংহ শ্রেষ্ঠ। সমস্ত ভূতই পরস্পরদারা জীবন ধারণ করে॥১৬॥

উদ্ভিজ্জ সকল স্থাবর ; সেগুলি পঞ্চবিধ। বৃক্ষ, গুলা, লতা, বল্লী ও চর্ম্মসার তৃণ॥১৭॥

চতুর্দিশ পশু ও পঞ্চ স্থাবর—এই উনবিংশতি প্রকার বিকার; আর পঞ্চ মহাভূত—এই চতুর্বিংশতি প্রকার পদার্থকে জগতে গাযত্রীর তুল্য বলা হইবাছে ॥১৮॥
ভরতত্রেষ্ঠ ! যিনি পবিত্রা ও সর্ববগুণান্বিতা এই গাযত্রীকে যথার্থকপে জানেন,
তিনি জগতে বিনষ্ট হন না ॥১৯॥

<sup>(</sup>२०) • ভृगित्त्रद मनाजनम्-वा व ता नि।

যশ্য ভূমিস্তস্থ সর্ববং জগৎ স্থাবরজঙ্গমম্।
তত্রাতিগৃদ্ধা রাজানো বিনিম্নন্তীতরেতরম্ ॥২১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যাং ভীষ্মপর্ববিণি জন্মুখণ্ডবিনির্মাণে ভৌমগুণকথনে চতুর্থোহধ্যায়ঃ॥০॥

# পঞ্চমোইধ্যায়ঃ।

প্রতরাষ্ট্র উবাচ।

নদীনাং পর্বতানাঞ্চ নামধেয়ানি সর্ববশঃ।
তথা জনপদানাঞ্চ যে চাল্যে ভূমিমাস্থিতাঃ॥১॥
ভাবতকোমূদী

যক্তেতি। তত্র ভ্মৌ, অভিগৃদ্ধা অভিশ্রেনাভিলাবিণঃ ॥২১॥ ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভ্যণ-শ্রীহরি দাসসিদ্ধান্তবাগীশ ভট্টাচার্য্য-বিরচিভাষাং মহাভারতটীকাষাং ভারতকৌমূদীসমাধ্যায়াং ভীম্নপর্বনি জহুখণ্ডবিনির্মাণে চতুর্থোহধ্যায়ঃ ॥০॥

ভাবতভাবদীপঃ

সাম্যাৎ। তৃতীরেনাবরোধঃ সংশোকজত্যেতি স্থারাচ্চ অগুজানামণি মৈথুনজ্বসাম্যাজ্বরায়জেধেবান্তর্ভাবঃ, জরার্র্গর্ভবেষ্টনং তদ্রপশু অগুন্তৈব তত্র সম্বাদিত্যাশরেন চত্বিংশতিঃ তদিদং
কার্যাকারণসমূদাযাত্মকং গাযত্র্যাখ্যং ব্রহ্ম। "গাযত্রী বা ইদং সর্বাং ভৃত"মিত্যুপক্রম্য "সৈষা
চতৃপদা বড্ বিধা গায়ত্রী তদেতদূচাভারুক্তম্ এতাবানশু মহিমা তত্তা জ্যারাংশ্চ প্কয়:।
পাদোশু সর্বা ভৃতানি ত্রিপাদশামুতং দিবী"তি চ্ছান্দোগ্যে উপসংহারদর্শনাং ॥১৮—২৽॥
যক্ত ভূমিরিতি। রাজা হি সার্বভৌমো রাজস্বেরনেষ্ট্রা স্বারাজ্যং প্রাপ্তোতি অগ্নমেধেনেষ্ট্রা
ক্রমম্জিস্থানং প্রাপ্তোতীতি বস্ত ক্রংমা ভূমিন্তস্ত ইদং সর্বাং যজ্জবারা বলে ভবতি, তথা চ
বাজসনেয়কে শ্রমতে—"পুরুষো হ বৈ নারায়ণোহকাময়ভাৎপ্রতিষ্ঠেয়ং স্বাণি ভৃতাভ্রহমেবেদং
সর্বাং শ্রামিতি স এতং পুরুষমেধং পঞ্চরাত্রযক্তক্রত্ব্যপশ্রত্ ইন্ত্যাদিনা ॥২১॥

ইতি শ্রীমহাভারতে ভীম্মপর্কিনি নৈলকগীয়ে ভারতভাবদীপে চতুর্থোহধায়ে: ॥৪॥

সমস্ত বস্তুই ভূমিতে জন্মে, আবার সমস্ত বস্তুই ভূমিতে লয় পায় এবং ভূমি সমস্ত ভূতের আশ্রয় ও ভূমি জীবনধারণের হেডু ॥২০॥

স্থতরাং যাহার ভূমি থাকে, তাহার স্থাবর-জঙ্গমাত্মক সমস্ত জগৎই থাকে। এইজন্মই রাজারা সেই ভূমিতে অত্যন্ত অভিলাষী হইয়া পরস্পার হিংসা করেন"॥২১॥

<sup>(</sup>১) ःनांत्ररध्यानि मञ्जयः ! ः ज्याधिजाः — वा व ता नि ।

প্রমাণঞ্চ প্রমাণক্ত। পৃথিব্যা মম সর্ব্বশঃ।
নিখিলেন সমাচক্ষ্ব কাননানি চ সঞ্জয । ॥২॥ (যুগাকম্)
সঞ্জয উবাচ।

পঞ্মোনি মহারাজ! মহাভূতানি সংগ্রহাৎ।
জগতীস্থানি সর্বাণি সমান্যাভ্র্মনীষিণঃ॥৩॥
ভূমিবাপস্তথা বায়ুবৃগিবাকাশমেব চ।
গুণোত্তরাণি সর্বাণি তেষাং ভূমিঃ প্রধানতঃ॥৪॥

### ভাবতকোমুদী

অথ ভাবিবিপদাশশ্বানিবন্ধনগাঢোছেগনিবৃত্তয়ে চিত্তত্ত বিষয়ান্তরাভিনিবেশং সম্পাদ্যিতৃং
ধৃতরাষ্ট্র উবাচ—নদীনামিতি। সর্ব্ধশঃ সর্বাবি। নিধিলেন প্রকারেণ ॥১—২॥
পঞ্চেতি। সংগ্রহাৎ পরস্পরসংসর্গাৎ সমানি, পরস্পরসংসর্গে তুল্যানীত্যর্থঃ ॥৩॥
নত্ব কানি তানি পঞ্চ মহাভূতানীত্যাহ—ভূমিরিতি। অত্র পাঠক্রমো নাদর্ত্তবাঃ, পাঠ-ক্রমাদর্থক্রমন্ত বলবত্বাৎ। গুণা উত্তরাঃ পূর্ববিদ্যাধিক্যেন শ্রেষ্ঠা যেবাং তানি ॥৪॥

#### ভাবতভাবদীপঃ

এবং বক্ষ্যমাণভগবদ্গীতোপনিষদর্থজ্ঞানাধিকারার্থং কর্মণামহঠেষত্বং প্রকারান্তরেণোপপাছাধিকতানাম্ৎপরাত্মবিবিদিষাণামপি স্ক্রতমাত্মতত্ত্বগ্রহণযোগ্যতাসিদ্ধর্যং স্থুলে ভগবতো
রূপে কংম্ব্রহ্মাপ্তাত্মকে চিন্তসংঘমঃ কর্ত্বর্য ইত্যাশরেন ভ্বনকোশং বর্ণরতি—নদীনামিতি।
নদীনাং পর্বতানাং চেত্যাদিনা তৎসর্বং শ্রুতবানসীত্যন্তেনাধ্যারাষ্টকেন ॥১ —২॥ তত্র তাবৎ
পঞ্চোনি মহারাজেত্যাদিনা তদেষাং রূপমৈশ্বরমিত্যন্তেন সর্বং বিয়দাদিকং ভগবত্পদানকছাৎ কুণ্ডলকনকন্তাযেন ভগবত এব রূপমিতি প্রতিপাদয়তি। মহাভ্তানি পৃথিব্যাদীনি
তান্তেব জগতী কংম্বর্জ্যাপ্তরূপাণি পিগুরূপাণি চ সর্বাণি তৎস্থানি চৈত্তপ্রপদ্বাচ্যানি সমানি
ভূল্যান্তেব, বহুত্বমুপাধিভেদাভিপ্রারেণ। ন হি কুন্ডন্তোণাগ্যুণাধিদাকাশন্তেব মশক্ষতকজাদিশরীরেষ্ চৈতক্তক্ত স্বতো বিষমত্বং দৃশুতে তন্মাৎ সর্বাণি জ্বগতীস্থানি সমান্তেব।
বক্ষ্যতি চ ভগবান্—"পপ্তিতাঃ সমদর্শিনঃ" ইতি এও ভূমিরিতি। "বায়োর্মি"রিতি
শ্রুনেরিহেত্বায়্রয়ঃ পরো ক্রপ্তরাঃ। গুণোন্তরাণি পূর্বপূর্বাপেক্ষ্মা উত্তরমূত্তর্মেকৈকগুণাধিকন্, ইদঞ্চ—"আকাশাদ্মার্বাযোর্গ্রিরগ্রেরাপোহন্তাঃ পৃথিবী"তি শ্রুরমাণজন্মক্রমাভি-

ধৃতরাষ্ট্র বলিলেন—"প্রমাণজ্ঞ সঞ্জয়। নদী, পর্বত, দেশ ও বন এবং অন্য যে সকল প্রধান পদার্থ ভূমিকে আশ্রয় করিয়া রহিয়াছে, সেইগুলির নাম ও পৃথিবীর পরিমাণ ভূমি আমার নিকটে সর্ববপ্রকারে বল' ॥১—২॥

সঞ্জয কহিলেন—"মহারাজ। জ্ঞানীরা বলেন—জগতে বিভাষান এই পঞ্চ মহাভূত প্রস্পার পরস্পারকে সংস্থট করিয়া বহিয়াছে বলিয়া সমস্তই সমান॥৩॥

<sup>(</sup>२)… मम मर्खाङः—वा व त्रा नि ।

শব্দঃ স্পর্শন্চ রূপঞ্চ বসো গন্ধন্চ পঞ্চমঃ।
ছুমেরেতে গুণাঃ প্রোক্তা ঝিষভিন্তত্ত্ববেদিভিঃ॥৫॥
চত্বাবোহন্দা গুণা রাজন্। গন্ধন্তত্ত্ব ন বিভাতে।
শব্দঃ স্পর্শন্চ রূপঞ্চ তেজসোহথ গুণাব্রয়ঃ।
শব্দঃ স্পর্শন্চ বায়ো দ্বাবাকাশে শব্দ এব ছু॥৬॥
এতে পঞ্চ গুণা রাজন্! মুহাভূতেরু পঞ্চয়।
বর্ত্তত্ত্বে সর্বলোকেরু যেরু ভূতাঃ প্রতিষ্ঠিতাঃ॥৭॥

# ভারতকোমুদী

ভূমে: প্রাধান্তং কুত ইত্যাহ—শব্দ ইতি। গুণাধিক্যাদেব ভূমে: প্রাধান্তমিত্যাশয়: ॥৫॥
চত্তার ইতি। অঙ্গ,ু জলে। এষু বৈশেষিকাদিবিরোধো মতভেদাৎ সমাধেয়:।
ষট্পাদোহয়ং শ্লোক: ॥৬॥

এত ইতি। হে রাজন্! এতে শবাদয়: পঞ্চ গুণা:, সর্বলোকের্ সর্বজগদাত্মকের্ পঞ্চ মহাভূতের্ বর্ত্ততে। যের্ গুণের্ ভূতা জীবা:, প্রতিষ্টিতা ভোক্তভাবেনাবস্থিতা:। ভোগ্যাভাবে ভোক্ত্তাবসম্ভব ইতি ভাব: ॥৭॥

#### ভাবতভাবদীপঃ

প্রায়েণোক্তন্ ॥৪॥ শবাদযো গুণা: প্রসিদ্ধা: ॥৫—৬॥ এতে পঞ্চেতি। মহাভূতের্ পঞ্চমহাভূতাত্মকের্ সর্বের্ লোকের্ ভোগ্যবস্তব্ শরীরাদিঘটান্তের্ এতে পঞ্চ গুণা: সন্তি , এতে কে ? যের্ গুণের্ ভোক্তারো ভূতা: নিত্যনির্ব তাশ্চেতনা: প্রধা: প্রতিষ্ঠিতা: দেহেক্রিরাদীন্ ভোগ্যানিধিষ্ঠায় চেতনা: শবাদীনি ভোগ্যান্তরাণি ভূপ্পতে দেহাদীনামপি ভোগোপকরণহান্তোগ্যহমেব ন ভোক্ত্যমিত্যর্থ: ॥৭॥ অন্তোক্তমিতি। সমস্ত ভাব: গাম্যং ব্রন্ধভাব:।

পৃথিবী, জল, তেজ, বাযু ও আকাশ—এই পাঁচটা মহাভূত। এগুলির মধ্যে পূর্ববপূর্বব ভূতের অধিক অধিক গুণ; স্থতরাং সেই মহাভূতগুলিব মধ্যে পৃথিবীই প্রধান ॥৪॥

তত্বজ্ঞ ঝবিরা বলিয়াছেন—শব্দ, স্পর্শ, রূপ, বস ও গন্ধ—এই পাঁচটীই ভূমির গুণ ॥৫॥

রাজা। শব্দ, স্পর্শ, রূপ ও রস—এই চাবিটী জলের গুণ; কিন্তু তাহাতে গন্ধ নাই। শব্দ, স্পর্শ ও রূপ—এই তিনটা তেজেব গুণ; শব্দ ও স্পর্শ—এই চুইটা বাযুর গুণ এবং এই ক্যটা গুণের মধ্যে একমাত্র গন্ধই আকাশের গুণ॥৬॥

রাজা! এই পাঁচটা গুণ সর্ববলোকাত্মক পঞ্চ মহাভূতে বহিষাছে, বে গুণগুলিকে লক্ষ্য করিয়া জীবগুলির ভোভূত্ব প্রতিপাদিত হইষাছে ॥৭॥

<sup>(</sup>৬) অবায়োগ্ত আকাশে-পি বা ব রা।

অন্যোক্যং নাভিবর্ত্তন্তে সাম্যং ভবতি বৈ যদা।
যদা তু বিষমীভাবমাবিশন্তি পবস্পাবম্।
তদা দেহৈদে হবন্তো ব্যতিবোহন্তি নাক্তথা ॥৮॥
আকুপূর্ব্ব্যা বিনপ্তন্তি জাযন্তে চাকুপূর্ব্বশঃ।
সর্ব্বাণ্যপবিমেযাণি তদেষাং রূপমেশ্বম্ ॥৯॥

### ভাবতকোমূদী

অথ মহাভ্তানামবস্থাভেদঃ তদ্ভেদে চ ক্রিয়াভেদোহন্তি ন বেডাাহ—অক্টোন্ডমিতি। যদা অমীবাং পঞ্চানাং মহাভ্তানাং সামাং সমীভাবো ভবতি অন্নানধিকভাবো বর্ত্ততে, তদা তানি মহাভ্তানি অভোতং নাভিবর্ততে (পঞ্চদখাত্তভ্—) পঞ্চীকরণভাবেন ন সংস্জাতে। তদা চ প্রণয ইত্যাশরঃ। যদা তু তানি মহাভ্তানি, পরস্পরম্, বিষমীভাবম্ ঈশ্বরেচ্ছয়া পঞ্চীকরণভাবেন ন্নাধিকভাবম্ আবিশন্তি প্রাপ্নুবন্তি, তদা দেহবন্তো জীবাঃ, দেহৈঃ, ব্যতিরোহন্তি প্রাত্তবন্তি, কিন্তু অক্তথা ন, দেহানাং পরস্পারসংস্টপঞ্ভূতকার্য্যতাদিত্যাশরঃ। এতচ্চ সাংখ্যপ্রবচনভায়েহপুত্তম্। যথা—"ভণকোভে জায়মানে মহান্ প্রাত্বভূব হ।" ষ্ট্পাদোহঃ শ্লোকঃ চেনা

নবেবাম্ংণাদলযক্রমঃ পরিমাণং রূপঞ্চ কীদৃশানীত্যাহ—আরপ্র্ব্যেতি। এতানি পঞ্চ মহাভ্তানি অরপ্র্বশঃ অর্লামক্রমেণ, জাষন্তে। তথা চ শ্রুতিঃ—"তস্মাঘা এতস্মাদাত্মন আকাশঃ সন্তুতঃ আকাশাঘায়ঃ, বায়োরাণঃ, অন্তান্তেজাংশি, তেজোভাঃ পৃথিবী।" আরপ্র্ব্যা প্র্ত্রেতিলোমক্রমেণ চ বিনশুন্তি। তথা চ পৃথিবী তেজনি, তেজো জলে, জলং বায়ে, বায্রাকাশে, আকাশশ্চাত্মনি লীমতে। সাংধ্যস্ত্রেঞ্চ যথা—"নাশঃ কারণলয়ঃ"। সর্বাণি চ মহাভ্তানি ইযন্ত্রযা অপরিমেয়ানি কেনাপি পরিমাত্থ ন শক্যানি। এষাং মহাভ্তানাং ভাবতভাবদীপঃ

"সম আত্মেতি বিভাৎ নির্দেশিং হি সমং ব্রন্ধে"তি শ্রুতিশ্বত্যোর্বন্ধনি সমশবদর্শনাৎ ভোক্তভোগারোর্বদা স্বর্ধিপ্রলন্ধনাথিমান্দের্ ব্রন্ধভাবো ভবতি তদা তে উভে অন্তোহং নাভিবর্ত্তেে ব্যবহারতো বিভ্যমানমপি ভোগাং ভোক্তারং নোপসপতি নাপি ভোক্তাল্পুল্গিপি ভোগারতনস্থা দেহেত্রিযাদেবভাবাদ্যোগ্যক্ষাতন্পসপতীত্যর্থং। যদা ছিতি। ভোগপ্রদকর্মোন্তবকালে বিষমীভাবং নাম্যাৎ প্রচুতিম্ আবিদন্তি প্রাপ্নুবন্তি তদা ত এব ভোক্তারো ভোগ্যপদার্থান্দ দেহৈঃ স্বস্বর্গেও দেহবন্তঃ লন্ধস্বরূপা ভূতা তৈরেব থৈ রূপেঃ পরস্পারং ব্যতিরোহন্তি ভোক্তারো ভোগ্যের্ নিপতন্তি ভোগ্যার্থান্দ ভোক্তরি স্কর্মপেণ স্বাসনাং জনযন্তীত্যর্থঃ ॥। আমুণুর্ব্ব্যা ভূম্যাদিক্রমেণ বিনশ্রন্তি ভারন্তে চ আমুপুর্ব্বন আকাশাদিক্রমেণ। বিপর্যাবেণ ক্রমোইত উপপন্ততে তেতি হাবেন স্প্রীক্রমবিণহীত্ত্যাৎ

যথন এই ভৃতগুলির সমভাব থাকে, তখন এগুলি পবস্পাব সংস্ফী থ'কে না, আর যখন এগুলি প্রস্পাব নাুনাধিকভাব প্রাপ্ত হয়, তখন জীবসকল দেহ ধাবণ কবিয়া প্রাত্নভূতি হয়, অন্য প্রকাবে হয় না ॥৮॥ তত্ত্ৰ তত্ত্ৰ হি দৃশ্যন্তে ধাতবং পাঞ্চভৌতিকাং। তেষাং মনুয়াস্তৰ্কেণ প্ৰমাণানি প্ৰচক্ষতে ॥১০॥ অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তৰ্কেণ সাধয়েৎ । প্ৰকৃতিভ্যঃ পবং যতু তদচিন্ত্যস্ত লক্ষণম্ ॥১১॥

### ভারতকোমুদী

তত্তজ্ঞপন্ধ, ঐশ্বর্য ঈশ্বরাভিন্নমেব, "সর্বাং থবিদং ব্রহ্ম" "ব্রম্লৈবেদং সর্বান্" ইত্যাদিশ্রুতেঃ, কার্য্যকারণব্যতিভেদাভাবাচেতি ভাবঃ ॥১॥

অথৈষাং বিষমীভাবে দেহাদিপ্রাত্তাব ইত্যর্থে কিং প্রমাণমিত্যাহ—তত্ত্রেতি। তত্ত্র তত্ত্ব হি সর্বস্থান এব, পাঞ্চত্তোতিকাঃ পরস্পরসংস্টপঞ্চ্তারন্ধাঃ, ধাতবাে দেহাদয়াে দৃহ্যন্তে। মহা্যান্তাকিকাদয়ঃ, তর্কেশ—দেহাে যদি পঞ্চ্তারন্ধাে ন স্থান্তদা তদীয়শনাদিগুণাে২পি তত্ত্ব ন স্থাদিত্যাদির্দ্রপেন, তেষাং মহাভূতানাং দেহাভারন্তকত্বে প্রমাণানি প্রচক্ষতে ॥১০॥

অথ ব্রহ্মাপি কিং তর্কেণ সাধ্যিত্ব শক্যেতেজাহ—অচিন্তা ইতি। যে ভাবাং ব্রহ্মতন্মহিমাদয়ং পদার্থাঃ, অচিন্তাঃ, "যন্মনসা ন মহতে" ইডি শ্রুতেশিন্তঃ মৃত্মপ্যশক্যাঃ, তর্কেণ
ভান্ ন সাধ্যেৎ সাধ্যিত্বং ন শক্যেত, শিক্ষান্তসম্ভবাৎ। নহু কিং তদ্দিন্তঃমিত্যাহ—প্রকৃতিভ্য
ভাবতভাবদীপঃ

সংহারক্রমশু অভএব উৎপত্তিবিনাশনীল্ডাদেব সর্ব্বাণ্যেতানি ভোকৃভোগান্তগরিমেয়ানি অনস্থানি মরীচিকোদকত্বদত্লাড়াও। ন ছি মরীচিকোদক্মিবৎপ্রমাণমিতি পরিমাতৃং শক্যম্। যভ এতান্তপরিমেয়ানি তত্ত্ব্যাদ্ধেতোঃ এবাং রূপম্ ঐর্রমেব ন তৃ ভৌতিকং ন অধ্যক্তপ্রাধিষ্ঠানাদক্তন্ধ্রপমতি। অভএব সর্ব্বং ধরিদং ব্রহ্ম আত্মৈবেদং সর্ব্বং ব্রহ্মিতে সর্ব্বহু ব্রহ্মবাণম্পগছতে ইডার্থঃ ॥৯॥ অপরিমেযভ্যেবাহ—তত্র ভত্রেতি। সিদ্ধা অপি যত্র ব্রহ্মাণ্ডং ভিত্মা গচ্ছন্তি তত্রাপি বাসনামধা ধাতবো ব্যক্তয়ঃ পাঞ্চভৌতিকা দৃশুন্তে, অতোহপরিমেয়া এব তে। এবং সত্যাপি মহুয়া গণকাদরভর্কেণ হুর্থাগত্যা দেশভেদেন দিনমানভেদপাদভায়াভেদাদিনা চ তের্বাং প্রমাণানি। এতচ্চোপলক্ষণ্ম আকারভেদস্থাপি। তথাহি, কেচিৎ কন্দুকাকারং কেচিচ্চত্রব্রহং কেচিত্রিকোণং কেচিচ্চক্রা-কারঞ্চ ভূমিসংস্থানং কল্লযন্তি তথা প্রমাণভেদোহপি জম্বুলীপরিণাহগণকাঃ তন্থাসঃ কৃত্জ্বস্বায়কভ্বং সিদ্ধাংশকেনাধিকা ইতি বদস্তি। পঞ্চদশশতাক্ষেকাশীতিযোজনানি। যোজনচত্র্বিংশাংশসহিতানি। তথা লক্ষযোজনং তৎপরিণাহ ইতি পুরাণান্তরে। অত্রাপি অষ্টাদশসহস্রাণি ষট্শতানি চেডি বক্ষতি ॥১০॥ কন্তর্হত্ত্রে সিদ্ধান্ত ইত্যাশল্ঞানির্বচনীয়

এই মহাভূত সকল অনুলোমক্রমে জন্মে, আব প্রতিলোমক্রমে আপন আপন কারণে লয় পায়। এই সমস্ত মহাভূতেরই পরিমাণ করা অসাধ্য এবং এগুলির রূপও ঈশ্বরের রূপ হইতে ভিন্ন নহে ॥১॥

সকল স্থানেই পাঞ্চতোতিক দেহপ্রভৃতি দেখিতে পাওয়া যায়। মানুষেরা তর্কদারা সেগুলির প্রমাণ বলিয়া থাকে ॥১০॥

# স্থদর্শনং প্রবক্যামি দ্বীপং তে কুরুনন্দন।। প্রবিমণ্ডলো মহাবাজ। দ্বীপোহ্যং চক্রসংস্থিতঃ॥১২॥

# ভাবতকোমুদী .

ইতি-। মহদাদিভেদেন প্রকৃতের্বহুরাছহুবচনম্। যত্ত, প্রকৃতিভাঃ পরমুৎকুইন্, তদচিত্যক্ত লক্ষণন্, "প্রকৃতেশ্চ পরা যা তু সা কাষ্টা সা পরা গতিঃ" ইতি শ্রুতেঃ। ইত্যাদিকা শ্রুতিরেব চ তদন্তিত্বে প্রমাণমিত্যাশয়ঃ ॥১১॥

### ভাবতভাবদীপঃ

এবারমর্থো ন তর্কেণ সাধস্বিত্থ যোগ্য ইত্যাহ—অচিন্তা ইতি। যে ভাবাঃ জগজ্জন্মো-পাদাননিমিত্তপরিমাণধর্মাধর্মানয়: পদার্থাশ্চিন্তযিতুমযোগ্যান্তার তর্বেণ সাব্বেৎ নহি তে তর্বেণ সাধ্যিতুং শক্যন্তে তর্কান্তরেণ তক্স বাধসম্ভবাৎ তর্কাপ্রতিষ্ঠানাদিতি ফারাচ্চ। অত-এবাস মোকস্যোত্তরার্দ্দমন্তত্র পঠন্তি। "না গ্রতিষ্টিত তর্কেণ গল্পী রার্থস্য নিশ্চর" ইতি। তথাহি, বন্দুকাকারে ভ্রনকোশে কল্লামানে যে বন্দুকপৃষ্ঠে কমঠপৃষ্ঠোপ্রে তিঠন্তি তেবাং কিয়ানপি দেশো জ্লপশুমহুযাপ্রযোগ্যোহন্তীতি বক্তৃং যুক্তং যে তু তরিতহে তদংশ্চ বদস্তি তেষাং গুরুত্ববভাষর্থানামধন্তাদাশ্রদাভাবেনাবশ্রং পতনং ভবতীতি ভাবান্ দেশো রিক্ত এবান্টীতি বক্তব্যম্। তথা চ তদাশ্র্যা তৎক্তা দ্বীণাম্তরকল্পনা লোকদৃষ্টিবিরদেতি পামরা অপি প্রতিষন্তি। নতু যথা পৃথিব্যা সন্তরিক্ষেহ্বস্থানশক্তিদিগম্বাদকৈ: সর্ক্তবাদিভি: ক্লাতে তথা বয়মপি তন্তা আকর্ষণশক্তিমন্তাং ক্ল্লামহে, য্যা দর্ক দক্তাঃ প্রাণিনঃ পৃথিব ং পাদাধস্বামেব মন্তস্তে খং চোপরিস্থমি ত। তর্হি লোকদৃ, ঐবিকল্পন নাপেক্ষয়া দর্কপ্রাণি-প্রতাক্ষরপ্রমায়েক্রজালাদিত্লাতৈবাস্থা: কুতো ন বল্লাতে ? নহু স্বলাদিবদস্থা: বাধো ন দৃখত ইতি চেৎ প্রাগ্রন্ধাত্মজানাৎ মাদর্শি কিং ন চ্ছিন্ন শ্রুতা তু জ্ঞাতে বৈতং ন বিঘ ত, নেহ নানান্তি কিঞ্চনেত্যাদিকয়া ব্রহ্মবর্শনেন রক্ত্দর্শনেন সর্পক্তেব প্রপঞ্চবাধ আয়াণতে। তথা চ নিক্লস্কাৎ শুতিপ্রমাণাৎ ব্রন্ধাইতমেবাদর্ভব্যং ন তু সকলমাত্তর্কাক্রগতোংনিক্চ-নীয়ন্ত্মিতি ভাব: ॥১১॥ তাই কিমস্ত প্রমাণং কা বা আকৃতিত্তবাভিনতেতাশদা, হ— স্বদর্শনমিতি। স্কর্মনো নাম জমুবুক্ষবিশেষভন্নামান্তিতোইয়ং দ্বীপ: স্বদর্শনদীপ: রংসং বশাওমিতার্থঃ। তং প্রমাণত আকৃতিতক্ষ প্রকর্ষেণ বক্ষামি। তুশবঃ পক্ষান্তরব্যার্তার্থঃ। পরিমণ্ডলঃ পরমাণুমাত্রং পরিমাণতো তুর্লফা ইত্যর্থ:। এষো২ণুবাত্মা চেতদা বেদিতব্য ইতাত্মবদিতি ভাব:। পরিমণ্ডল ইতাশু সর্বাতাবৃত্তবূপঃ কলুকাকার ইতি যাখানে প্রাগেব দোষ উক্ত:, অথ চক্রাকার ইত্যুচ্যতে চেন্ন চিপিটাকারে তিন্দিন্ পরিমঙ্গশনভা-যোগোৎ। চক্রদংস্থিত ইতানেন চক্রবৎ সংস্থিতং সংস্থানমাকারো২স্তেত্যনেনৈব দিল্লতাচ্চ। षदः हि শবভাক্তিকাণাং পরমাণ্পরিমাণে প্রসিদ্ধ:। ন চানেন পরিমাণেনোপেতং নিরংশং

বিস্তু যে সকল পদার্থ অচিন্তনীয়, তর্বদাবা সেগুলিব সাধন করা যায না। যাহা প্রকৃতি হইতেও উৎকৃষ্ট, তাহাই অচিন্তনীয়ের হরণ ॥১১॥

<sup>(</sup>১२) हिश्य — वा व द्रा नि।

নদীজলপ্রতিচ্ছন্নঃ পর্বিতিশ্চাত্রসন্নিতৈঃ।
পুরৈশ্চ বিবিধাকারৈ রম্যৈর্জনপদেন্তথা ॥২৩॥
ব্যক্ষঃ পুষ্পাফলোপেতেঃ সম্পন্নো ধনধান্যবান্।
লাবণেন সমুদ্রেণ সমস্তাৎ পরিবারিতঃ ॥২৪॥ (বিশেষকম্)
যথা হি পুরুষঃ পশ্যেদাদর্শে মুখমাত্মনঃ।
এবং স্থদর্শনদ্বীপো দৃশ্যতে চন্দ্রমণ্ডলে ॥২৫॥

# ভারতকোসুদী

স্থান্নিযিতি। উচ্চাব্চপদার্থবৃত্তয়া শোভনং দর্শনং যস্ত তং দ্বীপন্। জ্বন্থীপজ্যিব নামান্তরমেতৎ, পরত্র "লাবনেন সমৃদ্রেণ সমস্তাৎ পরিবারিতঃ" ইত্যভিধানাৎ। অবং দ্বীপঃ, পরিমণ্ডলো গোলাকারঃ, অতএব চক্রমিব সংস্থিতঃ, "পরিমণ্ডলো মহাভাগ। দ্বীপো২সৌ চক্রবং স্থিতঃ" ইতি পদ্মপুরাণেকবাক্যছাৎ। তৃতীরপাদে অক্ষরাধিক্যমার্থন্। নদীজলৈঃ প্রতিচ্ছন্নঃ প্রায়েণ ব্যাপ্তঃ, অনুসন্ধিতঃ মেঘব্নীলবর্ণাঃ পর্বতিন্চ প্রতিচ্ছন্নঃ। এবমন্তরাপি। লাবণেন লবণোদকময়েন। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥১২—১৪॥

যথেতি। স্থদর্শনদ্বীপো অধ্বীপস্তত্ম দশাখ্যভাগ ইত্যর্থ:, দৃশ্বতে প্রতিবিধরপ:, চন্দ্র-মগুলত্ম জনময়ত্বেন স্বচ্ছত্বাদিত্যাশয়:। অতএবাসৌ চন্দ্র: শশাস্ক ইত্যুচাতে। কালিদাসে-নাপ্যক্তং রঘ্বংশে—"চারা হি ভূমে: শশিনো মলত্বেনারোপিতা শুদ্ধিমত: প্রভাভি:" ॥১৫॥

#### ভারতভাবদীপঃ

বস্তু সিধাতি যক্ত কন্তাপ্যস্ত্রপরিমাণক্ত দশদিগবচ্ছেত্যপ্রদেশভেদবন্ত্বন তন্তাপি নিরংশত্বাযোগাৎ ন হি পরমাণোঃ পূর্বাদিগবচ্ছিয়ো দেশঃ প্রতীচ্যাপ্যবিচ্ছিত্তত ইতি বক্তর্ং শক্যং
দৃষ্টবিয়োধাৎ। তন্মাৎ পরিমপ্তলশব্দো তুর্লক্ষ্যদন্ত্রমাত্রবচনঃ, তার্কিকাণাং পরমাণ্রপি
তাদৃশ এব, তত্ত্ব পারিভাষিকপরিমাণকল্পনং প্রস্থানভেদাপাদনার্থং শৃক্তকারণতানিরাসার্থং
চেতি দিক্। এবং স্থদর্শনদ্বীপক্ত পরিমাণমূক্ত্বা আকারমাহ—চক্রসংস্থিত ইতি। পরিদৃশ্যমানরাষ্ট্রাকার ইত্যর্থঃ। "চক্রং রাষ্ট্রাম্রয়োরপি" ইতি বিঝঃ ॥১২॥ তদেব সংস্থানমাহ
দ্বাদ্যাং নদীতি ॥১৩—১৪॥ নল্পেবংবিধক্ত কথামতিক্ষেত্বমৃত্যতেহত আহ—যথা হীতি।
চক্রমণ্ডলে চক্রাধিষ্টিতে মনসীত্যর্থঃ। যতেতদ্বন্ধাণ্ডং মহাপ্রমাণং ক্রাৎ কথং তর্হি গিরিগুইহকদেশস্থা যোগী স্বীয়ে ক্ষেত্র হৃদয়াবকাশে তৎকৃৎস্মাদর্শন্থবৎ পঞ্চেৎ ? ন হৃলপ্রমাণে
সর্বপাদে মহাপ্রমাণানাং মের্ব্রাদীনাং সন্নিবেশো যুজ্যতে, প্রপঞ্চক্ত স্বপ্রাদিবদনির্ব্যচনীয়-

কুকনন্দন। এখন আপনার নিকট স্থদর্শনদ্বীপের (জমূদ্বীপের) বিষয় বলিব।
মহাবাজ। এই দ্বীপটা চক্রের ন্যায় গোলাকার এবং নদী, মেঘতুল্য নীলবর্ণ
পর্বত, নানাবিধ নগর ও মনোহর দেশসমূহে ব্যাপ্ত, আর ফল-পুপ্পযুক্ত বৃক্ষ, ধন
ও ধান্যসমন্থিত, বিশেষতঃ লবণসমুদ্রে পবিবেষ্টিত ॥১২—১৪॥

<sup>(</sup>১৩) नहीकनथा ७ व्हा - नि । (১৪) - मण्या धनधा खरान् । वदान ममूर्व - दा द दा नि ।

দ্বিবংশে পিপ্পলস্তত্ত্ব দ্বিবংশে চ শশো মহান্।
সবে বিধিসমাবায়ঃ সর্ববিতঃ পবিবাবিতঃ ॥১৬॥
আপস্ততোহন্যা বিজ্ঞেষাঃ শেষঃ সংক্ষেপ উচ্যতে।
ততোহন্য উচ্যতে চাষমেনং সংক্ষেপতঃ শূণু ॥১৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈষাসিক্যাং ভীত্মপর্ব্বণি জন্মুখণ্ডবিনির্মাণে স্থদর্শনদ্বীপবর্ণনে পঞ্চমোহধ্যায়ঃ ॥০॥

# ভাবতকোমূদী

স্বদর্শনদ্বীপং বিভজতে—দ্বিরিতি। তত্র চতুরংশাতাকে স্বদর্শনদ্বীপে, দ্বিরংশে অংশদরে আর্দ্ধি পির্পুলা নাম মহান্ দেশে। দ্বিরুংশে অপরার্দ্ধে চ শশো নাম মহান্ দেশে। বর্ত্ততে। উভয়োহপ্যসৌ দেশঃ, সর্ব্বাসামোষধীনাং সমাবায়ঃ সমৃহো যত্র সঃ, সর্ব্বতঃ পরিবারিতো লবণ-সমৃত্রেণ বেষ্টিত্রু ॥১৬॥

আপ ইতি। ততঃ স্থলকপাৎ স্থাদর্শনিদীপাৎ, অক্সা আপো বহির্ভাগা জলময়া বিজ্ঞেয়া, লবণসমুদ্রময়ত্বাৎ। শেষঃ স্থাদরিদীপ অবশিষ্টো বিষয়া, সংক্ষেপঃ কৃত্বা উচাতে। ততঃ সমুদ্রাৎ পরঞ্চান্তঃ অবং প্রকাদিদ্বীপ উচাতে। এবং স্থাদরিশীপ সংক্ষেপতঃ শৃনু ॥১৭॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহরিদাসদিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতারাং মহাভারতটীকারাং ভারতকৌমূদীসমাথ্যাযাং ভীম্মপর্বাণি জন্মুখণ্ডবিনির্মাণে পঞ্চমোহধ্যায়: ॥।॥

### ভাৰতভাৰদীপঃ

ষাদীকারং বিনেতি ভাব: ॥১৫॥ বিরংশ ইতি। তত্র-চক্রমগুলাধ্যে মনসি অংশে একদেশে বৃত্তানন্তাদনন্তস্থ মনস একদেশ একাকারা ফুলা বৃত্তিরংশন্তর বিংকার্য্যকারণরূপেণ স্থূলফুল্ব-রূপেণ বা বিরাবৃত্তঃ পিপ্পলো গীতাস্থ বৃক্ষ্যমাণঃ সংসারাশ্বখোহন্তি সর্বমেতলনোমাত্রমিত্যর্থঃ। বিরংশে চ শশো মহান্ চকারাভ্ত্তেতাস্থ্বর্ত্তে তন্মিরেব মনসি মহান্ পরমাত্মা শশ ইব শশঃ প্রগতিঃ শীদ্রগামী মনসো জবীর ইতি। "তদ্ভাবতোহ্সানত্যেতী"তি চ শ্রুতেঃ। অংশে একদেশে বির্বর্ত্তে নির্ম্যানিযামকভাবেনেত্যর্থঃ। তথা চ কার্য্যকারণপ্রপঞ্চো জীব ঈশ্বরশ্চ পরবৃদ্ধণাহ্নিত্ত নির্ম্যানিযামকভাবেনেত্যর্থঃ। তথা চ কার্য্যকারণপ্রপঞ্চো জীব ঈশ্বরশ্চ পরবৃদ্ধণাহ্নিতঃ বৃত্তি। আপ ইত্যস্থূপ্লক্ষিতঃ ভৃতপঞ্চকম্চ্যতে। "আপঃ পুরুব্বচসো

মানুষ যেমন নিজের মূখেব প্রতিবিদ্ধ দর্গণেব ভিতবে দেখিতে পায়, সেইবলপ এই জমূদ্বীপের শাশনামক ভাগেব প্রতিবিদ্ধ চন্দ্রমণ্ডলে দেখিতে পাওয়া যায় ॥১৫॥ এই জমূদ্বীপেব এক অর্দ্ধে 'পিপ্লল'-নামে বিশাল দেশ এবং অপর অর্দ্ধে 'শাশ'-নামে বৃহৎ দেশ বহিয়াছে। এই উভয়দেশেই সমস্ত ওম্বধি আছে এবং উভয়দেশই লবণসমুদ্রে পবিবেপ্তিত হইয়া বহিয়াছে॥১৬॥

# ষষ্ঠোইধ্যায়ঃ।

-----

# প্রতবাপ্ত উবাচ।

উল্লে দ্বীপস্থ সংক্ষেপো বুদ্ধিমন্। বিধিবত্ত্বয়া।
তত্ত্বজ্ঞশ্চাসি সর্ববস্থা বিস্তাবং ক্রহি সঞ্জয়। ॥১॥
যাবান্ ভূম্যবকাশোহয়ং দৃশ্যতে শশলকণে।
তত্ম প্রমাণং প্রক্রহি ততাে বক্ষ্যসি পিপ্পলম্॥২॥

# ভাবতকোমুদী

উক্ত ইতি। সর্বস্থে জগতন্তত্ত্বজ্ঞশ্চাসি, বেদব্যাসবরপ্রভাবাদিতি ভাব: ॥১॥ ভাবতভাবদীপঃ

ভবন্ধী'ত্যাদিশ্রতে তথাদর্শনাং। এতেন কংলং ভ্ততেত্রতিকং কার্যাং ততঃ শশাদন্থ। তিই লাবণং বস্তু তদভিন্নং স্থাদিত্যাশকাহি—শেষ সংক্ষেপ উচাতে ইতি, সমন্তকার্যাপ্রলয়ে সতি শিক্সত ইতি শেষ:। কারণং তদপি সংক্ষেপঃ কার্যাব্যেব হল্মং রূপমানুঞ্চিতাবরবর্ণ্ম-সমানম্চাতেইতোহব্যাক্সতং কারণমপ্যাপ ইবানাজ্যৈবত্যর্থঃ। ততো ব্যাক্ষতাব্যাক্সতা-দ্মাদন্তঃ শশঃ শুদ্ধং ব্রহ্ম তদেব অরং প্রতাগাত্মা জীব ইত্যুচাতে বেদে "ভত্ত্মস্থাহং ব্রহ্মাশ্মি অন্তমাত্মা ব্রক্ষোত্যাদৌ পরমাত্মন এব প্রতাগাত্মবম্চাতে ন ততোহক্যো জীবো নাম কন্চিচিদ্ধাত্রস্তীত্যর্থঃ। এনং প্রতাগভিন্নং পরমেশ্বরং শশাখাং সজ্জেপতো মন্বা প্রোচ্যমানং শৃণু ॥১৭॥ ইতি করণে, জঘু ইতি জঘুদীপঃ খণ্ড একদেশো বস্তু তস্তু ব্রহ্মাণ্ড্রস্থাণে বিস্তারে ইত্যর্থঃ।

ইতি শ্রীমহাভারতে ভীম্মপর্কাণি নৈলকণ্ঠীরে ভারতভাবদীপে পঞ্চমোহধ্যায়: ॥৫॥

পিপ্লদশরো: স্বরণশ্রবণে স্বস্থানধিকারং পশ্যন্ স্থূলমেব তাবৎ ভগবতো রূপং শ্রোতৃ-মিচ্ছন্ ধুতরাষ্ট্র উবাচ—উজে দীপস্থেতি। দ্বীপস্থ বিস্তরমিতি সম্বন্ধ: ॥১॥ যাবানিতি।

তাহার বাহিরে জল আছে। ইহার অবশিষ্ট বিষয় সংক্ষেপ ক্রবিয়া বলিব। তাহার পবে আবার দ্বীপ রহিয়াছে। এই বিষয় সংক্ষেপে শ্রবণ কক্ন"॥১৭॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"বুদ্ধিমান্ সঞ্জয! ছুমি যথানিযমে সংক্ষেপে জমুবীপের বিষয় বলিয়াছ; এখন উহার বিস্তাব বল। কাবণ, ছুমি বেদব্যাসের বরপ্রভাবে সমগ্র জগতের তম্বজ্ঞ হইয়াছ॥১॥

<sup>(</sup>১) বি**ত**রং জহি-পি বা ব রা।

বৈশস্পায়ন উবাচ। এবং বাজ্ঞা স পৃষ্টস্ত সঞ্জযো বাক্যমত্ত্ৰবীৎ। সঞ্জয উবাচ।

প্রাগাযতা মহারাজ। ষড়েতে বর্ষপর্ববতাঃ। অবগাঢ়া হ্যভযতঃ সমুদ্রো পূর্ববপশ্চিমো ॥৩॥ হিমবান্ হেমকূটশ্চ নিষধশ্চ নগোভমঃ। নীলশ্চ বৈদুর্য্যময়ঃ শ্বেতশ্চ শশিসন্নিভঃ॥৪॥

# ভারতকোমুদী

যাবানিতি। ভূমিনগো>ববাশো ভূমাব্ৰাশ:, দশলন্ত্ৰণ পূৰ্বাধ্যাল্লান্তে দশাধ্য-ভদ্বীপাৰ্কে। পিপ্ৰবং তদাখাং ভদ্বীপাপরাজন্ ॥২॥

এবমিতি। প্রাগাহতা: পূর্ববিশ্বনদীর্ঘা:। অবগাঢ়া: প্রবিষ্ঠা:, উভয়ত উভয়ো: পূর্ব-পশ্চিমকোর্দিশো:। বট্পাদোহযা: শোক:। অতা নীলকণ্ঠবদপ্রাসন্মিক: ব্যাখ্যানমুপেক্ষিতম্ ॥৩॥

#### ভাবতভাবদীপঃ

শশলকণে পর্মাত্মনা জাপকে মায়াশ্বলে হার্দে ব্রহ্মণি মায়াকল্পিতো ভ্যাবকাশো যাবান্
বাবহারদৃষ্টা সত্যবং প্রতীয়মানো যোগিবরৈদ্ গ্যতে তক্ত প্রমাণং প্রব্রহি। নম্ন কারণযেবাদো জাতবাং বজ্জানাং দার্ব্বজ্ঞাং ভবতীতি বেদে প্রসিদ্ধা কিং দ্বীপজ্ঞানেনেতাশিক্ষাহ—
ততো বফাদি পিপ্লামিতি। শশক বক্ষাদীতি শেবং। প্রাণেষ কারণজ্ঞানাং তজবিভ্তিকার্যায়েব বদে তাতেন তত্রাতাস্ত্রমাদরো ভগবতীতি ভাবং ॥২॥ প্রাগায়তাঃ প্র্বপশ্চিমসম্প্রম্পর্শিনং। অত্যেং শাস্তাম্ভবক্ষার্বিরোধেন ভ্রুদ্ধনা প্রতিভাতি। যথা হন্তমাত্রত্র
চত্বক্রত চতু বংশতাস্থলানি পরিণাহং বর্ধবতাস্থলানি পরিধিং কিঞ্চিন্তন্নানি চতুত্রিংশবন্ত্রানি কর্ণো ভবতি। এবন্ স্প্রাদশসহস্রাণি ষ্ট্রণতানি চ জম্পর্বসংজ্ঞিতানা ভ্রং প্রমাণমৃত্যং তদেবাত্র পরিদিত্বেন কল্লিতং তচতুর্থাংশত্বেন চত্বারি সহস্রাণি বট্ণতানি পঞ্চাশচ্চ
বোজনাহেকিকো ভূজ ইতি তদেব সম্যত্রেক্রত্র বিজ্ঞপ্রমাণ্য, অত্য কর্ণং শুরশাস্ত্রোভ্রত্ন তাা
বিশ্বস্থাণি পঞ্চবতানি বট্সপ্রতিশ্চ যোজনানি তল্পান্ত ভ্রত্র্যক্রত্র চতুভিং সম্ত্রেবিপ্রিতন্ত্র

জনুবীপের শশনামক ভাগে বত্তথানি ভূমি দেখা বাব, তাহার পরিমাণ বল; তাহার পবে পিপ্ললভাগের বিষয় বলিবে"॥२॥

বৈশম্পায়ন কহিলেন—ধৃতবাষ্ট্র এইরূপ জিজ্ঞাসা করিলে, সঞ্জয় এই সকল বাক্য বলিতে লাগিলেন। সঞ্জয় বলিলেন—"মহারাজ। পূর্ব ও পশ্চিমে বিস্তৃত এই ছযটা বর্ষপর্বতে ঐ উভয়দিকে পূর্বব ও পশ্চিম সমুদ্রে প্রবেশ করিয়া রহিয়াছে॥॥

<sup>(</sup>৩)·· বড়েতে রত্বপর্বতা:-পি।

সর্ব্বধাতুবিচিত্রশ্চ শৃঙ্গবান্ নাম পর্ববতঃ। এতে বৈ পর্ববতা বাজন্। সিদ্ধচাবণদেবিতাঃ॥৫॥ (যুগ্মকম্) এষামন্তরবিক্ষন্তা যোজনানি সহস্রশঃ। তত্র পুণ্যা জনপদাস্তানি বর্ষাণি ভাবত।॥৬॥

## ভাবতকোমুদী

অথ কে তে ষড্বর্ষপর্বভা ইত্যাহ—হিমবানিতি। নগোন্তমঃ পর্বভশ্রেষ্ঠঃ। বৈদ্ধ্যময়ো বৈদ্ধামণিবছলঃ। এতে ষট্, পর্বভা বর্ষপর্বভাঃ ॥৪—৫।

এষামিতি। অন্তরাণি মধ্যদেশান্ বিক্ষভ্, স্তি ষোজয়ন্তীতি তে দেশাঃ ॥৬॥

#### ভারভভাবদীপঃ

দিক্ষ্ সমূদ্রসরয়ো: জ্ঞেরা:। যত্ত্ত জ্যোতির্বিদাং ভূপরিধি: সপ্তাঞ্চনন্দারিযোজন-(৪৯৬৭) সন্মিতোহভিমতঃ স এব†স্মাকং চতুরপ্রবিক্ষতঃ খবাণরসবেদমিতঃ-(৪৬৫∙)। যত্ত, এতয়ো-রম্ভরং সপ্তেন্দুরামা: (৩১৭) ভদপি যদমানেনোর্ধবাহুনা প্রপদোচ্ছিতেন সমপাদস্থিতেন বা উন্মিতভা স্ত্রভা যঃ পঞ্মোহংশঃ স হস্ত ইতি বিকল্পভা কাড্যায়নাদিভিক্সজন্দানন্তপ্রমাণভেদ-কল্পনলা বোজনবছথাল্ল ব্লুবেচনেন স্মাধের্ম। তথা ভূমেশ্চ তুর্ত্রত্বেই পি তন্মধ্যস্থমত্যুদ্ধিতং মেকং প্রদক্ষিণীকুর্বতঃ হুর্যান্ত মার্গো মণ্ডলাকারোহন্তীভি ন বৌদ্ধাভিমতং হুর্যাহরং কল্প্যাং ভবতি। অন্তৎ দর্বং যুক্তাবিকরং জ্যোতির্বিন্মতমেবাত্রাত্মদর্ভব্যম্। যন্ত, পুরাণে পঞ্চাশৎ-কোটিযোজনং ভূগোলপ্রমাণমিত্যুক্তং তদপ্যচিন্ত্যাঃ থলু যে ভাবা ন ভাংস্তর্কেণ সাধরেদিত্যনে-নৈব প্রত্যুক্তম্। অব্যবস্থিততান্মভানামনির্বাচনীয়বাদ এব শরণীকরণীয় ইত্যেব বরম্। যদা সর্বত ষৎপ্রমাণং দৃষ্টং ভিষংশাংশেন ভাষোধ্যং ডেন পঞ্চশৎকোটিস্থানে সার্দ্ধকোটিম্বর-লক্ষ্ণানে পঞ্সহত্রবিন্তারো জন্ব্দীপ:। বিস্তারা ভূমিঃ। নরসহস্রস্থানে সাদ্ধচতুঃশত-বোজনায়ামং ভরতথগুমিতি। অশ্মিন্ পক্ষে উদাহরিয়ামাণবৈষ্ণবাদিবাক্যেভ্যে ভত্বুদীপ-শ্চতুর্দলক্যলাকার: তত্মান্রান্ত: পরিধি: বট্শতাধিকাক্তপ্তাদশ্যোজনসহন্রাণি। ত্রয়ন্তিংশচ্ছতানি মধ্যব্যাস:। তেন ফলড: পঞ্চসহত্রব্যাসতা ক্রেরা। এবং সত্তি যদা প্রাগায়তো হিমাচল: প্র্রপশ্চিমসম্ক্রো স্পৃষ্ট্যন্তি তদারং ভরতবর্ষস্ত্রিকোণো ভবতি তেন পৃথিবী ত্রিকোণেতি লোকপ্রবাদোহত্তবশ্চাত্ততে। ভবতি। অন্তথা ভরতবর্ষত্ত ধহুরাকারত্বে ভূমধ্যরেখাযা শস্কাতঃ সেতৃমার্গেণ প্রস্থিতায়াঃ "পুরী রক্ষ্যাং দেবক্ষ্যাথ কাঞ্চী সিডঃ পর্বতঃ পর্যালী বৎসগুলাম্। পুরী চোজ্জিরিকাহবয়া গর্গরাটিং কুরুক্ষেত্রমেষা ভূবো মধ্যরেধে"তি অর্থামাণয়া মধারেথয়া কুরুক্ষেত্রস্থ রামনেতু: সন্নিহিতো দারকা চ দূরে স্থাৎ। দারকা সমীপে সেতুশ্চ দ্রে ইতি প্রত্যক্ষমূপলভাতে। ভরতবর্ষস্থ ত্রিকোণত্রমিভোষের কল্পনা সাধীরসীতি দিক

রাজা ! হিমালয়, হেমকূট, পর্ববতত্রেষ্ঠ নিষধ, বৈদূর্ঘ্যমণিময় নীল, চন্দ্রভূল্য শেত এবং সর্ববধাভূবিচিত্র শৃঙ্গবান্, সিদ্ধচারণদেবিত—এই ছয়টা বর্ষপর্বত ॥৪—১৫॥

<sup>(</sup>e) সর্বাধাতু পিনদ্ধশ্চ-পি।

বসন্তি তেয়ু সত্ত্বানি নানাজাতীনি সর্বনাঃ।
ইদন্ত ভাবতং বর্ষং ততাে হিমবতঃ পবম্ ॥৭॥
ততঃ কিংপুরুষাবাসং বর্ষং হিমবতঃ পবম্।
হেমকূটাৎ পবক্ষৈব হবিবর্ষং প্রচক্ষতে ॥৮॥
দক্ষিণেন ভু নীলস্থা নিষধস্থােত্তবেণ ভু।
প্রাগায়তাে মহাভাগ। মাল্যবান্ নাম পর্বতঃ ॥৯॥
ততঃ পবং মাল্যবতঃ পর্বতাে গন্ধমাদনঃ।
পবিমণ্ডলস্তযাের্মধ্যে মেকঃ কনকপর্বতঃ ॥১০॥

### ভারতকোমুদী

বসস্তীতি। সত্তানি প্রাণিন:। পরং দক্ষিণভাগে ॥৭॥
ভত ইতি। পরস্তরত:। হেমক্টাৎ পরং দক্ষিণত: ॥৮॥
দক্ষিণেনেতি। দক্ষিণেন অদ্রদক্ষিণদেশে। এবস্তরেণেতি ॥১॥
ভাবতভাবদীপঃ

তে—৫॥ এবং দক্ষিণাং দিশমারভ্য যাবছন্তরসমাপ্তি ষট্ প্রাক্পন্চিমারতাঃ পর্বতাজ্যিন সপ্ত বর্বাণি ভবন্তি, মধ্যে মধ্যে বাসযোগ্যানি স্থানানি ভবন্তি, তেষাং স্থানানাং বর্বাখ্যানান্মন্তরমাহ—এবামিতি। বিদ্বজ্ঞা বিস্তারঃ নহস্রশঃ শব্দ এব শত্শঃ শব্দপরঃ কর্ত্বতাঃ। লঙ্গানিমাচলরোরনেকসহস্রযোজনান্তরাভাবাৎ ষষ্ট্যধিকশতচতুক্ষযোজনসন্থিত স্থাব্দরম্ভ প্রসিদ্ধেঃ। ছত্রাপি শতং সেতোঃ পরতঃ ষষ্ট্যধিকত্রিশতং যোজনানি সেতৃতো হিমানর ইতি প্রত্যক্ষনিদ্ধ। বর্বাণি—বর্বস্থি কামিঃ নিঞ্জি প্রয়ন্তীতি বর্বাণি রম্যুন্থানানি ॥॥ বসস্থাব্ তানি বর্যাণীতি যোগান্তরমাহ—বসন্তীতি। হিমবতো দন্ধিণে ভারতং বর্ষম্, উত্তরভো হৈমবতং বর্ষং দ্বিতীয়ন্ ॥৭॥ হেমক্টনিষধরোর্মধ্যে হরিবর্বন্, নিষধনীলয়োর্মধ্যে বর্ষবিভাগমাহ—দন্ধিণেতি। দন্ধিণেন দক্ষিণতঃ সমীপ ইতার্থঃ। এবম্তরেণেভাানে জ্রেরন্ ॥৮॥ নীলনিষধরোর্মধ্যে মেকস্তস্ত প্রাক্ মাল্যবান্ প্র্বিসম্জাবধিঃ পশ্চিমসম্জাবধির্গরমাদন ইতার্থঃ

ভবতনন্দন! এই পর্ববভগুলির মধ্যবর্ত্তী দেশ সকল সহস্র সহস্র যোজন-বিস্তৃত। তাহাতে যে সকল পবিত্র দেশ আছে, সেইগুলিকেই বর্ষ বলে ॥৬॥

সেই বর্ষগুলিতে নানাজাতীয় প্রাণী সকল বাস কবে। সেই হিমালযেব দক্ষিণদিকে এই ভাবতবর্ষ ॥৭॥

তাহাব পর হিমালযের উত্তবে এবং হেমকুটেব দক্ষিণে বিন্নরগণের বাসস্থান হরিবর্ষনামক বর্ষ কথিত আছে ॥৮॥

মহাভাগ! নীলগিরিব দক্ষিণে ও নিষধগিবির উত্তবে পূর্বব ও পশ্চিমে বিস্তৃত 'মাল্যবান্'-নামে একটা পর্ববত আছে ॥১॥

<sup>(</sup>१) देश्यवर्णाः शत्रम्-शिवाव त्रा। (৮) श्र्वार्कः शिवाव त्रा नान्छ।

ì

তয়ণাদিত্যসন্ধাশো বিধূম ইব পাবকঃ।
বোজনানাং সহস্রাণি চতুরাণীতিমুচ্ছি তঃ ॥১১॥
অধস্তাচচতুবাণীতির্যোজনানাং মহীপতে।।
ঊদ্ধামণচ তির্যাক্ চ মেরুবারত্য তিষ্ঠতি ॥১২॥
তস্তা পার্শেষমী দ্বীপাশ্চত্বাবঃ সংস্থিতা বিভাে।
ভদ্রাশ্বঃ কেতুমালশ্চ জন্মুদ্বীপশ্চ ভাবত।।
উত্তবাশ্বৈচব কুববঃ কৃতপুণ্যপ্রতিশ্রেষাঃ॥১১॥
বিহগঃ স্থমুপো যস্ত স্থপর্ণস্থাত্মজঃ কিল।
স বৈ বিচিন্তবামাদ স্থপর্ণান্ প্রেক্ষ্য বাযদান্॥১৪॥

## ভারতকৌমুদী

তত ইতি। পরিমণ্ডলো গোলাকার:, তথোর্মাল্যবদ্গদ্ধমাদনয়ো:। অক্সরাধিকামার্থন্ ॥১০॥
মেরুং বিশিনষ্টি—তরুণেতি। চতুরাশীতিক যোদ্ধনানান্, উদ্ভিত উন্নত: ॥১১॥
অধন্তাদিতি। অধন্তাৎ ভূম্যভান্তরে। আবৃত্য ব্যাপ্য ॥১২॥

তত্মেতি। পার্থেষ্ চতক্ষ্ দিক্, দ্বীপা দ্বীপবদ্বৃহস্তি বর্ধাণি। জফ্দীপস্তত্তত্যং ভারতং বর্ধন্। ক্বতঃ পুলাঃ পুলাবদ্ভিঃ প্রতিশ্রেষ আশ্রেষা যেষ্ তে। বট্পাদোহরং শ্লোকঃ ১১০॥

#### ভাবতভাবদীপঃ

॥৯॥ পরিমণ্ডলশব্দশু পূর্ব্বোক্ত এবার্থ:, অত্যাশ্চর্য্যায়ো মেক: প্রভিক্ষণং নবো নব ইত্যর্থ:।
আদিত্যভক্ষণো বালাদিত্য: ॥>০॥ চতুরশীভিসহস্রস্থানে বিচডাহিংশচ্ছতী উচ্ছায়ো বোধা:, অধন্তাৎ ভূমের্গর্ভে ॥>১॥ ভক্ত পার্যেছিত। পার্যেষ্ চতুর্দিক্ষ্ দ্বীপা ইব দ্বীপা: নগ্মন্তর্ত্বাদ্বাণি ॥>২॥ ভদ্রাশ্বাদিসাহচর্যাজ্জঘূদ্বীপশব্দে হত্র ভরতবর্ষপরস্বস্থ তৎসারত্ত্বাপনার্থ:
ভানেব স্তৌতি—কৃতপুণাপ্রতিশ্রয়া ইত্যাদিনা। কৃতা বিহিতা: পুণার্যন্তি: প্রতিশ্রয়া

সেই মাল্যবান্ পর্বতেব পরে গন্ধনাদনপর্বত বহিষাছে এবং মাল্যবান্ ও গন্ধমাদনপর্বতেব মধ্যে গোলাকাব ও স্বর্ণময় মেকপর্বত আছে ॥১০॥

সেই মেকপর্বত—উদযমান সূর্য্য ও ধূমশূতা অগ্নিব তায উচ্ছল এবং চৌবাশী হাজাব যোজন উচ্চ ॥১১॥

রাজা! আর সেই মেকপর্বত চোবাশী যোজন ভূগর্ভে প্রবিষ্ট। এইভাবে সেই মেকপর্বত উদ্ধি, অধ ও তির্যাক্ দিক্ সকল ব্যাপ্ত কবিয়া বহিষাছে ॥১২॥

ভরতনন্দন। রাজা। সেই মেকর চারি পার্শ্বে এই চাবিটা বিশাল বর্ধ বহিষাছে; ভদ্রাশ, কেসুমাল, ভারত ও পুণ্যবান্দিগেব আশ্রয উত্তরকুক ॥১৩॥

<sup>(</sup>১১) আদি গুঙরণাভাস:—পি বা ব রা, চতুরণীতিমুদ্ধিত:—পি চতুরণীতিক চিত্রণীতিক চি

মেরুরুত্তমমধ্যানামধমানাঞ্চ পক্ষিণাম্।
অবিশেষকবো যম্মাত্তম্মাদেনং ত্যজাম্যহম্ ॥১৫॥
তমাদিত্যোহনুপর্য্যেতি সততং জ্যোতিষাং ববঃ।
চন্দ্রমাশ্চ সনক্ষত্রো বাষুশৈচব প্রদক্ষিণঃ॥১৬॥
স পর্বতো মহাবাজ। দিব্যপুষ্পফলান্বিতঃ।
ভবনৈরান্বতঃ সর্বৈর্জান্ত্রনদপবিস্কৃতিঃ॥১৭॥
তত্র দেবগণা বাজন্। গন্ধবাস্থ্ববাক্ষ্মাঃ।
অপ্সবোগণসংযুক্তাঃ শৈলে ক্রীড়ন্তি সর্বদা ॥১৮॥
তত্র ব্রন্মা চ কদেশ্চ শক্রশ্চাপি স্থরেশ্বরঃ।
সমেত্য বিবিধৈর্যজ্যের্জন্তেহনেকদক্ষিণৈঃ॥১৯॥

# ভাবতকোমুদী

বিহগ ইতি। স্থাধা নাম, স্পর্ণপ্ত গরুজ্ত। স্পর্ণান্ শোভনপক্ষান্ ॥১৪॥
মেকরিতি। অবিশেষকরো বারদানামিপি। শোভনপক্ষজননাদতারতম্যকর: ॥১৫॥
তমিতি। তং মেরুন্, অস্পর্যোতি প্রত্যহং পরিক্রামতি ॥১৬॥
দ ইতি। দ মেরু:। জাম্বনদপরিত্বতঃ স্বর্ণভ্বিতঃ ॥১৭॥
ভত্তেতি। তত্র শৈলে মেরৌ ॥১৮॥
ভত্তেতি। সমেত্য মিলিতা। অনেকা দক্ষিণা যেষু তৈঃ ॥১৯॥

#### ভাবতভাবদীপঃ

আশ্রমা বেষু তে ॥১০॥ তত্ত স্মুখাখ্যেন পক্ষিণা মেরং ত্যক্ত্বা প্রশ্রম্বঃ ক্বত ইত্যাহ—বিহগ ইতি ঘাভ্যাম্ ॥১৪। এনং ত্যজামি তাজ্বা উত্তরান্ কুরনেব গচ্ছামীতি শেষঃ ॥১৫॥ তং

'স্বৃথ'-নামে গকডের যে পক্ষী পুত্র ছিলেন, তিনি স্থমেকপর্বতে কাক-গুলিবও স্থন্দর পক্ষ দেখিযা চিন্তা করিয়াছিলেন—॥১৪॥

'স্থমেকপর্ববত ষথন উত্তম, মধ্যম ও অধম পক্ষিগণেবও কোন তাবতম্য করে না, তথন উহাকে আমি ত্যাগ করিব'॥১৫॥

তেজস্বিশ্রেষ্ঠ সূর্য্য, চন্দ্র, নন্দত্র ও বাযু—ইহাবা সর্ববদাই প্রদক্ষিণক্রমে সেই স্থমেকপর্ববতের সবল দিকে পরিভ্রমণ কবেন ॥১৬॥

মহারাজ। দিব্য পুষ্পা ও ফলসমন্থিত সেই স্থমেকপর্ববত স্বর্ণভূবিত দর্বব-প্রকার ভবনে পরিব্যাপ্ত বহিষাছে ॥১৭॥

রাজা! দেবর্গণ, গন্ধর্ববর্গণ, অস্ত্বর্গণ ও বাক্ষসগণ অপ্সরাদেব সহিত মিলিত হইয়া সর্ববদাই সেই স্থমেকপর্বতে ক্রীডা বরিষা থাবেন ॥১৮॥ ভুদ্মুরুর্নাবদদৈচৰ বিশ্বাবস্থাইহা হুল্থ ।
আভিগম্যামরশ্রেষ্ঠাংস্কুফী বুর্বিবিধাঃ স্তবিঃ ॥২০॥
সপ্তর্যযো মহাত্মানঃ কশ্যপশ্চ প্রজাপতিঃ ।
তত্ত্ব গচ্ছন্তি ভদ্রং তে সদা পর্ববি পর্ববি ॥২১॥
তথ্যৈব মূর্দ্ধমুগনাঃ কাব্যো দৈত্যৈম হীয়তে ।
তত্য হৈমানি রত্নানি তত্যেমে রত্নপর্বতাঃ ॥২২॥
তত্মাৎ কুবেবো ভগবাংশ্চভুর্থং ভাগমশ্বতে ।
ততঃ কলাংশং বিত্তত্য মনুযোভ্যঃ প্রযচ্ছতি ॥২৩॥

## ভাবতকৌমুদী

তুষ্করিতি। তুষ্কপ্রভৃতীনি গরকাণাং নামানি ॥२०॥

সপ্তেতি। তে প্রশিদ্ধা:, ভদ্রং সুধদঞ্চারস্থানস্থানির্বিদ্ধং গচ্ছন্তি॥২১॥

তত্মেতি। তত্মৈব মেরোরেব, উপনাং শুক্রং, কাব্যং কবের্ভ্গোং পুক্রং, মহীরতে অব-তিষ্ঠতে। হৈমানি হেমবুন্দানি, তস্ত্র মেরোরেব ॥২২॥

তশাদিতি। তশানোনো:। বিস্তস্ত তদ্ধনস্ত্য, কলাংশং বোডণভাগলেশম্॥২৩॥ ভাবতভাবদীপঃ

মেক্মাদিত্যেহনুপর্ব্যেতি প্রদক্ষিণীকরোতি ॥১৬—২১॥ কাব্য: কবিশ্রেষ্ঠ: শুক্রো রমত ইতি শেষ:। তম্ম কাব্যম্ম ॥২২॥ তম্মাৎ কাব্যাৎ, ততঃ কুবেরাৎ, কলাংশং ষোডশ-

ব্রহ্মা, কদ্র ও দেববাজ ইন্দ্র—ইঁহাবা মিলিত হইথা সেই স্থমেকপর্ববতে প্রচুর দক্ষিণাযুক্ত নানাবিধ যজ্ঞ সম্পাদন করেন॥১৯॥

তুন্মুক, নারদ, বিশ্বাবস্থ, হহা ও হুহুপ্রভৃতি গন্ধর্বেবনা সেইখানে যাইয়। নানাবিধ স্তবদ্বারা দেবভোষ্ঠদিগকে সম্ভুক্ত করিয়া থাকেন ॥২০॥

জগদিখ্যাত মহাত্মা সপ্তর্মিবা ও প্রজাপতি কশ্যপ প্রত্যেক উৎসবেব সমযে সেই স্থমেকপর্বতে নিবিবল্পে গমন করিষা থাকেন ॥২১॥

ভৃগুনন্দন শুক্রাচার্য্য দৈত্যগণেব সহিত সেই স্থানেকপর্ববতেরই উপরিভাগে অবস্থান কবেন এবং স্বর্ণপুঞ্জ ও বত্নসমূহ সেই স্থানেকপর্ববতেরই অংশ, আব এই সকল রত্নপর্ববত্তও স্থানেকপর্ববতেরই বিকার ॥২২॥

ভগবান্ কুবের সেই স্থমেকপর্বত হইতে চতুর্থভাগ আন্তবন কবিয়া ভোগ করেন এবং তৎপবে সেই ধনেব ষোড়শভাগের কিযদংশ মনুস্থাগণকে দান করেন ॥২৩॥

<sup>(</sup>२)...रेमरेअर्यशैभरतः। हेमानि ज्य तक्वानि—वा व जा नि।

পার্শ্বে তস্যোত্তবে দিব্যং সর্ব্বর্ত্ত কুর্থু মৈন্চিত্রন্ ।
কর্ণিকারবনং বম্যং শিলাজালসমূদ্গতম্ ॥২৪॥
তত্র সাক্ষাৎ পশুপতির্দিব্যৈন্ত্ তিঃ সমারতঃ ।
উমাসহাযো ভগবান্ রমতে ভূতভাবনঃ ॥২৫॥
কর্ণিকাবমযীং মালাং বিভ্রৎ পাদাবলম্বিনীম্ ।
ত্রিভিনে ত্রৈঃ ক্তোভোতস্ত্রিভিঃ সূর্য্যেবিবোদিতৈঃ ॥২৬॥
তমুগ্রতপদঃ সিদ্ধাঃ স্থব্রতাঃ সত্যবাদিনঃ ।
পশুন্তি নহি তুর্ব ত্রৈঃ শক্যো দ্রেন্টুং মহেশ্বঃ ॥২৭॥
তস্থ্য শৈলস্থ শিখরাৎ ক্ষীবধারা নবেশ্বঃ । ।
বিশ্বরূপাহপবিমিতা ভীমনির্ঘাতনিস্বনা ॥২৮॥

# ভারতকোমুদী

পার্ষ ইতি। চিতং ব্যাপ্তম্। শিলাজালাৎ পাবাণসমূহাৎ সমৃদ্গতম্ ॥২৪॥
তত্ত্তেতি। পশুপতি: শিব:, ভূতৈ: স্বগণৈ:। ভূতালাং ভাবন: প্রষ্টা ॥২৫॥
কণিকারেতি। বিশ্রৎ ধারস্থন্। ভূত উদ্দ্যোত: প্রস্থাধো যেন স বর্ত্ততে ॥২৬॥
তমিতি। তং পশুপতিম্। হ্রুটিত: পাপিভি: ॥২৭॥

তত্তেতি। তত্ত মেরো:, কীরত্যেব গুলা ধারা যত্তা: সা। বিধরণা দ্রবীভূতবিফুরণা, অপরিমিতা উৎপত্তিস্থানাদর্শনাৎ, ভীমো নির্ঘাতনিস্থন: পতনাঘাতশন্যো যত্তা: সা। ভূটা ভাবতভাবদীপঃ

ভাগতাপি নেশম্ ॥২০॥ কর্ণিকারা রাজবৃক্ষান্তেষাং বন্দ্ ॥২৪—২ । জীরবৎ থেতা ধারা মতাঃ না গদা বিশ্বরূপা বিশ্বো বিষ্ণুতজেপা , তথা চ স্মরন্তি—"যোহনৌ সর্বগতো বিষ্ণু-চৎ-ম্বরূপী নিরম্ভনঃ। স এব দ্রবরূপের গদান্তো নাত্র সংশঃঃ॥" ইতি ॥২৮॥ তবৈর প্রবেশেন

সেই স্থামকপর্বতের উদ্ভবপার্ম্বে শিলাসমূহ হইতে উৎপন্ন, সকল ধতুর পুষ্পোই পবিপূর্ণ, অলোকিক ও মনোহর একটা কর্ণিকারবন আছে ॥২৪॥

জগতের স্প্তিকর্ত্তা ভগবান্ মহাদেব দিব্য ভূতগণে পবিবেষ্টিত হইযা উমাদেবীকে লইয়া শ্বয়ং সেই যনে বিহাব কবেন ॥২৫॥

তৎকালে তিনি চবণপর্যান্তলন্থিত কর্ণিকারমালা ধাবণ কবিয়া উদিত তিনটা সূর্য্যের স্থায় তিনটা নয়নদ্বাবা আলোক বিস্তার কবিয়া থাকেন ॥২৬॥

ভ্যঙ্কবতপস্থাকাৰী, দৃঢব্ৰতচাৰী ও সত্যবাদী সিদ্ধ পুক্ষের। তাঁহাকে দর্শন ক্ষ্মেন , কিন্তু পাপিষ্ঠেবা সে মহেশ্বরকে দেখিতে সমর্থ হয় ন। ॥২৭॥

নরনাথ ! তুগ্ধেব স্থায় শুভ্রধাবা, বিষ্ণুস্বরূপা, অপবিমিতা, ভাতরাত্তন । ঘাতশ্বনা, পবিত্রা, ধার্দ্মিকজনসেবিতা, ভগীরথানীতা ও উভরাহিনী গছা সেই পুণ্যা পুণ্যতমৈজু ফী গঙ্গা ভাগীরথী শুভা।
পতত্যজন্ত্রং বেগেন ব্রদে চন্দ্রমদঃ শুভে।
তথা হ্যৎপাদিতঃ পুণ্যঃ দ ব্রদঃ দাগবোপমঃ ॥২৯॥ (যুগ্মকম্)
তাং ধারথামাদ তদা ছর্দ্ধবাং পর্বতৈবপি।
শতং বর্ষদহন্দ্রাণাং শিবদৈব মহেশ্বরঃ ॥৩০॥
মেবোস্ত পশ্চিমে পার্ষে কেছুমালো মহীপতে!।
জন্মুথণ্ডে তু ভত্তিব মহাজনপদো ভূপ।॥৩১॥
আযুর্দশ দহন্দ্রাণি বর্ষাণাং তত্ত্র ভারত।।
স্থবর্ণবর্ণান্চ নবাঃ ব্রিযশ্চাম্সবদোপমাঃ ॥৩২॥
অনাম্যা বীতশোকা নিত্যং মুদিতমানদাঃ।
জাযন্তে মানবাস্তত্র নিউপ্তকনকপ্রভাঃ ॥৩৩॥
গন্ধমাদনশৃঙ্গেষু কুবেরঃ দহ বাক্ষদৈঃ।
সংরুত্তাহম্পরদাং সংবৈর্মোদতে গুহুকাধিপঃ ॥৩৪॥
ভাবতকৌমুদী

সেবিভা, ভাগীবধী ভগীরথেন ভারতে প্রবর্ত্তিভা। চন্দ্রমদো হলে চান্দ্রহুলাখ্যে গর্ত্তে। তরা গদীরে, উৎপাদিতঃ, পতনবেগেন ধননাৎ। বট্পাদেংহয়ং শ্লোকঃ ॥২৮—২৯॥

ভামিতি। তাং গদাম্। তদা ভূতলণতনকালে ॥০০॥
মেরোরিতি। কেতুমালো নাম। জফুংণ্ডে জফুদ্বীপে ॥০১॥
আায়ুরিতি। বর্বাণাং বংসরাণাম্। অকারান্তঃ অপ্যরসশব্ধ আহঃ ॥০২॥
অনামরা ইতি। নিইপ্তং নিশ্চয়েন ভপ্তং যৎ কনবং ভন্তেব প্রভা যেযাং তে ॥০০॥

স্থ্যেরুপর্বতেব শৃঙ্গ হইতে শুভ্র চান্দ্রহ্রদে বেগে অনবরত পতিত হইতেছেন। সেই গঙ্গাই সেই সমুদ্রতুল্য পবিত্র হ্রন নির্ম্মাণ কবিয়াছেন॥২৮—২৯॥

যাঁহাকে ধারণ কবা পর্ববতেব পক্ষেও চুক্ষর, সেই গঙ্গাকে তখন শৃত সহস্র বৎসরপর্য্যন্ত মহাদেব মস্তকেই ধাবণ কবিযাছিলেন ॥৩০॥

রাজা! স্থমেকপর্বিভেব পশ্চিম দিকে কেন্তুমালনামক স্থান আছে এবং জমূদ্বীপে সেই স্থানেই বৃহৎ একটা দেশও বহিষাছে॥৩১॥

ভরতনন্দন! সে স্থানে যানুষের দশ সহস্র বৎসর আযু, ভত্রত্য মানুষেরা স্বর্ণবর্ণ এবং দ্রীলোকেরা অপ্সবাদেব তুল্য ॥৩২॥

সে দেশেব মানুষেবা সর্বদাই নীবোগ, শোকশৃশ্য এবং প্রযুল্লচিত্ত, আব সে দেশে মানবগণ তপ্তকাঞ্চনবর্ণ হইযাই জন্মে ॥৩৩॥

<sup>(</sup>२৯) -- প্रवस्थाव व्यव्यव्यन—वा व ज्ञानि । (००) -- निज्ञतेनव शिनावधुक्—िश वा व ज्ञा।

গন্ধমাদনপার্শে তু পরে ত্বপবগণ্ডিকাঃ।
একাদশ সহস্রাণি বর্ষাণাং পবমাযুষঃ ॥৩৫॥
তত্র কৃষণ নবা রাজংস্তেজোযুক্তা মহাবলাঃ।
স্রিয়ন্দোৎপলবর্ণাভাঃ সর্ববাঃ স্থপ্রিয়দর্শনাঃ॥৩৬॥
নীলাৎ পরতবং শ্বেতং শ্বেতাদ্বৈবণ্যকং পবম্।
বর্ষমৈবাবতং রাজন্। নানাজনপদার্তম্॥৩৭॥
ধন্থংসংস্থে মহাবাজ। দ্বে বর্ষে দক্ষিণোত্তবে।
ইলার্তং মধ্যমন্ত পঞ্চ দীর্ঘাণি চৈব হি॥৩৮॥

### ভাবতকোমুদী

গন্ধেতি। ভফ্কানাং দেবযোনিপ্রাণিবিশেষাণামধিপঃ ॥০৪॥

গদ্ধেতি। অপরগণ্ডিকা বুদ্বুদাকারা: কুদ্রা অত্যে গর্কতাঃ সন্তি, "গণ্ডঃ ··অশ্বভূষণবৃষ্কুদে" ইতি বিশ্বঃ। ভত্তভালোকানাং পরমাশ্বন পরিমাণানি ॥৩৫॥

তত্ত্তেতি। উৎপদবর্ণেন আভান্তীতি তাঃ ॥০৬॥

নীলাদিতি। নীলাৎ পর্বভাৎ, শ্বেভং নাম বর্ষম্। এব্যক্তরাপি ॥৩৭॥

#### ভাবতভাবদীপঃ

মেরপ্রাকারাৎ প্রভাবনিত্বলেন ধনস্তা স হ্রদ উৎপাদিত ইতি দল্লঃ ॥২৯—৩১॥ স্থবনিবর্ণঃ গোরাঃ ॥২২॥ নিইপ্রেডি পীতভাস্বরা ইত্যর্থঃ ॥৩০—৩৪॥ অপরগণ্ডিকাঃ তত্তে গল্ধনাদনীয়েবাব্যবভূতা বৃদ্বৃদ্দাপমাঃ ক্ষুদ্রশাঃ। "গণ্ডো ভ্রণ্যুদ্বৃদ্দ" ইতি মেদিনী। স্বাধিকঃ কঃ ॥২৫॥ উৎপলবর্ণেন আভাস্তি তাঃ উৎপলবর্ণভাঃ ॥২৬॥ নীলাৎ পরভর্মিতি নীলোৎ-পলধর্মিত্যপর্গাঃ। এবং হিমবভো দলিনে ভরতবর্ষং তত্ত্বেরে হৈমবতং বর্ষং রেমক্টাছত্ত্বেরে হরিবর্ষন্। নিয়ধাত্ত্বেরে নীলাচ্চ দলিশে মেরোঃ পরিত ইলাব্তুমেকমেব চতুর্থং
বর্ষন্। অতিত্রব কেচিন্ত দাখকেত্ মালহোর্বর্ষান্তরন্তং প্রকল্পা নবর্ষাণীত্যাচক্ষতে। ততাে
নীলাৎ পর্বতাত্ত্রতঃ থেতং পঞ্চমং বর্ষন্। থেতাৎ পর্বতাত্ত্রতো হৈরণ্যকং বর্ষং ষঠন্।
ততঃ শৃঙ্গবৎপর্বতাদৈরাবতং সপ্তমং বর্ষন্॥২৭॥ ধহঃসংস্থে ধন্ত কাটি। সংস্থাশবঃ সমাপ্তি-

গুহুকবাজ কুবেব রাক্ষসগণের সহিত মিলিত এবং অপ্সবোগণে পরিবেষ্টিত হইযা গন্ধমাদনপর্ববতের শৃঙ্গে আমোদ করিয়া থাকেন ॥৩৪॥

গন্ধমাদনপর্বতের উত্তবপার্শ্বে কতকগুলি বুদ্ধাকাব ক্ষুদ্র ক্ষুদ্র পর্বত আছে; তত্রত্য লোকদিগের প্রমাযুব পরিমাণ একাদশ সহস্র বৎসব ॥৩৫॥

বাজা ৷ আর সে স্থানেব পুকষগুলি কৃষ্ণবর্ণ, তেজস্বী ও মহাবল এবং দ্রী-সবল উৎপলবর্ণ ও প্রিয়দর্শন ॥৩৬॥

রাজা ৷ নীলপর্ববতেব উত্তবে শেতবর্ষ, শেতবর্ষেব উত্তবে হৈরণ্যকর্বর এবং তাহার উত্তরে নানাদেশযুক্ত ঐরাবতবর্ষ ॥৩৭॥ উত্তরোত্ত্বমেতেভ্যো বর্ষমুদ্রিচ্যতে গুণৈঃ। আয়ুঃ প্রমাণমাবোগ্যং ধর্মজঃ কামতোহর্পতঃ ॥৩৯॥
সমন্বিতানি ভূতানি তেযু বর্ষেয়ু ভাবত।।
- এবমেষা মহারাজ। পর্ব্বতিঃ পৃথিবী চিতা ॥৪০॥
হেমকুটস্ত স্থমহান্ কৈলাদো নাম পর্ব্বতঃ।
যত্র বৈশ্রবণো রাজন্। গুহুকৈঃ সহ মোদতে ॥৪১॥
তত্ত্ব দেবো মহাদেবো নিত্যমান্তে সহোমষা।
শীতে শিলাতলে বম্যে দেবর্ষিগণপূজিতঃ ॥৪২॥

#### ভাবতকৌমুদী

ধন্তরিতি। ধন্তরিব সন্তিষ্ঠেতে ইতি ধন্ত:সংস্কে ত্রিকোণে ইত্যর্থ:, যে বর্ষে ভারতৈরাবতে।
পঞ্চ ইলাবৃত-হৈমবত-হরি-খেত-হৈরণ্যকবর্ষাণি। ইলং স্বমতন্। মতান্তবে তু ভদ্রাশ্বকেতৃ-মালব্যোরণি বর্ষথায়ব বর্ষাণি ॥১৮॥

উত্তরেতি। উদ্রিচাতে অধিকীভবতি। প্রমাণং দেহপরিমাণম্ ॥০৯॥ সমিতি। সমন্বিতানি উক্তাযুরাদিগুণযুক্তানি, ভূতানি প্রাণিনঃ ॥৪০॥ হেমেতি। হেন্ন: ক্টানি শৃঙ্গাণি যস্ত সং। বৈপ্রবণ: কুবেরঃ ॥৪১॥ ভত্তেতি। ভত্ত কৈলানে, মহাদেবং শিবং ॥৪২॥

#### ভারতভাবদীপঃ

বচনঃ। সন্তিষ্ঠতেহ রিহোত্তমিত্যা দিপ্ররোগদর্শনাং। তেন মিপ্রিভধন্নকোটি ম্বয়াকারে ইতার্থঃ। শার্প অ হি ধন্নবো দ্বে কোটা একীক্বতে ভবভন্তনা মধ্যে কিঞ্চিয়তং ত্রিকোণং ভবতি অভএব রামসেতে ধন্নফোটিশকেনৈব রত্বাকরমহোদধ্যাখ্যাসমূত্র মুস্তমন্ত্রপ্রেদশো ব্যবহ্রিরতে। এবমাকারং দক্ষিণে ভবতবর্ষমূত্ররে এরাবতঞ্চ মধ্যে পঞ্চেতি সপ্তবর্ষানি ॥১৮—০৯॥ সমন্বি গানি ভিন্নভাবেন সম্বতানি ॥৪০॥ হেমেতি। হেমক্ট এব কৈলাস-

মহারাজ! হিমালযেব দক্ষিণে ভাবতবর্ষ এবং সর্বেবান্তরে ঐরাবতবর্ষ; এই ছুইটা বর্ষই ত্রিকোণ; মধ্যে ইলাবতবর্ষ, সেই ইলাবতবর্ষেব সহিত পাঁচটা বর্ষই পূর্ব-পশ্চিমে দীর্ঘ ॥০৮॥

আয়ু, দেহের পরিমাণ, আরোগ্য, ধর্ম্ম, অর্থ ও কাম—এই সকল গুণে উন্তরোত্তব বর্ষগুলি শ্রেষ্ঠ॥৩৯॥

ভরতনন্দন মহারাজ! সেই বর্ষগুলিতে মানুষেরা এই সকল গুণবিশিষ্ট। এইভাবে এই পৃথিবীটা পর্ববেত ব্যাপ্ত হইযা বহিয়াছে ॥৪০॥

রাজা। স্বর্ণমযশৃঙ্গযুক্ত 'কৈলাস-'নামে একটা পর্ববত আছে, যাহাতে গুহুকগণের সহিত কুবের আমোদ করেন ॥৪১॥

<sup>(</sup>৪২) অরং শোক: পি বা ব রা নান্তি।

অস্ত্যত্তবেণ কৈলাসং মৈনাকং পর্বতং প্রতি।

হিবণ্যশৃঙ্গঃ স্থমহান্ দিব্যো মণিমযো গিবিঃ ॥৪৩॥

তস্থ পার্যে মহদিব্যং শুলুং কাঞ্চনবালুকম্।

বম্যং বিন্দুসবো নাম যত্র রাজা ভগীরথঃ ॥৪৪॥

দৃষ্ট্যা ভাগীবথীং গঙ্গামুবাস বহুলাঃ সমাঃ।

যুপা মণিমযান্তত্র চৈত্যাশ্চাপি হিরগ্নযাঃ ॥৪৫॥ (যুগ্নকম্)

তত্রেষ্ট্যা ভু গতঃ সিদ্ধিং সহস্রাক্ষো মহাযশাঃ।

স্রুষ্টা ভূতপতির্বত্র সর্বলোকান্ সনাতনান্ ॥৪৬॥

উপাস্থতে তিগ্নতেজা যত্র ভূতিঃ সমন্ততঃ।

নবনারাযণো ব্রহ্মা মন্থঃ স্থাপুশ্চ পঞ্চমঃ ॥৪৭॥

তত্র দিব্যা ত্রিপথগা প্রথমন্ত প্রতিষ্ঠিতা।

ব্রহ্মালোকাদপক্রান্তা সপ্রধা প্রতিপ্রত্যতে ॥৪৮॥

## ভারতকোমুদী

অন্তীতি। কৈলাসমূভরেণ কৈলাদাদদ্যে উত্তরদেশে। হিরণ,শৃলো নাম ।৪০॥ ডন্ডেতি। শুল্রং শুলুজ্লপূর্ণমৃ, কাঞ্চন্থ: স্বর্ণাত্মিধা বালুকা যত্র তৎ। সমা বংসরান্

চৈত্যা যজগৃহা: ॥৪৪—৪৫॥

তত্তে ও। ইষ্ট্রা যক্তং কৃত্বা। স্রষ্টেতি তদ্ধর্মে তৃন্, ভূতপতির্রাশা ॥৪৬॥

উপেতি। ভিগাভেজাঃ স্থাণু: শিবঃ, ভূতৈঃ প্রমধগণাদিভি: ॥৪ ।॥

ডবেভি। তত্র বিন্দুসরসি। প্রতিপছতে ভেনং লভতে ॥৪৮॥

দেবর্ষিগণপূজিত ভগবান্ মহাদেব সেই কৈলাসপর্বতে শীতল ও মনোহর প্রস্তরময স্থানে সর্ববর্গাই উমাদেবীর সহিত অবস্থান কবেন ॥৪২॥

কৈলাসপর্ববতের অদূরে উত্তবদিকে মৈনাকপর্ববতের নিকটে বিশাল ও দিব্য 'হিরণ্যশৃঙ্গ' নামে মণিময় একটা পর্ববত আছে ॥৪৩॥

তাহার পার্স্বে 'বিন্দুদর'-নামে বিশাল ও মনোহব একটা জলাশয় আছে; তাহার জল শুদ্রবর্গ এবং বালুকাগুলি স্বর্ণময়। যেখানে ভগীবথ রাজা গঙ্গাকে দেখিতে পাইয়া বহু বৎসব বাস করিয়াছিলেন, সেই স্থানে বহুতর মণিময় যুপ ও হিবগ্ময় ষ্প্রভবন রহিয়াছে ॥৪৪—৪৫॥

মহাযশা ইন্দ্র সেই স্থানে যজ্ঞ কবিয়া সিদ্ধিলাভ কবিয়াছিলেন, যেখানে থাকিয়া ব্যুগা চিরকাল সমস্ত লোক স্থান্ত করিয়া থাকেন ॥৪৬॥

আর যেথানে নর, নাবায়ণ, ব্রহ্মা, মনু ও শিব অবস্থান করিযাছিলেন এবং যেথানে ভূতেরা সকলদিকে থাকিয়া তীব্রতেজা শিবের উপাসনা করে ॥৪৭॥ ছীছ-৫ (১৭) বস্বোকসাবা নলিনী পাবনী চ সবস্বতী।
জাম্বনদী চ সীতা চ গঙ্গা সিন্ধুশ্চ সপ্তমী ॥৪৯॥
অচিন্ত্যা দিব্যসস্কাশা প্রভাবৈশ্চ সমন্বিতা।
উপাসতে যত্র সত্রং সহস্রযুগপর্য্যযে ॥৫০॥
দৃশ্যাহদৃশ্যা চ ভবতি তত্র তত্র সরস্বতী।
এতা দিব্যাঃ সপ্ত গঙ্গাস্ত্রিয়ু লোকেয়ু বিশ্রুতাঃ ॥৫১॥
রক্ষাংসি বৈ হিমবতি হেমকূটে তু গুহুকাঃ।
সপ্রা নাগাশ্চ নিষধে গোকর্গঞ্চ তপোবনমু॥৫২॥

### ভাবতকোমুদী

বন্ধোকেতি। পাবনীতি সরস্বত্যা বিশেষণম্। এতানি সপ্ত নামানি ॥৪৯॥ অচিন্ত্যেতি। দিবাসঙ্কাশা অলোকিকজলশোভা। উপাসতে দেবাঃ, সত্রং যজ্ঞম্॥৫০॥ দৃশ্রেতি। দৃশ্রা ভূব উপরিপ্রবাহাৎ, অদৃশ্রা চ তদস্কঃপ্রবাহাৎ॥৫১॥ রক্ষাংগীতি। সর্বত্র বসস্কীতি শেষঃ। গোকর্ণং নাম॥৫২॥

#### ভাবতভাবদীপঃ

স্তক্ষোত্তরে মৈনকিন্তক্ষোত্তরতো হিরণ্যশৃষ: এতরোরস্তরালে বিনুসরোহস্তীতি শ্লোকত্তরার্থ: ॥৪১—৪৫॥ ভূতপতী রুদ্র: ॥৪৬—৪৮॥ পাবনী সরস্বতীত্যেকা ॥৪৯॥ প্রভোরীশ্বরক্ষৈষ সপ্তন্যাত্মক: সংবিধি: সমীচীনং লোকোপকারার্থং বিধানম্, এবৈবেতি সন্ধিরার্ধ:। কারুণ্যাৎ

স্বর্গগঙ্গা ব্রহ্মালোক হইতে নির্গত হইযা প্রথমে সেই বিন্দুসবোবরে প্রতিষ্ঠা লাভ করিয়া পরে সাতটা ধারা প্রাপ্ত হইয়াছেন ॥৪৮॥

সেই সাতটা ধারাব নাম—বস্বোকসারা, নলিনী, পাবনী সবস্বতী, জাম্বূনদী, সীতা, গঙ্গা ও সিন্ধু ॥৪৯॥

সেই গঙ্গার মহিমা অচিন্তনীয় এবং জলের শোভাও অলৌকিক, আব তিনি পুণ্য-প্রভাব সমন্বিতা; সহস্র যুগ অতীত হইলে দেবতারা বাঁহাব তীরে যজ্ঞ করিয়া থাকেন ॥৫০॥

তাহার মধ্যে সরস্বতী সেই সেই স্থানে দৃশ্যা ও অদৃশ্যা হইয়াছেন। এই স্বর্গীয সপ্ত গঙ্গা ত্রিভুবনেই বিখ্যাত ॥৫১॥

রাক্ষসেবা হিমালযে, ষক্ষেবা হেমকূটে (কৈলাসে) এবং সর্পেরা ও নাগেরা নিষধপর্ববতে বাস করে, আব সেই নিষধপর্ববতে গোকর্ণনামে একটী তপোবনও আছে ॥৫২॥

<sup>(</sup>৫॰) मक्कामा ध्यास्त्रदेशव मश्विधिः—वा व जा नि ।

দেবাস্থরাণাঞ্চ গৃহং শ্বেতপর্বত উচ্যতে।
গন্ধবা নিষধে নিত্যং নীলে ব্রহ্মর্যয়স্তথা।
শৃঙ্গবাংস্ক মহাবাজ। দেবানাং প্রতিসঞ্চরঃ ॥৫৩॥
ইত্যেতানি মহাবাজ। সপ্ত বর্ষাণি ভাগশঃ।
ভূতাম্যুপনিবিন্টানি গতিমন্তি ধ্রুবাণি চ ॥৫৪॥
তেষামুদ্ধির্বভ্বিধা দৃশ্যতে দৈবমানুষী।
অশক্যা পবিসংখ্যাভুং শ্রদ্ধেষা তু বুভূষতা ॥৫৫॥
যাং পৃচ্ছসি মহারাজ। দিব্যামেতাং শশাকৃতিমৃ।
পার্ষে শশস্য দে বর্ষে উক্তে যে দক্ষিণোত্তবে।
কণোঁ তু শাকদ্বীপশ্চ কাশ্যপদ্বীপ এব চ ॥৫৬॥

# ভারতকোমুদী

দেবেতি। গৃহং বাদ:। প্রতিসঞ্জা বিচরণস্থানম্। ষ্টুপাদোহয়ং লোক: ॥৫০॥
ইতীতি। প্রাণ্ডক্তজাখকেতুমালবর্ষাতাং সহ নব বর্ষানি মতভেদাৎ। ভূতানি প্রাণিনঃ, উপনিবিষ্টানি এমু বর্ষেষ্ স্থিতানি, গতিমন্তি জন্মানি, গ্রুবাণি স্থাবরাণি ॥৫৪॥

তেষামিতি। তেষাং ভূতানান্, ঋদিঃ সম্পৎ, ফলবৎপাদণাদিলাভো দৈবী ঋদিঃ-সৌধাদিলাভক মাছ্যী। বুভূষতা ভবিতৃং শ্ৰের: প্রাপ্তৃমিছতা জনেন ॥৫৫॥

#### ভারতভাবদীপঃ

পরমেশ্বরেণ পাবনা: পদার্থা নিজিতা ইত্যর্থ: ॥৫০—৫২॥ শ্বেতপর্বত: স্থানমিতি শেব:। গল্পলা বদন্তীতি শেব:। প্রতিসঞ্চর: ব্যবহারস্থানন্ ॥৫০॥ ইতীতি। বর্ধাণি তত্ত উপ-নিবিষ্টানি গভিমন্তি জলমানি, জনাণি স্থাবরাণি চ সর্বাণি ভূতাত্তেব সর্বাং দৃশ্যমাশ্রয়াশিত, ক্লপং পাঞ্চতিভিদ্দেবেত্যর্থ:॥৫০—৫৪॥ বৃভ্যতা শ্রেয়: প্রাপ্ত,মিচ্ছতা শ্রুদ্ধের, অদৃষ্টেবর্থের্ শ্রনান হি তৎপ্রাপ্তার্থ: ৫০।

মহারাজ। দেবগণ ও অস্ত্রগণের বাসন্থান শেতপর্ববতেও আছে এবং গন্ধর্বেরা নিষধপর্ববতে, আর জন্মর্বিরা নীলপর্ববতে বাস করেন; তা'র পর, দেবতাবা শৃঙ্গবান্-পর্ববতেও বিচবণ করেন ॥৫৩॥

মহারাজ। বিভাগক্রমে এই সাভটা বর্ষের বিষয় কথিত হইল; জন্সম ও স্থাবর—এই উভয়প্রকাব প্রাণীই এই সাভটা বর্ষে অবস্থান করিতেছে ॥৫৪॥

সেই প্রাণিগণের দৈবী ও মানুষী নানাবিধ সমৃদ্ধি দেখিতে পাওয়া যায; বিস্ত তাহাব সংখ্যা করা শক্তিব অসাধ্য। তবে মঙ্গলার্থী লোক সে সমৃদ্ধির বিষয় বিশাস করিবেন ॥৫৫॥

<sup>(</sup>৫৩) দেবামুরাণাং সর্কেষাম্—বা ব রা নি। (৫৬) যা তু পৃচ্ছিন মাং রাভন্।—বা ব রা নি, ··কণো তু নাগছীপশ্চ—পি বা ব রা।

তাত্রবর্ণশিলো রাজন্ ! শ্রীমান্ মলয়পর্ববতঃ । এতদ্বিতীয়ং দ্বীপস্থ দৃশ্যতে শশসংস্থিতম্ ॥৫৭॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈষাসিক্যাং ভীত্মপর্ববি জন্মুখণ্ডবিনির্মাণে ভূম্যাদিপরিমাণবিবরণে ষষ্ঠোইধ্যায়ঃ॥০॥

# ভাৰতকোমুদী

ধামিতি। শশক্ত জন্বীপগতশশনক্ষণত্থানক্ত, যে ছে বর্ষে ভারতৈরাবতাখ্যে, পৃচ্ছিসি, তে অপি উজে ইতি সম্বরঃ। কণো শশক্ত কর্ণভূতো। বটুপাদোহরং শ্লোকঃ ॥৫৬॥ ভারতভাবদীপঃ

এবং ভূসংস্থানমূক্তা এতদেব প্রমাত্মনঃ শরীরমিতি চিত্তনীরমিত্যাশরেনাই—যান্থিত। দিবি মায়াশবলে ভবাং দিব্যাং মায়িকীং দশভা চিদাত্মনঃ আঞ্চিং পিপ্লনাধ্যম্ ততো বকানি পিপ্লনমিতি পূর্বাং ছবৈবোক্তত্বাৎ ইদানীং পৃচ্ছদি অবদরং প্রাণ্য প্রক্রাদি বর্ত্তমানদামীপ্যে বর্ত্তমানবল্লিদেশঃ। তামহং ত্বরা অপৃষ্টামপি বক্ষামীতি শেষঃ। তমেবাহ—পার্যে ইতি। ভুক্তস্তানাদে: সংগ্রহন্তানং পার্যহয়ং ষ্থা এবং কর্মসঞ্চন্তানং ভর্তবর্ধমেকা পর্যেশ্বর্ত দক্ষিণপার্যত্বেন জ্রেরম্। ভথা ঐরাবতবর্ষমিপ ধোগসঞ্চন্থানমূভরপার্যত্বেন জ্রেরম্। ডড হি ব্রহ্মলোকচ্যতা যোগভ্রষ্টা বিদেহপ্রকৃতিলয়াখ্যা এব জারন্তে তে চ পূর্বনংস্কারাৎ পুনর্যোগ-মভাশুন্তি। ভরতবর্ষত্ত কর্মধোগযোর্ঘ রোরপার্ম্নচানার যোগ্যমিতি দক্ষণকু ক্ষিত্নো ভ্য-হিভত্মস্য ব্চিতম্। বথা লৌকিকে শশশরীরে কণাবভুচ্ছি ভং স্থানং ভত্তুল্যৌ পরমেশ্বর-শরীরে নাগ্রীপকাশ্রপরীপৌ ক্রমেণ দক্ষিণোত্তরো। অচ্চিরাদিমার্গপ্রাপ্য: নত্যলোকো যোগিপ্রাণ্য:। ধূমাদিমার্গপ্রাণ্যো দেবলোক: কর্মপ্রাণ্যন্ত। বিহকোৰে—"নাগন্ত নীসকে রঙ্গে" ইত্যুপক্রম্য "শ্রেষ্ঠে স্থাত্তরন্থিত" ইতি সর্বোপরিত্বে শ্রেষ্ঠে হিরণ্যগর্ভে নাগশন্ধ-প্রয়োগদর্শনাত্তভ দীপ ইব দীপো লোক ইতরৈবগমা ইতি নাগদীপ: নত্যলোকা:। তথা ক্স্যুং মৃন্তুং সুবাদোমাদিরূপং মাদকং ক্রতৌ যে পিবস্তি তে ক্স্পুণা: ক্র্মিণণ্ডেষামরং কাস্থ্য-দ্বীপঃ স্বর্গঃ। এবং শশশু কুক্ষিকর্ণাত্মসারেণ যে ব্রহ্বাণ্ডে উচ্চপ্রদেশান্তে কুফ্রগরিভাগতেন, যে বাধঃপ্রদেশত্তে কুক্ষেরধোভাগত্বেন চ করনীয়া:। তথা চ শ্রুতি:—"অগ্নির্ফা চকুষী চক্রত্বেয়ী দিশ: ভোতে বাধিবৃতাক বেদা:। বায়্ প্রাণো হৃদয়ং বিশ্বমক্ত পদ্ধ্যাং পৃথিবী হেষ সর্বভৃতান্তরাত্মে"তি। অতাপি চক্রত্র্গদেন কৃষ্ণভ্রমার্গাবেব গৃহেতে। দিক্শবেন রূপমূক্তং ভদ্বাসনোথং দিতীঃত্বমান্তরং কৃপমাহ—তাত্রেতি। রঞ্জনাত্মকতাৎ রক্তং রজন্ত এ-

মহারাজ! আপনি আমাব নিকট এই যে দিব্য শশলক্ষণস্থানেব বিষয় এবং ভাহার দক্ষিণ ও উত্তরপার্শ্বের চুইটা বর্ষের বিষয় জিজ্ঞাসা কবিয়াছিলেন, ভাহা এই অভিহিত হইল। ভা'র পব, শাকদ্বীপ ও কাশ্যপদ্বীপ ঐ শশস্থানের চুইটা কর্ণস্বরূপ ॥৫৬॥

<sup>(</sup>৫৭) ভাষণবিশলা রাজন্ !···বা ব হা, ভাষণবিশরো রাজন্ [--ান !

# সপ্তমোহধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

মেরোরথোত্তরং পার্খং পূর্ব্বঞ্চাচক্ষ্ব সঞ্চয!।
নিখিলেন মহাবুদ্ধে! মাল্যবন্তঞ্চ পর্ব্বতম্॥১॥
সঞ্জয় উবাচ।

দক্ষিণেন তু নীলস্ত মেবোঃ পার্শ্বে তথোত্তবে। উত্তবাঃ কুরবো রাজন্। পুণ্যাঃ সিদ্ধনিষেবিতাঃ॥২॥

# ভারতকোমুদী

ভাষেতি। ভাষ্যণা শিলা যশু স:। দ্বীপশু জম্দীপশু, এচৎ বিভীয়ং শশসংস্থিতং শশাকৃতি স্থানম্ এযু বর্ত্তমানমানচিত্রবিরোধঃ শাস্তান্তরাধ্যানবিরোধণ্ট কালভেদে স্থানাবস্থানামাদিভেদাবশ্বস্থাবাৎ পরিহর্ত্তব্য: ॥ ১ ৭॥

ইতি মহামহোপাধ্যার-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতারাং মহাভারতটীকারাং ভারতকোম্দীসমাধ্যায়াং ভীম্মপর্বণি জমুণগুণিনির্মাণে ষঠোইধ্যারঃ ॥০॥

মেরোরিভি। নিধিলেনেভি ভাবপ্রধানো নির্দেশন্তেন সাকশ্যেনাচক্ষে,তার্থ: ॥>॥
ভারতভাবদীপঃ

কর্মবন্ধং প্রহাশুসীতি । তেন। এতদেবোপপাদযতি—নেহেতি। ইহু কর্মবন্ধপ্রহাণার্থে কর্মযোগেইইটারমানে অভিক্রম্যতে ব্যাপ্যত ইত্যভিক্রমঃ কর্মারন্তঃ কর্মের বা তক্ত নাশো নাস্তি অক্তর্ ফলং দথা নশুতি ন খিদমিষ্টফলশুজননাং। নবেতখাপি কাম্যান্তঃপাতিতরা নিত্যাক্রণন্ধনিতঃ প্রত্যবায় উৎপাত্যেতৈর সক্ষম্প্রতিশু বন্ধপ্রহাণপ্রত্যবায়পরিহারাখ্যকলব্যহেতুখাযোগাদিত্যাশন্ধাহ—প্রত্যবায়ো ন বিশ্বত ইতি। "তমেতং বেদাম্বচনেন আহ্বাণা বিবিদিয়ত্তি যজেন দানেন তপসানাশকেনে"তি শ্রুতাা সংযোগপৃথকুশ্রায়েন দঙ্গে-ক্রিয়কামশ্র ভ্রুয়াদিত্যনেন নিত্যশ্র দঙ্গো বীর্যার্থস্থমির নিত্যানামপি কর্মণাং বিবিদিয়ার্থস্থ বিনিয়োগবলাৎ দিখ্যতি। ততশ্ব কাম্যেনৈর প্রয়োগেণ নিত্যশ্রাপি দিক্ষেন নিত্যাক্রণ-নিমিত্তো বা কাম্যখাৎ সর্বাঙ্গাম্পপসংহারনিমিত্তো বা প্রত্যবায়ো বিহুতে নিত্যানামের বিনিয়োগাং। নিত্যেরু চ যথাশক্ত্যুপ্রেক্ষশাহজানাৎ বার্ত্তিকে তু কাম্যানামপ্যক্র বিনিয়োগো দৃষ্টঃ। যথা—'বেদাম্বেচনাদীনামৈকাত্ম্যজ্ঞানজন্মনে। তমেতমিতি বাক্যেন নিত্যানাং বক্ষ্যতে বিধিঃ। যথা বিবিদিয়ার্থখ্য কাম্যানামপি কর্ম্মণান্। তমেতমিতি বাক্যেন

অর্থাৎ মৃক্তি নহে; অতএব নরকের খ্যায় স্বর্গেরও কামনা ত্যাগ করিয়া পরমপুরুষার্থ মৃক্তির জন্মই চেষ্টা করা উচিত ॥৩১॥

এই জগতে নিক্ষাম কর্মাও নিক্ষল হয় না এবং ইহাতে অঙ্গকৈল্য হইলেও পাপ নাই ; আর ইহার একটু করাও মহাভ্য হইতে রক্ষা করে ॥৪০॥

তাৎপর্য্য —কাম্যকর্ম যেমন স্বর্গপ্ততি জন্মার বলিয়া সফল হয়, নিকাম কর্মণ্ড তেমন চিত্ততি জন্মাইয়া মৃক্তির উপযোগী হয় ৰলিয়া সফল হয়। তা'র পর, কাম্যকর্মের অঙ্গহানি ঘটিলে আরন্ধ কর্ম পণ্ড হওয়ায় সকল সিদ্ধ হয় না বলিয়া পাপ হয়; কিছ নিকাম কর্মের অঙ্গহানি ঘটিলেও কোন পাপ হয় না। কারণ, 'যেমন পারিবে, তেমন করিবে' নিকামকর্মসম্বদ্ধে এইরপ বিধি আছে; স্বতরাং, নিকামকর্মের স্বল্প করাও মৃক্তির উপযোগী হয় বলিয়া কর্তাকে জন্মমরণ-তঃখ হইতে নিস্তার করেনাঙ্ক।

ব্যবসাযাত্মিকা বুদ্ধিরেকেই কুরুনন্দন !।
বহুশাখা হুনন্তাশ্চ বুদ্ধয়োহব্যবসায়িনাম্ ॥৪১॥
যামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতঃ।
বেদবাদরতাঃ পার্থ। নান্যদন্তীতিবাদিনঃ ॥৪২॥

### ভারতকোমূদী

অথ দকামনিষ্কামকর্মণোঃ কিং বৈষম্যমিত্যাহ—ব্যবদায়েতি। হে কুফনন্দন। অর্জুন। ইই নিষ্ঠামে কর্মনি, ব্যবদায়ো ভগবদায়াধনং ময়া কর্জব্যমিত্যেবং নিশ্চয় এবাআ স্বরূপং যন্তাঃ লা তাদৃশী একৈব বৃদ্ধির্ভবতি। অব্যবদায়িনাম্ উক্তবিধনিশ্চয়রহিতানাং দকামানামহুচাত্ ণাম্, বৃদ্ধয়ন্ত, বহুশাখা হি কদাচিৎ স্বর্গবিষয়াঃ কদাচিদ্ধনাদিবিষয়া ইতি বিষয়ভেদাঘহপ্রকারা এব। অভএব অনস্তাশ্চ ইয়ত্তারহিতাশ্চ ভবস্তি। প্রবর্ত্তিকায়া বৃদ্ধেরেকত্বং বহুত্বঞ্চ লকামনিদ্ধানকর্মণোবিষয়ামিত্যাশয়ঃ। ইদম্পলক্ষণম্—সকামং কর্ম কাম্যকলম্পোত্ত নন্তানং কর্ম তৃ আমোক্ষং তিষ্ঠতি ॥৪১॥

#### ভারতভাবদীপঃ

সংযোগস্থ পৃথকুত: ।'' ইতি। অন্মিন্ পক্ষে কাম্যানামপি তুল্যফলতাৎ নিত্যবদ্যথাশক্ত্যুপ-বছো ভবিশ্বতীতি ন স্কাঙ্গায়পসংহারজনিতঃ প্রত্যবায়ো বিশ্বতে, স্ক্রমণি অশু যোগ-ধর্মস্রাম্মন্ত্রিতম্ অমুপভুক্তবীষ্ণকরাং ''জন্মজনান্তরাভ্যন্তং দানমধ্যয়নং তপঃ। তেনৈবাভ্যানযোগেন পুন"রিতি শ্বতেকতরোত্তরসংস্কারাধানদারা স্বসজাতীয়বৃদ্ধেনিমিত্তং তচ্চৈবাভ্যসতে কামাদিদোৰক্ষপণধারা মহতো ভয়াৎ দংসারাজাযতে। তত্মাৎ সাংখ্যানধিকারিণা কর্মযোগ এবান্তর্জেয় ইতি ভাব: ॥৪০॥ নম্বেবং সাংখ্যযোগয়োর্মহাভয়াত্রাণহেতুক্বং তুল্যং চেৎ কোহনয়োর্বিশেষ ইত্যাশস্ক্য সাংখ্যানাং পাতশঙ্কা নাস্তি যোগিনাস্ক যাব্দিদেহকৈবলাং পাতশহাস্তীত্যাহ —ব্যবসায়াত্মিকেতি। ব্যবসায়স্তত্বনিশ্চযন্তদাত্মিকা তদাকারা বৃদ্ধিরস্ত:করণবৃত্তি: ব্রহ্মাশীতি বাকাজন্যা ব্রহ্মাকারান্তঃকরণর্ত্তির্বন্দবিভাভিধানা সমস্তর্ত্তান্তরবাধেন সম্যগভাদিতা একা একৈব। "দক্ক দিভাতো ছেব বন্ধলোক" ইতি শ্রুতে:। বন্ধেব লোকো এদলোক ইহ বন্ধিব, ন হি সক্কৎ জ্ঞাতে ব্ৰহ্মণি জ্ঞাতব্যং কৰ্তব্যং বা কিঞ্চিদবশিশতে কৃতকৃত্যখাদ্বাদ্ধ-নাস্তি। অব্যবসাযিনামজ্ঞানিনাম্ভ বৃহয়োহনতা: বিদেহিতোহন্ত পাতশহা প্রত্যেকং বহুশাথা ইতি ইদমের মম শ্রেয় ইতি নিশ্চয়শু ছর্নভত্বাৎ বদাচিদশ্রেয়শ্রপি

কুরুনন্দন অর্জুন। এই নিধাসকর্মে একমাত্র নিশ্চযাত্মিকা বৃদ্ধি চলিতে থাকে; আর সেই নিশ্চযশৃত্য ব্যক্তিদিগের বৃদ্ধি বহুপ্রকার হয বলিযা তাহা অনস্ক ॥৭১॥

তাৎপর্য্য—নিদামকর্ষে একপ্রকার বৃদ্ধিই চলিতে থাকে যে, 'আমি ভগবানের আরাধনাট করিতে থাকিব'। আর এরপ নিশ্চয়হীন কামীদিকের বৃদ্ধি বহপ্রকার হয় বলিয়া তালার ইয়তা থাকে না, অর্থাৎ সে কথনও হর্গ কামনা করিয়া, কথনও বা প্রাদি কামনা করিয়া করিতে থাকে ৪১॥

## কামাত্মনঃ স্বৰ্গপরা জন্মকর্মফলপ্রদাম্। ক্রিয়াবিশেষবহুলাং ভোগৈগ্র্য্যগতিং প্রতি ॥৪৩॥

## ভারতকৌমুদী

নয় সাক্ষাৎ পরমেশ্বয়ত্বং নিদামকর্মোপদিশাস, অথ চ "বাষবাং শ্বেতমালভেত ভূতিকামং" "প্রতিতিষ্ঠিতি হ বৈ য এতা রাত্রীরধীয়ীষত" ইত্যাদয়ো বিধিবল্পকাঃ শুত্যর্থবাদা মহাপ্রমাণেষ্ বেদেষ্ দৃশ্বতে। তদশ্বাভিঃ কতরন্ত্রাহ্মিত্যাহ—যামিতি। ত্রিভিঃ শ্লোকৈবিশেষক্মিদম্। তথা চ হে পার্থ! কামো বিষয়স্থাভিলাষ এব আত্মনি যেষাং তে, অতএব সর্গ এব পরঃ শ্রেষ্ঠাভীটো যেষাং তে, এব অত্যৎ বিষয়ভোগস্থভিয়ং স্বথং নাস্তি ইতি বাদিনঃ, তত এব হি বিশেষেণ সর্বতোভাবেন চ চিম্বস্তি বেদার্থং গৃহস্তীতি বিপশ্চিতঃ ন বিপশ্চিতঃ অবিপশ্চিতো বেদৈকদেশদর্শিনঃ, অতএব চ বেদানাং বাদেষ্ উক্তবিধন্তত্যর্থবাদেষ্ রতা জনাঃ, ভোগেশ্ব্যয়োবিষয়ন্থসম্পদোর্গতিং প্রাপ্তিং প্রতি বিষয়ভোগম্বপ্রাপ্তেম্বংদাধনীভূতায়াঃ সম্পদ্দ প্রথিয়ে ইত্যর্থঃ, প্রশিতাং সঞ্জাতপুলামাপাত্যনোহ্রাং পরিণামত্ঃথাবহাং ভারতভাবদীপঃ

শ্বেরণাতি— যামিমামিত্যাদিনা। যাং পুলিতাং পুলিতক্রমবদ্দরতো রমণীয়াং বাচম্ "অক্ষয়ং হ বৈ চাতুর্মাক্রমানিকা ফুরুডং ভবতি অপাম সোমমমৃতা অভ্নে'ত্যবংরপাং প্রবদন্তি অবিপশ্চিতঃ অব্যবসায়িনো মৃচাং, মতো বেদবাদরতাঃ বেদান্তর্গতের অর্থনাদ্র্ "যক্ত পর্ণমন্ত্রী জুরুর্ভবতি ন পাপং শ্লোকং শৃণোতী"ত্যেবমাদির রতাঃ বন্ধশ্রমাং, অতএব কর্মণোহন্তৎ আত্মজ্ঞানং তৎফলং মোক্ষণ্ট নাজীতি বাদিনো বদনশীলাঃ ॥৪২॥ তথা ভোগশ্চ শ্রের্যাঞ্চ তয়োর্গতিঃ প্রাপ্তিজ্ঞাং প্রতি তমর্থসিত্যর্থঃ। কামাত্মানঃ কামগ্রন্তচিত্তাঃ অতএব স্বর্গপরাঃ। কীদৃশীং ভোগৈশ্বর্য্যগতিং জন্মকর্মফলপ্রদাম্। প্রাপ্তভোগেশ্বর্য্যা হি পুরুষ-ভদানাবাদিতঃ পুনর্ভোগৈশ্বর্য্যপ্রাপ্তয়ে জন্ম লভতে তদর্বং কর্মাণি চ কুরুতে ফলঞ্চ তড়ো ভোগাদিকং প্রাপ্তোতীতি চক্রমনিশ্যাবর্ভতে তেন নিষ্ঠাভশ্চাত্রতা ভবতীত্যর্থঃ। কিঞ্চ ক্রিয়াবিশেষেণ বছলাং যথা যথা বিত্তব্যয়াযাসাজ্যধিকাং তথা তথা ভোগৈশ্বর্যপ্রাপ্তরেপ্যাধিকামিত্যর্থঃ। এতেনাত্যস্তান্যসমাধ্যম্বিপ কর্মন্ত ফললোভাৎ সজ্জ্ঞ ইত্যুক্তম্। ভাত্মে, ভোগৈশ্বর্য্যাতিং প্রতি সাধনভূতা যে ক্রিয়াবিশেষা অগ্নিহোত্রাদ্য: তদ্বলাম, জন্মরপং যৎ

অর্জুন। এমন অনেক লোক আছে, যাহারা বেদের একদেশদর্শী বলিযা কেবল তাহার স্বত্যর্থবাদেই নিবত থাকে, স্বর্গকেই শ্রেষ্ঠ অভীষ্ট বলিযা মনে করে এবং বিষয়স্থ্য ছাড়া অপর কোন স্থাই নাই—এই কথা বলে। তা'র পর, বিষয়স্থাভোগ এবং তাহার উপযোগী সম্পৎপ্রাপ্তির জন্ম তাহারা এমন কথাও বলে, যাহা পুষ্পিত বিষলতার স্থায় আপতমনোহরা এবং পরিণামে ছঃখ-

তাৎপর্য্য—অর্জ্ন। বেদে কামাকর্মণ্ড অভিহিত আছে বটে, তবে তাহা পরম পুরুষার্থমৃক্তির উপযোগী নহে। কারণ, কামাকর্মের ফলে মাহুষের কেবল জন্ম ও মরণের ভোগৈথগ্যপ্রসক্তানাং তয়াপহুতচেতসাম্।
ব্যবসাযাত্মিকা বুদ্ধিঃ সমাধো ন বিধীযতে ॥৪৪॥ (বিশেষকম্)
ত্রৈগুণ্যবিষযা বেদা নিস্তৈগুণ্যো ভবার্চ্জুন।।
নির্দ্ধ দ্যো নিত্যসত্ত্বস্থো নির্ধোগক্ষেম আত্মবান্ ॥৪৫॥

## ভাবতকোমুদী

বিষলতামিব প্রস্টাম্, জন্মৈব কর্মফলং প্রদানতীতি তাং তত্তংকাম্যকর্মফলীভূতপুনঃপুনর্জন্মপ্রবিজিনামিত্যর্থং, ক্রিয়াবিশেষাঃ কাম্যকর্মভেদা এব বছলা অধিকা যন্তাং তাঞ্চ, ইমান্ উজস্তত্যর্থবাদরপাং যাং বাচন্, প্রবদন্তি, ত্যা বাচা, অপহতানি কাম্যং কর্ম প্রত্যেব আহ্বয় নীতানি চেতাংলি যেষাং তেষাম্, ভোগৈর্য্যযোর্বিষয়হুখনম্পদোঃ প্রস্কানাং জনানাম্, ব্যবসায়াত্মিকা তত্তিবিষয় নিশ্চযাত্মিকা বৃদ্ধিঃ, সমাধৌ মৃক্তিসন্নিহিতসোপানরূপে নির্বিকর্মকবাদের, ন বিধীয়তে উপযোগিত্যা নামাভিবস্বীক্রিয়তে। অত্রায়মাশ্যং—উক্তবিষন্তত্যর্থবাদমোহিতা জনা আপাতব্যশীয়ং ভোগমেবেচ্ছন্তঃ কামাং কর্মেব কুর্বস্তো জন্মরণাদিত্যধন্য কেবলং লভন্তে, ন পুন্র্কিনিতি তৎসাধনং নিদামং কর্মেব কর্বব্যমিতি ॥৪২—৪৪॥

#### ভাৰতভাৰদীপঃ

কর্মকলং তংপ্রদাঞ্চ বাচমেবেতি ব্যাখ্যাতম্ ॥৪০॥ ভোগেতি। তথা পুলিতয়া বাচা অপস্থতচেতসাং পুংসাং বৃদ্ধিঃ সমাধে সমাধ্যসূচ্চানকালে ব্যবসায়াদ্মিকা ব্যবসায়ো জ্ঞানং তদান্মিকা শুদ্ধচিয়াত্রাকারা ন বিধীয়তে ন ভবতি। কর্মকর্ত্তবি লকাবঃ। বিবক্তশু হি বৃদ্ধিঃ সমাধে চিয়াত্রাকারা ভবতি ন তু ভোগাছাসক্তশ্রেতি স্পষ্টমেব। ভায়ে তু, সমাধে অন্তঃকরণে ব্যবসামাদ্মিকা বৃদ্ধিন ভবতীতি ব্যাখ্যাতম্। যদা সমাধ্যমূচ্চানার্থমেব নিশ্চয়াল্মিকা তেবাং বৃদ্ধিন ভবতীতি ব্যাখ্যাতম্। যদা সমাধ্যমূচ্চানার্থমেব নিশ্চয়াল্মিকা তেবাং বৃদ্ধিন ভবতীতি ব্যাখ্যেবম্ ॥৪৪॥ কন্ম তর্হি সমাধে বৃদ্ধির্ভবতীতাত আহ— তৈওলোতি। তৈগুণাং গুণত্রয়কার্যমূদ্ধমধ্যাবোগতিরূপং সংসবণং তদের প্রকাশ্যমেন বিষয়ো বেষাং তাদৃশাঃ কর্মকাগুপরা বেদাঃ। অন্ত নিস্তৈগুণ্যো ভব উদ্ধগতাবদি বিবক্তো ভবেত্যর্থঃ। বক্ষাতি চ তত্তদ্গুণপ্রধানং গতিত্রয়ম্, "উদ্ধং গছন্তি সক্তম্বা" ইতি। দিব্যেভ্যোগ্রিপ বিষয়েভ্যো বিরক্তঃ সমাধাবধিক্রিয়ত ইতি ভারঃ। কিং লক্ষণোহর্সো

জনিকা, যাহাদ্বাবা অধিক পবিমাণে বিশেষ বিশেষ কাম্যকর্মই অভিহিত হয় এবং যাহাব প্রবর্ত্তনায় মান্ত্রয় সেই কাম্যকর্মই করিতে থাকে, আব সেই কাম্যকর্মেব ফলে মান্ত্র্যেব জন্ম-মবণক্ত্র্যেই চলিতে থাকে, সেই কথাগুলি আবাব বহুলোকেব চিত্ত আকর্ষণ কবে এবং তাহাবা তদন্তসাবে বিষয়স্থভাগ ও তাহাব উপযোগী সম্পদেব উপবে আসক্ত হইযা পডে . স্কুত্রা তাহাদেব সে নিশ্চ্যাত্মিকা বৃদ্ধি সমাধিব উপযোগী হয় না বলিয়াই আনি মনে কবি॥৪২—৪৪॥

ত্ংগই ভোগ করিতে হ্য , হত্বাং মৃক্তিশ ভত্ত নিদান কণ্ণই করা উচিত। কেন না, মৃক্তিস্বধের অবসান নাই, অত্ত স্থাহে অবসান আচে । s২—ss।

# যাবানর্থ উদপানে সর্বতঃ সংপ্লুতোদকে। তাবান্ সর্বের্ধু বেদেয়ু ব্রাহ্মণস্থ বিজানতঃ ॥৪৬॥

## ভাবতকৌমুদী

অথ প্রাক্ততা জনঃ প্রকৃত্যংশবজংকার্যাং কামং কথং পবিহর্ত্ত্র্মহতীত্যাহ— তৈগুণোতি। তে অর্জ্বন়। উপনিষভিন্না বেলাং, ত্রেয়া গুণা এব ত্রেগুণাং প্রকৃতিঃ চাতৃর্বর্ণ্যাদিবং সার্থে ঘণ্, দৈব বিষয়ো যেযাং তে তাদৃশাঃ প্রাকৃতে জগতি কর্মতংসাধনাদিপ্রতিপাদকা ইত্যর্থঃ। অতএব অম্, নির্ন বিভাতে দদ্দানি শীতোফাদিপবস্পববিপবীত্যুগলানি যক্ত স তাদৃশঃ শীতোফাদিত্বংখং সহমান ইতি তাৎপর্যাম্, নিত্যং সর্বাদা সত্ত্বেণে তিষ্ঠতীতি স বজন্তমসী অভিভূম কেবলসন্থাপ্রিতঃ, অলকত্য লাভো যোগং লক্ষত্য বক্ষণঞ্চ ক্ষেমঃ ন বিভাতে যোগকেমো যত্ত্ব সং, আত্মবান্ মৃক্তো যত্ত্ববাংশচ সন্, নির্ন বিভাতে ত্রেগুণাং প্রকৃতিভদ্যাপাবো যত্ত্ব স তাদৃশো ভব প্রাকৃতং রাগদেষাদিকং পবিহাষ বন্ধ জিজ্ঞাসম্বেত্যর্থঃ ॥৪৫॥

### ভারতভাবদীপঃ

নিস্তৈগ্রণ্য ইত্যত আহ—নির্দ্ধ ইতি। স্থাত্থথে মানাপমার্নো শক্রমিত্রে শীতোঞে ইত্যাদীনি দলানি সপ্রতিপক্ষপদার্থরপাণি, তেভ্যো নির্গতো নির্দ্দং দর্বত্র সমর্দ্ধিবিতার্থঃ। নহু বাধমানমুফাদিকং কথং শীতাদিবং ক্ষন্তং শক্যমত আহ—নিত্যসত্তর ইতি। নিত্যং দর্বদা দত্বং ধৈর্যং দত্বগুণো বা তদাঞ্রিতো ভূজা ধীবো হি দর্বং দোঢ়ুং শক্তঃ। সান্ধিকো বা প্রারন্ধকর্মোপস্থাপিতমিদং হুংখমপবিহার্যাং কিমৃ তপ্তত্যেতি জানন্ দর্বং দোঢ়ুং শক্ষোত্যেব। নম্বত্যস্তহঃসহং ক্ষ্ধাদিহুংগং কথং নিস্তৈগুণোন দর্ববিধাপ্রতিশ্বেন সোঢ়ুং শক্যমত আহ—নির্বোগক্ষম ইতি। অপ্রাথক্ত প্রাপ্তির্বোগঃ প্রাপ্তমণকলণং ক্ষেমঃ এতজ্বমপি প্রাবন্ধকর্মধীনমিতি ভতোহপি নির্গত ইত্যর্থঃ। তত্র হেতুং যত আম্বান্ জিতচিত্তঃ। স হি সর্বাস্থপ্যাপংস্বনাকুলো নিত্যভ্গগুত্যা নিক্ষপ্রশন্ত ভবতীতি ত্বমণো-তাদৃশো নিষ্কেগ্রণ্যা ভবেত্যর্থঃ ॥৪৫॥ নম্বান্থবহুং চিত্তশ্বদ্ধী সত্যামেব ভবতি শা চ

অর্জুন। প্রকৃতিসম্ভূত জগৎ ও সেই জগতেব ব্যাপাবগুলিই কর্মপ্রতিপাদক বেদবাক্যসমূহেব বক্তব্য বিষয়, অতএব তুমি সেই জগৎ ও জগতেব ব্যাপাব ছাডিয়া ব্রন্মেব আলোচনায় প্রবৃত্ত হও। সেইজন্ম তুমি শীত ও গ্রীম্মপ্রভূতি দ্বন্দ্রহুখ সন্থ কব, সর্বদা সত্বগুণে অধিষ্ঠিত হও, যাহা পাও নাই, তাহা পাইবাব জন্ম চেষ্টা করিও না, কিংবা যাহা পাইয়াছ, তাহা বক্ষা কবিবাব জন্মও সচেষ্ট হইও না এবং মৃক্তিলাভেব জন্ম যত্নবান্ হও॥৪৫॥

তাৎ শব্দ অর্জুন! জগৎ ও জগতের ব্যাপাব লইয়া আলোচনা করিতে থাকিলে, তাহাতেই তোমাব জীবন কাটিয়া ষাইবে, স্কতরাং ব্রন্ধের আলোচনা করিবে কথন? ব্রন্ধের আলোচনা না কবিলে মৃক্তি হয় না, মৃক্তি না হইলে নিরবচ্ছিন্ন স্থথ পাওয়া যায় না, অতএব সর্বাদা সাত্তিক থাকিয়া, শীত-গ্রীমপ্রভৃতি সন্থ কবিয়া এবং খনের উপার্জন ও সংবক্ষণ ছাড়িয়া দিয়া মৃক্তিলাভের জন্ম চেষ্টা কর ॥৪৫॥

## ভাবতকোমূদী

নশ্বাপাতত এব ভোগস্থাং দৃষ্টঞ্চ তং, মোক্ষয়খন্ত স্থান্বকালে অদৃষ্টঞ্চ তং। তংকথং ভোগস্থাং পবিহায় লোকো মোক্ষয়খায় যতেতেত্যাহ—যাবানিতি। দর্মতঃ দর্মায় দিক্ষ্, দংগ্রুতানি ব্যাপ্তানি উদকানি যক্ত ত্মিন্, উদকানি পীয়ন্তে অন্মিন্নিতি উদপানঃ সমুদ্রন্তন্মিন্ । মধুরজলতয়া পানক্রাপি সম্ভবপ্রদর্শনার্থমিদং বিশেষণম্। যাবান্ যাবংপরিমাণম্, অর্থো জলার্থিনঃ প্রযোজনং দিঘ্যতীতি শেষঃ, দর্মেয়ু বেদেমু কর্মন্রন্মোভয়প্রতিপাদকেয়ু বেদ্বেদান্তেয়ু, বিজানতো বিশেষেণ ব্রহ্ম জানতঃ, বাহ্মণক্ত ব্রহ্মনিষ্ঠক্ত জনক্ত, তাবান্ তাবংপবিমাণ এব অর্থঃ প্রযোজনং দিঘ্যতি। অত্রায়মভিপ্রায়ঃ—ঘথা কৃপে পানমাত্রম্, বাপীতডাগাদে চ কেবলে পানাবগাহনে, ন পুনবেয়ু পোতাদিচালনমপি দিঘ্যতি, কিন্তু সমুদ্রে তৎসর্মমের ক্ষুষ্ঠ সম্পত্ততে, তথা দ্রিয়াং স্পর্শন্ত্যম্ব, মধুবন্ধব্যে বসনাস্থ্যম্, সম্বব্যে চ প্রবণস্থ্যম্, ন পুনরেয়ু স্থাযি ব্যাপি বা মহাস্থাং দিব্যতি, মোক্ষে তু তৎ সর্বমেব স্থায়ি ব্যাপি চ মহাস্থাং সম্পত্ততে। অতএবাহ শ্রুতিঃ—"এতক্তৈবাননক্রান্তানি ভূতানি মাত্রাম্পজীবন্তি।" অতো ভোগস্থাং বিহায় মোক্ষম্বাব্যৈর যতেতেতি ॥৪৬॥

### ভাবতভাবদীপঃ

সকল দিকে জলবাশিযুক্ত সমুদ্রে মান্তবেব যতওলি জলপ্রযোজন সিদ্র হয়, কর্দ্ম ও ব্রহ্মপ্রতিপাদক বৈদে ব্রহ্মজ্ঞ ও ব্রহ্মনিষ্ঠ লোকেব ততগুলি প্রযোজন সিদ্ধ হয় ॥৪৬॥

তা প্রি—তুমি ছোট ক্পের নিকট যাও, কেবল হলপান করা চলিবে , প্র্বেশ কাছে যাও, পান ও অবগাহন হইতে পাশিবে , কিন্তু দে চুইটাতেই পোত । ইমারগ্রহতি ) চালাইতে পারিবে না , আব সন্তে যাও, সেখানে পান, অবশাহন ও পোতচালন এছতি সমন্ত কলেব কাজই করিতে পারিবে । সেইরগ—ত্ত্রীব নিকট যাও, স্পর্বক্ত, পাইশে , মধুর

কর্মণ্যবাধিকাবন্তে মা ফলেযু কদাচন।
মা কর্মফলহেতুর্ভূর্মা তে সঙ্গোহস্তৃকুর্মণি ॥৪৭॥
যোগস্থঃ কুরু কর্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয়!।
সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে ॥৪৮॥

## ভারতকৌমুদী

অথ বদি মোক্ষ্থে দর্বস্থান্তভাবন্তদা তদর্থ কর্মকবনং নিরর্থকং জ্ঞানেন মোক্ষলাভাবৈব বতনীব্যক্তাহ—কর্মণীতি। হে অর্জ্ন। তে তব, কর্মণাব জাত্যক্তদন্তা-বন্দনাদিক্রিযায়ামেব, অধিকাবং ক্বণযোগ্যতা অস্ত । এবশন্ধব্যবচ্ছেতং স্পষ্টমাহ—নেতি। ফলেমু তত্ত্বকর্মজন্তেমু স্বর্গাদিমু, কদাচনাপি, অধিকাবং প্রবৃত্তিনীস্ত ন ভবত্ । নমু সানে দেহার্জ্র তেব কর্মণি ক্ততে তৎক্রমবশ্যমেব ভবিত্যতীত্যাহ—মেতি। ত্বং কামনাবারা কর্মংলক্ত স্বর্গাদেং হেতুং কারণং মা ভূং ন ভব । তর্হি কর্মিব ত্যাজ্যমিত্যাহ—মেতি। অ্কর্মণি কর্মাকবণে, তে তব, সদ আসন্ধিবাগ্রহ ইতি বাবৎ, মাস্ত ন ভবত্ । নিত্যকর্মাকরণে প্রত্যবাযোৎপত্তেং তৎক্বণে চ চিত্তহা্বহান্তাহ্যাবাহিত্যকর্মকবণমাব্যক্রমেবেতি ভাবং । কর্ম ক্রুত্ব তৎক্রক ন প্রার্থয়েতি তৃ নির্ক্ষণ ॥৪৭॥

নমু কেন ভাবেন কর্মাণি কবিছামীত্যাহ—ষোগস্থ ইতি। হে ধনঞ্চম। ছম্, সদং করাসক্তিং তাজা, অতএব তৎকলানাং সিদ্যাসিদ্যোঃ সমং সমানো ভূছা ফলসিফো হর্ষং ফলাসিদ্ধো চ বিষাদং বিহাম, ষোগস্থ একাগ্রভাবেন প্রমেশ্ববধ্যানহং সন্, কর্মাণি কুরু। অধ
কোহসো যোগ ইত্যাহ—সমন্বমিতি। সমন্বং চিল্ল্ড বৃত্তাস্তরনিবোধেন সমভাবেন
পর্মেশ্ববৈকতানস্বং যোগ উচ্যতে ষোগিভিবিতি শেষং ॥১৮॥

### ভাবতভাবদীপঃ

ন্ত সমাপ্যোপনিষদাপ্সজ্ঞানাথিনং শম এবেইন্তং কথং মাং ব্ধান্থেতি প্রেরন্থনীত্যাশন্ত্যাহ—কর্মণ্যেবেতি। কর্মণ্যোবাধিকাবো ন জ্ঞাননিষ্ঠান্ত্রাম্, মা ফলেমু সঙ্গোহন্তিত্যপকৃষ্যতে, কর্মফলং স্বর্গপ্যাদিহেতু: কর্মন্থ প্রবর্ত্তকং মহা তাদৃশো মা ভৃঃ অকর্মণি কর্মকরণেহণি
তব সঙ্গো মাহস্ত ॥৪৭॥ এতদেব বির্ণোতি—ধোগন্থ ইতি। যোগন্থ: দন্ সঙ্গং কলত্মাং
কর্ত্ত্বাভিমানক ত্যক্তা কর্মাণি জ্ঞানার্থং কুক্ব, হে ধনজ্ব! সিহ্যসিদ্ধ্যোঃ কর্মকলহা

থাত থাও, বসনার তৃপ্তি হইবে এবং ভাল গান শোন, কাণেব হুথ হইবে, এ সমন্ত স্থুংই ক্ষুত্র ও ক্ষণস্থায়ী। আব মৃক্তিস্থুখ লাভ কব, দেখিবে—তাহা অসীম ও চিরস্থায়ী, স্বত্যাং মৃক্তিলাভের জন্তই চেষ্টা কর ॥৪৬॥

অর্জুন! কর্ম্মেই তোমাব অধিকার হউক, তাহাব ফলে যেন কথনও অধিকাব হয় না। অর্থাৎ তুমি কামনাপূর্ব্বক কর্ম্ম কবিয়া তাহার ফল জনাইও না; আবাব কর্ম্ম না কবিবাব দিকেও যেন তোমাব মন যায় না ॥৪৭॥

তাৎ পৰ্য্য তৃমি কর্ম কবিষা যাও, তাহার ফল চাহিও না। ফল চাহিলেই সে ফল হইবে , তাহাতেই বন্ধ থাকিষা যাইবে ॥৪৭॥

## দূবেণ হ্ববং কর্দ্ম বুদ্ধিবোগাদ্ধনঞ্জয। । বুদ্ধো শবণমন্মিচ্ছ কুপণাঃ কলহেতবঃ ॥৪৯॥

ø

### ভাবতকৌমূদী

কাম্যং কর্ম তৃ নিতান্তমের নিরুষ্টমিত্যাহ—দূরেণেতি। হে ধন্থয়। হি ফ্লাং, কর্ম কাম্যক্রিয়া, বৃদ্ধিযোগাং পরমেশ্বাবাধনমের মধা কর্ত্তব্যমিত্যেবংবৃদ্ধিপূর্বকনিত্যকর্মকরণাং, দূরেণ অতিশবেন, গরবং নিরুষ্টম্, কাম্যফলেন ব্যাবশুস্তাবাদিতি ভাবং। অতএব তাদৃশব্যবসাযান্মিকাযাং বৃদ্ধৌ, শবণমাশ্রম্য, অন্বিচ্ছ কর্মকালেইপি প্রার্থম। তথা চ ফলশু স্বর্গাদেঃ হেতবং কামনাদারা হেতৃভূতাং কাম্যকর্মকারিণো জনা ইত্যর্থং, রূপণা ব্যয়কৃত্তিতা ইব ক্র্যাং। নিবতিশয়ং দানস্থাং বিহাম ক্র্দ্রে ধনরক্ষণস্থথে প্রবর্ত্তমানা জনা ধথা রূপণা উচ্যন্তে, তথা নিরতিশযং মোকস্থাং বিহাম ক্র্দ্রে স্বর্গাদিস্থথে প্রবর্ত্তমানা অপি রূপণা এবাচ্যন্ত ইতি ভাবং ॥৪৯॥

#### ভাবতভাবদীপঃ

বিবিদিষাদেঃ সিদ্ধাবসিদ্ধে বা সমো হর্ষবিষাদশ্রো ভূমা কর্মাণি কুর্বিতি সয়য়ঃ। ইদমেব সিদ্ধাসিদ্ধ্যোঃ সমজং যোগ ইত্যাচাতে ॥৪৮॥ ইমমেব বৃদ্ধিযোগং তোতি—দ্রেণেতি। কর্ম ফলকামেন ক্রিমাণং বৃদ্ধিযোগাং পূর্বোক্তারিদ্ধামাং কর্মণঃ দ্রেণ হি প্রসিদ্ধম্ অবরম্ অত্যন্তনিক্রষ্টম্ অতো বৃদ্ধে যোগরপায়াং তংফলভূতাযাং সাংখ্যরপায়াং বা তয়িমিত্তং শবণং রক্ষিতারম্ আশ্রয়ং বা ঈশ্রম্ অয়িছ্ প্রার্থয়য়, তংগ্রীত্যর্থং কর্মাণি কুর্বিত্যর্থঃ। যতঃ ফলহেতবঃ ফলমেব হেতুঃ প্রবর্ত্তকং যেষাং তাদৃশাঃ ফলত্ফাবন্তঃ রূপণা দীনা ভবন্তি। তো বা এতদক্ষরং গার্গাবিদিম্বাশ্বালোকাং প্রৈতি স রূপণঃ" ইতি শ্রুতেঃ ॥৪২॥ কিঞ্চ

অর্জুন! তুমি ফলেব আসক্তি ত্যাগ কবিয়া, ফলেব সিদ্ধি বা অসিদ্ধিতে সমান থাকিয়া এবং প্রমেশ্ববেব ধ্যানে নিমগ্ন বহিষা কর্ম্ম কবিতে থাক। যোগীবা প্রমেশ্ববেব ধ্যানে নিমগ্ন থাকাকেই যোগ বলেন ॥৪৮॥

তাৎ পর্ব্য—ভোজন করিলে স্বভাবতই যেমন তৃপ্তি হয়, তেমন কর্ম করিলে স্বভাবতই তাহার ফল হইবেই হইবে, স্থতরাং তাহাতে বন্ধও থাকিতে পারে বটে। তবে কর্ম কবিতে করিতে চিত্ততিদ্ধিদারা জ্ঞান জনিলে আর সে কর্ম্মণল হইতে পাবে না। ইহার বিস্তৃত যুক্তি-প্রমাণ পরে ("জ্ঞানাগ্নিদগ্ধকর্মাণম্" এই স্থানে ) বলা হইবে ৪৪৮ং

অর্জুন। 'আমি প্রমেশ্ববের আবাধনাই কবিব' এইরূপ বৃদ্ধিপূর্বক নিত্যকর্দ্ম করা হইতে কাম্যকর্দ্ম করা অত্যন্ত নিরুষ্ট . অতএর তৃমি দেইরূপ বৃদ্ধিকেই আশ্রয় কর। কারণ, যাহারা কামনাপূর্বক কর্দ্দ কলে, ভাষারা কুপণ॥৪৯॥

তাৎপর্ত্যা-কামনাপূর্বক কর্ম করিনেই বদ্ধ থাকিয়া ঘাইবে, একণা বছবার বদা হইযাছে, স্বতরাং কাম্যকর্ম নিত্যকর্ম হইতে অতাস্ত নিরুষ্ট, অতএব ভূমি এমন বৃষ্টির আপ্রদা কর, যাহাতে প্রমেশরের ধ্যানেই নিমা হইতে পার। ঘাহারা যদ কামনা ফরিয়া

# বুদ্ধিযুক্তো জহাতীহ উভে স্কৃততুদ্ধতে। তত্মাদ্যোগায় যুজ্যস্ব যোগঃ কর্মস্থ কৌশলম্॥৫০॥

## ভাবতকোমুদী

নন্ধনা নিদ্ধানকর্মকবণেহিপি প্রাবন্ধকর্মক্ষযাভাবাদ্দরে। ত্তাজ এবেত্যাহ—বৃদ্ধীতি। ঈশ্ববাবাধনমেব ময়া কর্ত্তব্যমিত্যেবং প্রাগুক্তা ধীবেব বৃদ্ধিঃ তথা যুক্তঃ কর্মকবণকালেইপি সমন্বিতো জনঃ, ইহ জীবন এব, উভে, হারুতং স্বর্গাদিজনকং প্রাক্তনং পুণ্যং তৃত্বতং নবকাদিজনকং প্রাক্তনং পাপঞ্চ তে, জহাতি তাজতি, তাদৃশকর্মকবণেন ক্রমশশ্চিত্তশুদ্ধাংপত্তা জ্ঞানোংপত্তের্জানানলেন চ ত্যোর্দাহাং "জ্ঞানাগ্নিদয়কর্মাণম্" ইতি বক্ষ্যমাণাদিত্যাশয়ঃ। তত্মাৎ, যোগায় তাদৃশবৃদ্ধিযোগলাভাষ, যুদ্ধান্ধ উদ্যুক্তো ভব। কর্মন্থ বিষয়েয়ু, কৌশলম্ উক্তবিধবৃদ্ধিপূর্বকতয়া নিদ্ধামভাবেন চ তৎকবণাস্থকং নৈপুণ্যমেব যোগ ইত্যুচ্যতে। ভিন্নপ্রায়ে সন্ধেবৈকল্লিকত্মা পূর্বাদ্ধে সন্ধিঃ। আলম্বাবিকো বিসন্ধিদোষশ্চার্যহাৎ সোচবাঃ॥৫০॥

### ভাবতভাবদীপঃ

বৃদ্ধীতি। বৃদ্ধিযুক্তঃ সমন্তবৃদ্ধিযুক্তো যোগায সমন্তবৃদ্ধিযোগায যুজ্যস্ব ঘটস্ব, যোগঃ সিদ্ধানিদ্ধাঃ সমন্তবৃদ্ধিঃ কর্মস্থ বন্ধকেন্বপি কোশলং বন্ধনিবর্ত্তক্বসম্পাদনম্। নমু বৃদ্ধিযুক্তঃ কর্মভিত্ দ্বতং ত্যজতু "ধর্মেণ পাণমণমন্তি" ইতি প্রতেঃ। স্থকতন্ত সজাতীয়বাতৈত্ব পিরিহরমিতি কথমুভে স্থকতত্ত্বতে জহাতীত্যুচ্যতে । সন্তত্তিজ্ঞানোৎপত্তিবাবেতি প্রাঞ্চঃ।
অর্বাঞ্চন্ত ত্বন্ধত স্থকতত্ত্বতে জহাতীত্যুচ্যতে । সন্তত্তিজ্ঞানোৎপত্তিবাবেতি প্রাঞ্চঃ।
অর্বাঞ্চন্ত ত্বন্ধত ত্বন্ধতাত্যুপেত্য ফলত্যাগাৎ স্থকতত্যাগোহপি কর্মযোগিনো ভবতি
হন্ধতফলবন্ধোক্ষপ্রতিবন্ধকতৎফলক্যাম্থপাদাং। যতু স্থাপত্তবোজাপ্রবৃক্ষনিদর্শনেন নাজবীষকং স্থকতফলমুক্তং ন তৎফলত্বেনোপপত্ততে নাজবীয়কত্বাদেব, তন্মাৎ ফলবারা মোক্ষপ্রতিবন্ধকে ক্রিয়মাণে এব স্থকতত্ত্বতে কর্মধোগী জহাতি, জ্ঞানী তু সঞ্চিতে স্থপি তে

কর্ম কবে, তাহারা রূপণ। কেন না, যাহারা ধনদানের মহাত্ম্থ পবিত্যাগ করিয়া ধনবন্ধার কুন্ত্রন্থ নিবত থাকে অর্থাৎ ধনব্যয়ে কুন্তিত হয়, তাহাদিগকে লোকে যেমন রূপণ বলে, সেইরূপ যাহারা মৃক্তিব মহাত্ম্থ ত্যাগ কবিষা ক্ষুদ্র স্বর্গাদিস্থথের জন্ম কামনাপূর্বক কর্ম করে, তাহাদিগকেও যোগীবা রূপণ বলেন ॥৪२॥

'আমি প্রমেশ্ববের আবাধনাই কবিব' এইরূপ বুদ্ধিযুক্ত হইষা যিনি নিষ্কামভাবে কর্ম্ম করেন, তিনি ইহ জীবনেই পুণ্য ও পাপ—এই ছইটাকে ত্যাগ করিতে পাবেন; অতএব অর্জুন। তুমি সেইরূপ যোগাভ্যাসেব জন্ম উদ্যোগী হও। কর্মবিষযে সেইরূপ কৌশলেব নামই যোগ॥৫০॥

তাৎ শহ্য—অর্জন। প্রাণিমাত্রেবই প্রাক্তন কর্মজনিত পুণ্য ও পাপ আছে, ফ্তবাং মান্নবেবও তাহা আছে, অতএব মান্নব দেই পুণ্যেব ফলে স্বর্গ, আব পাপেব ফলে নরক ভোগ কবিতে পারে, এবং তাহাতে বন্ধ, থাকিষাই ষাষ বটে, তবে সে মান্নব যদি 'আমি পরমেশ্বরেব আরাধনাই কবিব' এইরূপ বৃদ্ধিযুক্ত হইয়া নিক্ষামভাবে কর্ম করিতে থাকে, তাহা হইলে তাহাব, চিত্তের রাগদেষাদি নই হইয়া যায়, ক্রমে তত্ত্জান জন্মে, সে তত্ত্জান

কর্মজং বুদ্ধিযুক্তা হি ফলং ত্যক্ত্যা মনীষিণঃ। জন্মবন্ধবিনিম্মুক্তাঃ পদং গচ্ছন্ত্যনাম্যম্ ॥৫১॥ যদা তে মোহকলিলং বুদ্ধিব্যতিতবিশ্যতি। তদা গন্তাসি নির্বেদং শ্রোতব্যস্থ শ্রুতস্থা চ ॥৫২॥

### ভাৰতকোমুদী

অথেদৃশধোগাভ্যাদে কিং ফলমিত্যাহ—কর্মজমিতি। হি তথাহি, প্রাপ্তক্তরপা বৃদ্ধিযুক্তাং, অতএব মনীবিণঃ ক্রমশো জাযমানজানা জনাং, কর্মজং প্রাক্তনকর্মভ্যো জাযমানম্, ফলং স্বর্গনবকাদিরপং তাজ্বা, পুনর্জন্মৈব বন্ধন্তশ্বাৎ বিনিম্ম্ ক্রাঃ সন্তঃ, অনামযং সর্ব্বোপদ্রবশূত্যম্, পদং স্থানং ব্রন্ধেত্যর্থং, গছন্তি প্রাপ্নুবন্তি, জীবন্মুক্তা এব ভবতীতি তাৎপর্যাম্ ॥৫১॥

নম্থ কিষন্তং কালং যাবদীদৃশো ময়োপদেশঃ শ্রোতব্য ইত্যাহ—যদেতি। হে অর্জুন। তে তব বৃদ্ধিদা, মোহো দেহাদাবায়াভিমানলক্ষণা বিচিত্ততা স এব কলিলো গহনো হুর্গমো দেশ ইতি যাবং তম্, "কলিলং গহনং সমে" ইত্যমবঃ, ব্যতিতবিশ্বতি বিশেষেণাতিক্রমিশ্বতি, তদা অম্, শ্রোতব্যক্ত পবং শ্রবণীয়ক্ত, পূর্বং শ্রুতক্ত চ শাস্ত্রক্ত উপবি, নির্বেদম্ অবমাননাম্, গস্তাদি গমিশ্বদি প্রাক্ষ্যদীতি যাবং। "তত্তজ্ঞানাপদীশ্বাদেনির্বেদঃ স্বাবমাননা" ইতি সাহিত্যদর্পাঃ। অত্রাযমভিপ্রায়ঃ—প্রাপ্তজ্ঞলাশ্যক্ত পিপান্তপ্র্থিকক্ত যথা তৎপ্রাপ্ত্যুপদেশকং প্রতি স্বত এবাবজ্ঞা তাৎ, তথা মোহাতিক্রমে প্রাপ্তবিবেকক্ত মুম্কোঃ তৎপ্রাপ্ত্যুপাযভূতং শাস্ত্রোপদেশং প্রতি স্বত এবাবজ্ঞা ভবেং নিপ্রযোজনত্বাং॥৫২॥

### ভাবতভাবদীপঃ

জহাতীতি ত্যোবিশেষ ইত্যাহঃ ॥৫০॥ এতদেবাহ —কর্মন্তমিতি। বৃদ্ধিযুক্তাঃ সমন্তবৃদ্ধিযুক্তাঃ ক্রিযমাণকর্মন্তং ফলং ত্যক্তা মনীষিণো মনোনিগ্রহসমর্থা ভূতা জন্মরূপেণ বন্ধেন মুক্তাঃ সম্ভোহনাম্যং নিরুপদ্রবং পদং মোক্ষাখ্যং গচ্ছন্তি ॥৫১॥ কদা মনীষিণো ভবন্তীত্যত আহ—

অগ্নিত্ন্য, স্থতবাং তাহাতে তাহাব পূর্বেব পূণ্য ও পাপ দয় হইযা যায়, তাই সে আব স্থার্ম বা নবকে যায় না, মৃক্তিলাভই কবে, অতএব ভূমি সেইকপ যোগ অভ্যাস কবিবাব ভত্তই উদ্যোগী হও। দেখ, কোন শিল্পী এমনভাবে শিল্পকর্ম কবে, যাহাতে তাহাব কোন অনিট হয় না, সর্বাপ্রকাবে ইটই হয়। সেইক্ষেত্রে যেমন লোকে তাহার সেটভাবে কম্ম কবাকে কোশল বলে, তেমন এ ক্ষেত্রেও কর্ম কবা হইল, অথচ তাহার বলস্বরূপ স্থার্ম বা নরক হইবে না, মৃক্তিই হইবে বলিয়া উক্ত বৃদ্ধিতে নিদামভাবে কর্ম কবাকেই কর্মকৌশল বলে এবং ভাহাব নামই কর্মযোগ ॥৫০॥

উক্তব্যপ বৃদ্ধিযুক্ত মান্নষেবা ক্রমশঃ জ্ঞানী হইয়। কর্ম্মেব যল ত্যাগ ক্রিয়া জন্মব্যপ বন্ধ হইতে মুক্তি পাইয়া নিক্পদ্রব ব্রহ্ম লাভ করেন॥৫১॥

তাৎপর্য্য উক্ত রূপ বৃদ্ধি লইয়া নিরামভাবে কম কিলিতে থাকিলে, চিত্রে মণ্
বাগছেরপ্রভৃতি নই হুইয়া যায়, তখন নির্মন দর্গণে খেমন প্রতিবিধ পড়ে, তেমন নিম্মল
চিত্তে ব্রম্মালোক পড়ে, তাহার নামই জান সেই জানে মলেই মায়ুহ মৃতি লাভ করে। ১১।

## শ্রুতিবিপ্রতিপন্না তে যদা স্থাস্থতি নিশ্চলা। সমাধাবচলা বুদ্ধিস্তদা যোগমবাপ্যাসি॥৫৩॥

## ভাবতকোমুদী

অথ যোগং কদা প্রান্সামীত্যাহ—শ্রুতীতি। হে অর্জুন। শ্রুত্যা সাংখ্যবেদান্তাদিশান্ত্রশ্রুবণেন বিপ্রতিপন্না আত্মা অনেক একো বা অকর্ত্তা কর্ত্তা বা ইত্যাদিরপং বিবিধং সংশয়মাপন্না, নিশ্চলা দেহাদিবাতিরিক্তে চিন্নাত্তরূপ এবাত্মনি লরপ্রত্যথা চ, তে তব বৃদ্ধিঃ, যদা,
সমাধো সমাধিবিষয়ে ব্রহ্মণি, অচলা স্থিবা সতী স্থাস্থতি, তদা যোগমবাপ্যাসি। অতন্তদর্থমেব যতন্ত্রেতি ভাবঃ ॥৫৩॥

### ভাবতভাবদীপঃ

যদেতি। তে তব মোহ ইষ্টানিষ্টবিযোগসংযোগপরিতাপজ্ঞং বৈচিত্রাং তদেব কলিলমিব কলিলং কাল্মং বৃদ্ধিগতং বৃদ্ধিগতিতবিশ্বতি ব্যতিক্রমিশ্বতি বৃদ্ধিঃ প্রসন্ধা ভবিশ্বতি, তদা শোতব্যক্ত শান্তভাগক্ত শ্রুত্রকা চ নির্বেদং বৈরাগ্যং গন্তাদি। অষং ভাবং—মলিনাযাং বৃদ্ধাবসক্রদ্গৃহীতক্তাপি শান্ত্রার্থক্ত্রাক্ত্র্যাপি তেল্লাল্ডবর্গা শুভক্ত বৃথৈব, তদং শুদ্ধান্নামপি বৃদ্ধে সন্ধাঃ শান্তার্থক্ত্র্যাপি শান্ত্রার্থক্ত্রাপি তত্ত্র নির্বেদ উচিতঃ। প্রসন্ধা চ বৃদ্ধিনিগ্রহীতৃং বোগ্যা ভবতীতি শ্রবণাদিকং ত্যক্ত্রা ধ্যাননিষ্ঠ এব ভবেদিতি ॥৫২॥ নম্ন বৃদ্ধিপ্রসাদোহণি কেন লিক্ষেন জ্ঞেষ ইত্যত আহ—শ্রুতীতি। শ্রুতিভির্নানাবিধশান্তশ্রবহৈণবিপ্রতিপন্ধা আশ্বা নিত্যোহনিত্যো বা নিত্যোহপি কর্ত্তাহকর্ত্তা বা অকর্ত্তাপ্যেকাহনেকো বেত্যেবমাদি সংশয়গ্রন্তা সতী বদা অসম্ভাবনাবিপরীতভাবনানিরাসপূর্বকং শ্রুতিভাৎপর্যাবিষযীতৃতে বন্ধাবৈতে নিশ্চলা পুনঃ কৃতকৈবনান্ধন্দনীয়া নির্বিচিকিৎসাপবোক্ষনিশ্চযবতী ভূষা সমাধে নির্বিকল্পকে প্রত্যাগ্রনি অচলা লযবিক্ষেপশ্রুণ স্বাশ্বতি স্থিবা ভবিশ্বতি তদা যোগং বিবেকপ্রজ্ঞাং প্রাপ্যাদি। নিশ্চলসমাধিলাভ এব বৃদ্ধিপ্রসাদলিদ্যাতি ভাবঃ ॥৫০॥

অর্জুন! তোমাব বুদ্ধি যখন মোহৰূপ তুর্গম দেশ বিশেষভাবে অতিক্রম করিবে, তখন শ্রোতব্য বা শ্রুত বিষয়েব প্রতি তোমাব অবজ্ঞা (অনাস্থা) আসিবে ॥৫২॥

তাৎ পর্ছ্যি—মাহ্ব মোহবশতঃ দেহপ্রভৃতিকে আত্মা বলিয়া মনে কবে এবং অনেক অকর্ত্তব্যকে কর্ত্তব্য বলিয়া ধারণা করে, সে মোহ আবাব তুর্গম বনেব ভাষ নিবিড, কিন্তু কোন উপায়ে সেই মোহ নষ্ট হইলেই বিবেক উপস্থিত হ্ব। তা'র পব, কোন পিপাসার্ত্ত পথিক খুঁজিতে খুঁজিতে জলাশয় পাইলে পরে যদি কেহ তাহাকে জলেব সন্ধান বলিয়া দেয, তবে সেই লোকেব কথাব উপবে যেমন সেই পথিকেব অনাহ্বা হয়, তেমন বিবেক হওয়াব পবে শাস্ত্রোপদেশপ্রভৃতিব উপরে মৃমুক্তরও অনাহ্বা জন্ম ॥ ২২॥

অর্জুন! তোমাব বৃদ্ধি বিবিধ শাস্ত্র শুনিয়া সংশ্বরাপন্ন হইয়া বহিষাছে; স্মৃতবাং সেই বৃদ্ধিটা যখন বিশ্বাস লাভ কবিয়া প্রশ্নাত্মার উপরে স্থিব হইয়া থাকিবে, তখনই তুমি যোগ লাভ কবিবে' ॥৫৩॥

### অৰ্চ্ছ্ৰন উবাচ।

স্থিতপ্রজ্ঞস্য কা ভাষা সমাধিস্থস্য কেশব।।
স্থিতধীঃ কিং প্রভাষেত কিমাসীত ব্রজেত কিস্ ॥৫৪॥
শ্রীভগবাসুবাচ।

প্রজহাতি যদা কামান্ সর্বান্ পার্থ। মনোগতান্। আত্মন্যবাত্মনা তুক্টঃ স্থিতপ্রজ্ঞন্তদোচ্যতে ॥৫৫॥

## ভাৰতকৌমুদী

ইদানীমর্জন: ছিতপ্রজ্ঞপ্রকাবং বৃত্ৎস্থবাগ্রহাৎ পৃচ্ছনু বাচ—দ্বিতেতি। হে কেশব।
সমাধিস্থপ্ত বন্ধগাননিমগপ্ত, স্থিতা বন্ধণি স্থিবা প্রজ্ঞা বৃদ্ধির্যপ্ত তন্ত তাদৃশন্ত সাধকন্ত, কা
ভাষা ভাষতে অনম্বেতি ভাষা লক্ষণন্। স্থিতধীঃ স স্থিতপ্রজ্ঞা, কিং কীদৃশন্, প্রভাষেত
সমাধিতদে অফি: সহালপেৎ, কিং কীদৃশন্, আসীত উপবিশেৎ, কিং কীদৃশং বা ব্রন্থেত
ব্রজ্ঞেং গচ্ছেৎ। অত্র সমাধিকালে একঃ তন্তাদ্ধ চ ত্র্য ইতি চন্থাবঃ প্রশ্লাঃ ॥৫৪॥

শ্রীজগবান্ স্থিতপ্রক্রন্থ লক্ষণবয়্বাচ দ্বাল্যান্। প্রেতি। হে পার্থ। সাধকো যদা, ন কেবলমৌহিকান্ বাহ্যান্ মনোগতানপি সর্বান্ কামান্ স্বর্গাদীন্ কাম্যবিষ্যান্, প্রজহাতি প্রকর্ষেণ তাজতি, আহ্মনা স্বেনৈব, আহ্মন্তেব ব্রহ্মণ্যেব চ তৃষ্টো ভবতি, তদা স সাধকঃ, স্থিতপ্রক্র উচাতে যোগিভিঃ। সর্বকামত্যাগে সতি আহ্মতৃষ্টিরেকং স্থিতপ্রক্রনক্রণনিতি নিছর্ষঃ ॥৫৫॥

### ভাবতভাবদীপঃ

লব্দমাধে: স্থিতপ্রজ্ঞাপবনামে। লক্ষণানি বৃত্ৎস্বর্জন্ উবাচ—স্থিতপ্রজ্ঞস্তেতি। স্থিতা প্রত্যগান্দনি প্রতিষ্ঠিতা প্রজ্ঞা ষস্ত তম্ম স্থিতপ্রজ্ঞা সমাধিস্কা সমাধে দ্বিতম কা ভাষা ভাষণং বচনং কথমসোঁ পবৈর্ভায়তে ইত্যেকঃ প্রশ্নঃ। স্থিতধীঃ স্থিতপ্রজ্ঞঃ অর্থান্-ব্যথিতঃ সন্ কিং প্রভাষেত কথং বদতি, কথমান্তে, কথং বা ব্রন্থতি বিষয়ান্ ভূঙ্কে। ইতি প্রশ্নত্ত্বম্ ॥৫৪॥ এতেষাং জ্মেণোভরাণ্যাহ্ ভগবান্ প্রস্থহাতীত্যাদিনা। অত্র

তা প্রত্যা— সাংখ্য বলেন— আয়া বছ, আবার বেদান্ত বলেন— আয়া এক , এইরূপ বিভিন্নমতাবলম্বী শান্ত শুনিলে নিশ্চরই মান্তবেব দন্দেহ জন্মে , তা'র পর, বিচাব বিভর্কে কিংবা গুরুব উপদেশে একটা বিশ্বাস উংপন্ন হয়। অর্জুন। তোনার বৃদ্ধিটাও সেইরূপ সন্দেহাপন্ন হইতে পারে , যদি তাহাই হইয়া থাকে, তবে সেই বৃদ্ধি বখন বিশ্বাস লাভ করিয়া দ্বিব হইয়া একে, থাকিবে, তখন তৃমি যোগী হইবে তেনা

অর্জুন বলিলেন—"কৃষ্ণ! ধ্যাননিময় স্থিতপ্রস্তেব লক্ষণ কিঃ এবং ধ্যানভঙ্গ হইলে স্থিতপ্রজ্ঞ সাধক কিরপ কথা বলেন গ কিক্স উপবেশন কবেন ? কি ভাবেই বা গমন কবেন গ ॥৫৪॥

ভাৎ প্রভা—আগ্রহের সহিত এইরপ চারিটা প্রম করার মানির খেন বিভল্ল হইবার ইচ্ছা দ্বিয়াছিল বলিয়া মনে হণ । ১১।

ষড়্বিংশোহধ্যায়ঃ ।

তুঃখেম্বন্দুদ্বিগমনাঃ স্তথেষু বিগতস্পৃহঃ। বীতবাগভযক্রোধঃ স্থিতধীগু নিক্চ্যতে ॥৫৬॥

## ভাবতকৌমুদী

ত্ংখেৰিতি। তৃংখেষু উপস্থিতেৰপি, অনুদিয়মনা শবিচলিতচিন্তঃ, স্থেষু বিগতস্পৃহো নিবভিলাষ:, বীতাস্ত্যকা বাগো নিজদেহাদাবপ্যাদক্তিণ্ট ভষঞ্চ ক্রোধশ্চ যেন স:, মৃনি-র্মননবান্ সাধকক, স্থিতধীঃ স্থিতপ্রজ্ঞ উচ্যতে। উভযোবেব বচনয়োবেকলক্ষণপরত্বে "সর্কান্ কামান্ প্রজহাতি" "হুথেষু বিগতস্পৃহং" ইত্যুভযোবেকার্থকত্যা পোনক্ষ্যুাপত্তের্ল ক্ষণ্যযিদং মন্তব্যম্। পূর্ববল্লকণনিম্বর্ণ উল্লেখ: ॥৫৬॥

#### ভাৰতভাৰদীপঃ

যাত্মেব কুতার্থলক্ষণানি, তানি জ্ঞানসাধনানীতি মত্বা উপদিশ্যত্তে স্থিতপ্রজ্ঞলক্ষণানি, তেষামক্বতার্থেয়ু বত্বসাধ্যত্বাৎ ক্বতার্থেয়ু স্বাভাবিকত্বাৎ। যথোক্তম্—"উৎপন্নাত্মপ্রবোধস্ত হুদেষ্ট্রাদস্নো গুণাঃ। ভবস্তায়ত্নতস্তস্ত ন তু সা∢করূপি;়া" ইতি। যদায়ং যোগী मर्कान् यूनय्याकावनभवीवराजागान् कामान् कामामानान् विययान् श्रकर्दन ममनः खराजि ত্যঞ্তি, কীদৃশান্ কামান্ মনোগতান্ মনস্থেব সফলবিকলায়কে স্থিতান্ ন তু বহিঃ, ষথোক্তমক্ষপাদাচার্টেয়ঃ—"দোষনিমিত্তং রূপাদযো বিষযাঃ সম্বল্পকৃতা" ইতি। তত্ত্ব ভূলানাং কামানাং ত্যাগ একান্তসেবনমাত্রাঙ্বতীতি স স্থবীযানেব। বিলীনকরণগ্রামস্থ সমনস্কস্থ জাগ্ৰদাসনাময়াঃ স্বপ্নে যে কামাঃ স্ফুবন্তি তেষামপি ত্যাগো ভগবদ্ধানাদিরূপসদাসনাভ্যাস-বলেন ভবতি। যে তৃপসংহাতকবণশু সম্প্রস্ঞাতসমাধিকালে দিব্যাঃ কামাঃ সম্প্রমাত্রোপনতা দহরবিভাদিযু প্রসিদ্ধান্তেষামপি ত্যাগোহসম্প্রজ্ঞাতসমাধ্যভ্যাসবলেন ভবতি এবং ত্রিবিধান্ কামান্ ত্যক্তন আত্মন্তোবাখথৈকবদে আত্মনা স্বেনৈব স্বৰূপানন্দেন তুটো বাহ্যবিষয়নিবপেক্ষো ষদা ভবতি তদায়ং স্থিতপ্রক্ত ইভ্যুচাতে ॥৫৫॥ ফু:থেষু শস্ত্রপাতাদিষু ফু:থসাধনেষু প্রাপ্তেম্বপি অমুদ্বিগ্নমনা অচঞ্চমনাঃ, বক্ষ্যতি চ—"যশ্মিন্ স্থিতো ন তৃংখেন গুরুণাপি বিচাল্যতে" ইতি। স্থ্যেষু স্থ্যসাধনেষু শ্ৰক্চন্দনাদিষু প্ৰাপ্তেদপি বিগতস্পৃহে৷ নিৰ্বৃত্তিকত্বান্তৰ্বতি, অতএব বীতাঃ রাগভয়ক্রোধা যম্মাৎ স তথা, ন হি তস্তামবস্থাযাং রাগাদযো তঃথাদযো বা সম্ভবন্তি।

কৃষ্ণ বলিলেন—"অৰ্জুন! সাধক যখন মনেব সকল কামনা পবিত্যাগ কবেন এবং আপনাদ্বাবা আপনাব উপবেই সম্ভষ্ট থাকেন, তখন তাঁহাকে স্থিত-প্ৰেজ্ঞ বলা হয় ॥৫৫॥

ভাৎ পৃষ্ঠ্য-প্ৰমাত্মা আনন্দময়, স্বতবাং তাঁহাতে বৃদ্ধি নিবিষ্ট হইলে সন্তোধ বা আনন্দ অবিচ্ছিন্নভাবেই হইতে থাকে, অতএব তথন বৃদ্ধি নানাদিকে ছুটাছুটি কবে না বলিয়া কোন কামনা বা অন্যভাব মনে আসিতেই পাবে না। তাই সে সময়ে স্বভাবতই সমস্ত কামনা পবিত্যক্ত হয় <sup>॥৫৫॥</sup>

তুঃখ উপস্থিত হইলেও যাঁহাব মন বিচলিত হয না, সুখেও যাঁহাব স্পৃহা থাকে না, যিনি ভয় ও ক্রোধ পবিত্যাপ কবিয়াছেন, আব নিজের দেহেব

বঃ সর্বব্রোনভিমেহস্তত্তৎ প্রাপ্য শুভাশুভন্। নাভিনন্দতি ন দ্বেষ্টি তম্ম প্রজ্ঞ। প্রতিষ্ঠিতা ॥৫৭॥ যদা সংহবতে চাবং কূর্ম্মো২ঙ্গানীব সর্ববশঃ। ইন্দ্রিযাণীন্দ্রিযার্থেভ্যস্তম্ম প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥৫৮॥

### ভাবতকোমুদী

"দ্বিত্তনীঃ কিং প্রভাষেত" ইতি দিতীয়প্রশাস্তান্তবং ক্রবন্ প্রজ্ঞান্থিতেরুপায়নপাহি দাভাান্। য ইতি। অত্রাভিম্নেহপদমভিদেবমিপ লক্ষ্যতি ন দেইটি সামর্থ্যাৎ। তথা চ সর্ব্বত্র মিত্রামিত্রেয়ু, ন বিছাতে অভিম্নেহং সমস্তাং স্নেহদেয়ে যক্ত স তাদৃশো যং সাবকং, তত্তং শুভাশুভং প্রাপ্যাপি নাভিনন্দতি ন দেষ্টি চ শুভং পুত্রমিত্রাদিকং প্রাপ্যাপি নাভিনন্দতি নাদ্রিয়তে, অশুভং শক্রহিংপ্রাদিকং প্রাপ্যাপি চ ন দেষ্টি, উদাসীন ইব চালপতীত্যর্থং, তক্ত সাধকত্য, প্রজ্ঞা বৃদ্ধিং পর্মাশ্বনি প্রতিষ্ঠিতা ভবতি, বিষ্যান্থবাস্পর্শাদিতি ভাবং ॥৫৭॥

যদেতি। কৃশ্য কচ্ছপা, সর্বাশ: সর্বাণি, অন্ধানি স্বানি কবচবণশিবাংসীব, অযং সাধকো যদা, ইন্দ্রিয়াণি স্বানি শ্রোত্রাদীনি, ইন্দ্রিয়ার্থেভ্যাং, শন্ধাদিবিষয়েভ্যাং, সংহবতে আত্ত্রাং সম্বোচ্যতি সঙ্গভ্যাং প্রত্যাহ্বতি চ, তস্ত্র সাধকস্ত্র প্রজ্ঞা বৃদ্ধিঃ পর্যাত্মনি প্রতিষ্ঠিত। ভবতি। বিষয়াবগাহস্বভাবা বৃদ্ধির্যাবীভূতেন্দ্রিয়োপর্মাদাহ্বিষ্যমনবগাহ্ আন্তর্মান্ত্রান্মেবাবগাহত ইত্যাশয়ঃ ॥৫৮॥

### ভাবতভাবদীপঃ

এবংবিধঃ সমাধিস্থঃ স্থিতবীঃ স্থিতপ্রক্ত উচাতে ॥৫৬॥ "স্থিতবীঃ কিং প্রভাবেতে"তাশ্যোত্তবমাহ

— যঃ সর্বত্রেতি। সর্বেয়্ ধনদাবদেহজীবনাদিয়ু অনভিন্নেহঃ অভিন্নেহবান্ হি ধনদাবাদিয়্
বিকলেয়ু সকলেয়ু বাহমেব বিকলঃ সকলোহস্মীতি দৈলদর্পোপেতঃ পূর্বাপবাহসদ্ধানবহিতো
জন্নতি, অয়স্ক ন তথেতি ভাবঃ। তথা শুভং প্রাপ্য নাভিনন্দতি সন্তুটো ভূষা শুভপ্রাপয়িতাবং
ন প্রশংসতি, তথা অশুভং প্রাপা ন বেটি ছংখা ভূষা অশুভপ্রাপয়িতাবং ন নিল্টি যত্ত্য প্রক্তা প্রতিষ্ঠিতা ॥৫৭॥ "কিমানাতে"ত্যক্তোত্তবমাহ—যদেতি। ইন্দ্রিবার্থেভ্যঃ শ্রনাদিবিষয়েভ্যঃ

উপবেও যাঁহাব কোন অন্থবাগ থাকে না এবং যিনি দর্ববদ৷ পবনায়াবই আলোচনা কবেন, সেই-সাধককেও স্থিতপ্রজ্ঞ বলা হয ॥৫৬॥

তাঙ্ প্রত্যালে বেলাক জলে ড্বিমা থাকে, তাহাব যেমন উপবের কোন বিষণেরই অমুভব হয় না, সেইরূপ ঘাঁহাব বুদ্দি পরমাত্মাতে স্থিব হইমা থাকে, তাঁহারও বাহিরের স্থান, ভাষা, ভাষা ও ক্রোধ জন্মিতেই পারে না । ৫৬।

মিত্র ও শক্রব উপবে স্নেহ ও বেব না থাকায় যিনি সেই সেই মিত্র এব শক্র পাইযাও আদর বা বেষ কবেন না, (কেবল উদার্সানেব লাম ভাগানেব সহিত আলাপ কবেন), সেই সাধকেব বুদ্ধিই প্রব্রন্ধে প্রতিষ্ঠিত হয় ৫৭%

তাৎপ্র্—সাধকের মনে যথন স্থেত ছেবপ্রভৃতি কোন বৃত্তি থালে না, তানী তাহার বৃদ্ধি ব্রেশ্ব প্রতিষ্ঠা লাভ করে জেব

# বিষয়া বিনিবর্ত্তন্তে নিবাহাবস্থ দেহিনঃ। বসবর্জ্জং বসোহপ্যস্থ পবং দৃষ্ট্বা নিবর্ত্ততে ॥৫৯॥

## ভাৰতকৌসুদী

নমু দাধকঃ শ্রোত্রাদীনী দ্রিয়াণি সংহ্বতাং নাম, মনস্ত তস্ত্র বিষয়েষু প্রবর্ত্তিতবেত্যাহ—বিষয়া ইতি। আহ্বণমাহাব ইন্রিমের্বিষয়গ্রহণমিত্যর্থঃ। বসং বাগং বর্জ্বযতীতি বসবর্জম্। তথা চ নির্ন বিভতে আহাবঃ শব্দাদিগ্রহণং ষস্ত্র তস্ত্র, দেহিনো বিষয়াদিজনস্ত্র, বিষয়াঃ শব্দাদ্যঃ, বিনিবর্ত্তরে প্রত্যক্ষগোচবতাং ন যান্তি, বধিবত্বাদিবশাদেবেতি ভাবঃ। কিন্তু তস্ত্র বিষয়াদেরপি বসঃ শব্দাদিবিষয়গ্রহণবাগো বর্ত্তত এব। অস্ত্র সাধকস্ত্র তু পবং ব্রহ্ম দৃষ্ট্রা, ন কেবলং বিষয়াঃ রসোহপি তত্তবিষয়গ্রহণবাগোহপি নিবর্ত্ততে, পরব্রহ্মদর্শনস্ত্র সর্বাতিশায়িত্বথ-জনকত্বাদিতি ভাবঃ। এতেনৈতত্ত্তং ভবতি—বিষবাদ্যে শব্দাদ্য়ো বিষয়া নিবর্ত্তরে, ন তু তত্তপ্রাগঃ , স্থিতপ্রজ্ঞস্ত তু শব্দাদ্যো বিষযান্তন্ত্রপাগান্চ নিবর্ত্তর ইতি পরস্পবং মহানেব ভেদঃ॥৫৯॥

### ভাবতভাবদীপঃ

প্রাবন্ধকর্মনশেন ব্যুত্থিতোহিপি যোগী বৈতদর্শনাত্ত্ত্বিঃ সন্ নিবোধসংস্বারপ্রাবন্যাৎ প্রীত্যা সমাধিমন্থতিষ্ঠরেবান্তে ইত্যর্থঃ। শেষং স্পষ্টম্॥৫৮॥ নম্ম বিষয়েভা ইন্দ্রিযাণাং নিবৃত্তিক্ষে স্থিতপ্রজ্ঞতাহেতৃন্তর্হি স্থিত্যিক্ষালয়গ্রহাবেশাদাবিপ সান্তীতি সর্ব্বোহিপি স্থিতপ্রজ্ঞ এবেত্যাশক্ষাহ—বিষয়া ইতি। সত্যং দেহিনো দেহাভিমানবর্তো মৃত্যু স্থানে নিবাহারত্য ইন্দ্রিযেবিষয়াননাহরতোহভূগ্ণানক্ষ বিষয়া বিনিবর্ত্তন্ত এব, তথাপি বসবর্জ্ঞং বদো বাগন্তবর্জ্ঞং নিবর্ত্তন্তে তদাপি স্বন্ধরণে বাগোহিপি বাগম্নতাত্মাজ্ঞানক্ষাদাহারাদো স্থিতপ্রজ্ঞ ইত্যর্থং। অক্টের পুনঃ পরং দৃষ্ট্রা আত্মানং সাক্ষাৎক্ষত্য নিবাহাবন্য শন্ধাদীনগৃহতো বসোহিপি নিবর্ত্তে ম্লাজ্ঞানদাহাদিতান্তি স্থাদেং সমাধিস্ক্য চ মহান্ বিশেষ ইতি ভাবং। প্রাঞ্জ্ঞ রোগিণঃ কাষ্ঠতপন্থিনো বা মৃত্যাপি বিষয়াননাহবতো রসবর্জ্ঞং বিষয়া বিনিবর্ত্তন্তে তত্ত্বৈর পরং দৃষ্ট্রা

কচ্ছপ যেমন তাহাব সমস্ত অঙ্গ সম্ভোচিত কবে, সেইবাপ সাধক যখন তাঁহাব কর্ণপ্রভৃতি সমস্ত ইন্দ্রিয়কে শব্দপ্রভৃতি বিষয় হইতে উপসংহৃত বাখিতে পাবেন, তখনই তাঁহার বৃদ্ধি পবব্রন্ধো প্রতিষ্ঠা লাভ কবে ॥৫৮॥

তাৎ শ্রভ্য—কোন আতম্বশতই কচ্ছপ তাহাব অঙ্গ নম্মেচিত করে, আর সাধকও বিষয়ে আসক্তিব ভয়েই তাঁহাব ইন্দ্রিয়গুলিকে উপদংশ্বত বাখেন ॥৫৮॥

অন্ধ ও বধিবপ্রভৃতি অক্ষম লোকদিগেব নিকট হইতে বিষয়ভোগেব ইচ্ছা ভিন্ন বাপ ও শব্দপ্রভৃতি বিষয়গুলি স্বভাবতই নিবৃত্তি পায়, আর পবব্রহ্ম দর্শন কবায় সাধকেব নিকট হইতে বিষয় সকল এবং সেগুলিব ভোগেচ্ছাও নিবৃত্তি পায়॥৫৯॥

ভাৎ প্রত্যা—চোথ ও কাণ না থাকায় অন্ধ ও বধিবপ্রভৃতি লোকেবা রূপ ও শব্দ-প্রভৃতি বিষয় গ্রহণ কবিতে পারে না বটে, কিন্তু তাহাদের সে বিষয়গুলি ভোগ কবিবাব ইচ্ছা যততো হৃপি কোন্তেব। পুক্ষস্ত বিপশ্চিতঃ। ইন্দ্রিবাণি প্রমাথীনি হবন্তি প্রসভং মনঃ ॥৬০॥ তানি সর্বাণি সংযম্য বুক্ত আসীত মৎপবঃ। বশে হি বস্তেদ্রিয়াণি তস্ত প্রক্তা প্রতিষ্ঠিতা ॥৬১॥ (বুগাক্স)

## ভাবতকোসুদী

"কিমাসীত" ইতাৰ্জ্নতৃতীৰপ্ৰশ্নস্তোত্তৰং ক্ৰবন্ ইক্ৰিষসংষম এব প্ৰজ্ঞান্থিতেফপাৰ ইতি চ নিবেদযন্ প্রথমং বাহেন্দ্রিয়নংবমমাহ দ্বাভ্যাং মুগ্মকেন। যতত ইতি। হে কৌন্তেম। প্রমধ্যন্তি বৃদ্ধিশালোডযন্তীতি প্রমাথীনি, প্রুষজ্যৈবেক্রিবাণি, বততঃ প্রজ্ঞাহিতো বতমানশু, বিপরিচিনোতি বিশেষেণ সমস্তাৎ বিষযাণাং মাযিকত্বা তুচ্ছতাং জানাতীতি তক্ত বিপ-শ্চিতোহপি পুরুষশু মনঃ, হি ষমাৎ, প্রসভং বলেন হয়ন্তি, তমাৎ যুক্তো বোগী স পুরুষঃ, তানি नर्कानि ইন্দ্রিয়ানি, সংযম্য তত্তবিষ্যেভ্যো নিক্ব্য, অহমেব পবং প্রবানো ধ্যেযো যন্ত স মংপর: সন্, আসীত কুত্রাপি নির্বাধে দেশে পদ্মাসনাদিনা উপবিশেং। হি তথাহি, যশু পুরুষশু ইন্দ্রিয়াণি, বশে আত্মাধীনতাযাং তিষ্ঠন্তি, তত্ত্বৈব পুরুষশু, প্রজ্ঞা বৃদ্ধিং, বৃদ্ধণ প্রতি-ষ্ঠিতা ভবেং। অতত্তমপি ইন্দ্রিয়সংঘমে যতম্বেতি ভাব: ॥৬:—৬১॥

### ভাবতভাবদীপঃ

স্থিতত্ত বসোহপি নিবর্ত্ত ইতি বাচ্**খ্যঃ ॥৫৯॥ কিঞ্চ স্থপ্তাদেবি**ক্রিয়াণি প্রান্ত্যা স্বয়নেব লীয়ন্তে নুমাহিতেন ভূ তানি কূর্শ্বেণান্বানীব স্বেচ্ছ্যা নংগ্রিয়ন্তে। এভচ্চাত্যন্তানান্সাধ্য-মিত্যাহ—যতত ইতি। বিপশ্চিত: শান্ত্রাচার্ব্যোপদেশবতো যততোহপি সমাধিনিল্যর্থং ষতমানস্তাপি পুরুষস্ত ইন্দ্রিবাণি কর্ত্তুণি মনঃ প্রতীচি স্থিবীক্রিবমাণং কর্মীভূতং হবস্তি বিষয়প্রবণং কুর্বন্তি, যতঃ প্রমাথীনি, যথা বহুবশ্চোবা বনে একং পুরুষং প্রমধ্য তক্ত বিভং হবন্তি এবমিক্রিবাণি যততো মনো হবন্তি, যতঃ প্রসভমতিশবেন প্রথমনশীলানি ১৮০১ ষ্মতপ্যবং তথাপি তানি নিবন্তব্যাক্তেবাশ্রথা হিতপ্রক্রন্থলৈবাদিছেবিত্যাহ—তানীতি। শংখনা বনীকৃতা যুক্ত: দরদো মংপব অহমেব দর্বেষাং প্রত্যগান্থা পব: ব্রাদিভো বাহেভো থাকে, আব নাধক প্ৰব্ৰহ্মদৰ্শনেৰ প্ৰমানন্দ ভোগ কহিতে থাকেন বলিয়া ৰূপ ও শবপ্ৰভৃতি বিষয় ভোগ কবিতে পাৰিয়াও ভাহা কবেন না এবং তাহাৰ ভাহা ভোগ কবিবাৰ ইচ্চাও পাকে না , স্বতবাং অন্তপ্রভৃতিব দহিত দাংকেব অত্যন্ত বৈৰমাই পাকে । ১৯।

কুষ্টীনন্দন। বৃদ্ধিবিক্ষোভন্তনক ইন্দ্রিযগণ, বৃদ্ধিস্থিবতাব জ্ঞা যত্তবান্ এবং জ্ঞানী পুৰুবের মনকেও বলপূর্বেক যখন হবণ কৰে. তখন সেই যোগী পুক্ষ সেই সমস্ত ইন্দ্রিয়কে সংযত কবিয়া মংপ্রবায়ণ হইয়া কোন নিশ্ছি স্থানে উপশেষন কবিবেন। দেখ, ইন্দ্রিয়গুলি যাঁহাব বশে থাকে, তাঁহার বুদ্রিই পরব্রাহ প্রতিষ্ঠিত হ্য ॥৬০—৬১॥

তাৎপর্বা—ধর্ম। ধাণতকাঠা ছব্দ দহাতা বেফা যান্য ভিত্য সংপ্রি वृक्षिमान् लाद्दर्थ धन इदग दाद, कार्डेङ्भ क्षरन रेक्टिए ए खानी लादग्र समादक राम्पूर्णक ধ্যাযতো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষ্পজায়তে।
সঙ্গাৎ সঞ্জাযতে কামঃ কামাৎ ক্রোধোহভিজায়তে॥৬২॥
ক্রোধান্তবতি সম্মোহঃ সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ।
স্মৃতিভ্রংশাদ্বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি॥৬৩॥

### ভাবতকোমুদী

ইদানীং প্রজ্ঞান্থিতেরূপায়ত্যা ব্যতিবেকেণাগুরিজ্রিয়ন্ত মনসং সংযমমাহ ছাভ্যাম্। ধ্যায়ত ইতি। বিষয়ান্ শব্দাদীন্, ধ্যায়তো মনসা চিন্তয়তঃ, পুংসঃ পুরুষন্ত, তেয়ু বিষয়েয়ু, সঙ্গ আসজিরূপজায়তে, তেয়াং সৌন্দর্য্যাত্বপগতে। সন্দান্ত কামঃ তত্তিবিষয়ভোগাভিলায়ঃ সঞ্জায়তে। কামাৎ কেনাপি প্রতিবদ্ধাৎ তত্মান্ডোগাভিলায়াৎ ক্রোধঃ প্রতিবন্ধকং প্রতি অপচিকীর্বা অভিজায়তে ॥৬২॥

ক্রোধাদিতি। ক্রোধাৎ সম্মোহো বৈচিত্তাং চিত্তবিক্ষেপো ভবতি, সম্মোহাৎ শ্বতে-বিভ্রমো ভংশো ভবতি, শ্বতিভ্রংশাদ্ব্দিনাশো ভবতি, বৃদ্ধিনাশাচ্চ পুরুষঃ প্রণশুতি কদাচিৎ প্রাঘাতাদিনা থ্রিয়তে, কদাচিন্ম, তপ্রাযো ভবতি, কদাচিদক্তথা নির্যাতিতো বা ছায়তে। অতো বিষযধ্যানমের মহানর্থমূলমিতি ভাবঃ ॥৬৩॥

#### ভারতভাবদীপঃ

দেহেন্দ্রিয়াদিভা আক্তবেভাশ্চ উৎকৃষ্টঃ প্রিয়তমো যক্ত স মংপবঃ সয়াসীত, হি যশ্মাৎ বশে আজায়াম্। শেষং স্পষ্টম্ ॥৬১॥ "য়দা পঞাবতিষ্ঠন্তে জ্ঞানানি মনসা সহ। বৃদ্ধিশ্চ ন বিচেইতি তামাহঃ পবমাং গতিম্ ॥" ইতি শ্রুতো ইন্দ্রিমননোবৃদ্ধীনাং নিগ্রহে পবমপদপ্রাপ্তিরিত্যুক্তম্, তত্ত্র উপসংহতকরণশ্ত বাহান্ শব্দাদীনগৃহতো মনোমাত্রেণাবহিত্ত্য যোগিনো মনসোহনিগ্রহে কিং স্তাদিত্যাহ—ব্যায়ত ইতি দ্বাভ্যাম্। বিষয়ান্ শব্দাদীন্ ধ্যায়তশ্চিন্তমতঃ পৃংসঃ পৃক্ষক্ত স্বেমু শব্দাদিমু সন্ধঃ সম্বন্ধা জাযতে। বাহ্যার্থেভ্যো নিগৃহীতাক্তি ইন্দ্রিয়াণি মনোদোষাৎ পুনর্বাহ্যার্থান্ গৃহুন্তীত্যর্থঃ। ততঃ সন্ধাৎ কামন্তশ্মিন্ বিষয়েহভিলায়ঃ সঞ্চায়তে। কামাৎ কৃতশ্চিদ্ধেতোঃ প্রতিহতাদভিজ্ঞলনাম্বা ক্রোধোহভিজায়তে ॥৬২॥ ততঃ ক্রোধাৎ

বিষয়েব দিকে আকর্ষণ কবিয়া লইষা যায়, অতএব সাধক সেই ইন্দ্রিয়গুলিকে দুমন কবিষা আমাব চিন্তায় নিমগ্ন হইষা কোন বিছবিহীন স্থানে উপবেশন কবিবেন। কেন না, ইন্দ্রিয়গুলি বশীভূত হইলেই বৃদ্ধি ব্রন্ধে স্থিব হইষা থাকে ॥৬০—৬১॥

মানুষ বিষয়েব চিস্তা কবিতে থাকিলেই তাহাব বিষয়ে আসক্তি জন্মে, সেই আসক্তি হইতে ভোগাভিলাষ উৎপন্ন হয় এবং সেই ভোগাভিলাষ হইতে ক্রোধ উপস্থিত হয় ॥৬২॥

তাৎ প্রত্থা — অবস্থাবিশেষে শব্দ ও স্পর্শপ্রভৃতি বিষয়গুলিকে বডই স্থলব বলিয়া মনে হয়, তখনই সেগুলিতে আসজি জন্মে এবং সেগুলিকে ভোগ করিবার ইচ্চা চলিতে থাকে, সেই সময়ে কেহ যদি সেই ভোগে বাধা দেয়, তাহা হইলেই তাহার উপবে ক্রোধ জন্মে ॥৬২॥

4

1

15

## বাগদেষবিমুক্তৈস্ত বিষয়ানিদ্রিবেশ্চরন্। আত্মবশ্রৈবিধেয়াত্মা প্রসাদমধিগচ্ছতি ॥৬৪॥

### ভাৰতকোমুদী

ইদানীং মন:প্রসাদোপাষমাহ রাগেতি। বিধেয়ো বশ্য আত্মা ননো ষশ্য স তাদৃশঃ সাধকঃ, আত্মনো মনসো বিশ্ববধীনৈঃ, অতএব বাগদেবাভাাং বিম্কৈঃ মন:প্রেবণাযা অভাবাং বাগদেবয়াহে তৃত্বশ্বৈাবিতার্থঃ, ইন্দ্রিষঃ শ্রোজাদিভিঃ বিষয়ান্ শ্রাদীন, চরন্, সংরন্, প্রসাদং চিন্তনৈর্মনাম্, অবিগছাতি প্রাপ্রোতি। অজ্ঞাবমাশ্যঃ—অভ্যাদবৈরাগ্যাভাাং মনো বাগদেবের বিহায়াপ্রনো বনীভ্তম্, ইন্দ্রিয়াণি চ রাগদেববাহে তৃতাং পবিহায় মনসো বনীভ্তানি। তদা চ সাধকো গছন্ যদৃচ্ছয় স্বন্দরীং বা শার্দ্নিং বা পশ্যরিপ বাগবান্ দেববান্ বা অভবন্ গছতোবেতি ॥৬৪॥

#### ভাবতভাবদীপঃ

দংমোহ: কার্যাকার্যাবিবেকাভাবো ভবতি। ততঃ শৃতিবিল্লমঃ শান্তার্থাস্থদানশ্র বিলংশরপং চলনং ভবতি। শৃতিবিল্লংশাং বৃদ্ধিনাশঃ শান্তার্থশ্র নিশ্চিতশ্রাপি তিবোধানং ভবতি। তশ্বিংশ্চ শান্তজ্বে পবোক্ষজানেহপি নটে পুরুষো নগ্রতি পুরুষার্থা-যোগ্যো ভবতি, যো হি তাদৃশঃ দ নই এবেতি লোকে বদন্তি ॥৬৩॥ নয় বিবনা-ন্যাবতোহপি যোগিনো বুংখানে প্রমাণস্বাভাব্যাদিল্রিষাণাং বিষয়ের সদ্যে স্পরিহবন্থত-শেচাক্রবীত্যা ভশ্রাপি নাশপ্রসক্তিবিত্যাশহ্যাহ—রাগ্রেষেতি। বিধেযান্থা কিহনীরতমনান্থ আত্মবশ্রেনিহানিবিদ্রিনে: স্বামিনশ্চিত্বশ্র কিহ্বীরতশ্র কামক্রোবহীন হাং স্বয়সপি বাগ্রেষবিষ্টক্রঃ বিষয়ান্ পথি পতিতত্বাদীনীবানাস্থয়া চবন্ পশ্রমণি পুমান্ তত্র কামালফ্রন্যং প্রসাদং সঙ্গরিকল্পপ্রকালনেন মনসঃ স্বাচ্ছ্যম্ অধিগচ্ছতি মনসঃ স্বাচ্ছ্যমের প্রত্যগান্ধনঃ স্বাচ্ছ্যং তক্ত তদ্ওণসাবত্বাং। অজিতমনস্থমিব জিতমনস্থং বিষয়স্বদ্যে ন

ক্রোধ হইতে গুৰুতব মোহ জন্মে, মোহ হইতে স্মৃতিভ্রংশ হয়, স্মৃতিভ্রংশ হইতে বুদ্ধিনাশ জন্মে এবং বৃদ্ধিনাশ হইতে মান্তব নষ্ট হয় ॥৬৩॥

তা প্রি—ক্রোধ হইলেই চিত্ত অন্থিন। ইইয়া পড়ে, চিত্ত অন্থিন হইলেই শক্ত-মিত্ত শর্মণ থাকে না, শক্ত-মিত্ত শ্বৰণ না থাকিলেই বৃদ্ধি নট হয়, (বিবেচনা থাকে না) বৃদ্দিনাশ হইলেই অকার্য্য কবায় নট হইতে হয় ॥৬৩॥

অভ্যাস 'ও বৈবাগ্যদ্বাবা যাঁহাব মন বশীভূত হয়, সেই সাধক ননের কর্মভূত এবং বাগদ্বেববিমুক্ত ইন্দ্রিয়সমূহদ্বাবা বিষয় ভোগ কলিতে থাকিয়াও চিত্তের নির্মালতা লাভ কবেন ॥৬৪॥

তাৎ প্রত্যা— অভাবে ও বৈরাগো মনের মন বার ও যেন তিরোহিত ইইন ঘান । তথন চকু ও কর্ণপ্রভৃতি আর দে মনকে আক্রণ করিতে পারে না, ততরাং দে সমতে নামক ঘাইবার পথে কোন কুক্রী ব্রী দেখিলেও তাহাতে অফুক্ত নে না, কিংলা কোন শত্রু বা হিংলা জন্ধ দেখিলেও তাহার ভিয়াংশা করেন না । ৮৪।

প্রদাদে সর্ববহুংখানাং হানিবস্থোপজাযতে। প্রদাদেততা হাশু বুদ্ধিঃ পর্য্যবতিষ্ঠতে ॥৬৫॥ নাস্তি বুদ্ধিরযুক্তস্থ ন চাযুক্তস্থ ভাবনা। ন চাভাবযতঃ শান্তিবশান্তস্থ কুতঃ স্থখম্॥৬৬॥

## ভারতকোমুদী

নম তাদৃশচিতপ্রসাদলাতে কিং ফলমিত্যাহ—প্রসাদ ইতি। প্রসাদে অভ্যাসবৈবাগ্যাভ্যাং বাগবেষপবিত্যাগেন চিত্তত্ত নৈর্মল্যে সতি, অহা সাধকহা, সর্বাদ্ধানাং হানিস্ত্যাগ উপজাবতে। তথা চ বদি বাগো ন হ্যাত্তদা দ্রীবত্বাহ্যপ্রাপ্তিনিমিত্তং হৃঃখমপি ন হ্যাৎ, বদি চ বেবো ন তিষ্ঠেত্তদা হিংম্রাহনননিবন্ধনং হৃঃখমপি ন জায়েতেতি ভাবঃ। কিন্তু প্রসাদেততসঃ সাধকহা বৃদ্ধিঃ, আশু হি শীঘ্রমেব, পর্যাবতিষ্ঠতে ব্রহ্মণি সর্ববিধ্বাবস্থিতা ভবতি, বাগবেষাভাবেন বিক্ষেপকাভাবাদিত্যাশয়ঃ ॥৬৫॥

চিত্তপ্রসাদগুণমূক্তা তদপ্রসাদদোষমাহ—নেতি। অযুক্তপ্ত অধােগিনং যােগিজনােচিতচিত্তপ্রসাদরহিতপ্ত রাগদেয়াবিতচিত্তপ্রতার্থং, বৃদ্ধিং ব্রন্ধবিষয় প্রজ্ঞা, নাস্তি ন ভবিতৃমহ্তি,
অযুক্তপ্ত তথা বাগদেয়াবিতচিত্তপ্ত, ভাবনা ব্রন্ধবানঞ্চ, নাস্তি, বাগদেয়াভাামের চিত্তপ্ত
বিক্ষেপাদিভ্যভয়বাপি ভাবং। অভাবয়তো ব্রন্ধাধ্যায়তক্ত, শাস্তিং দর্বজ্ঞানিবৃত্তিনান্তি,
বিষযধ্যাননিবন্ধনানস্তত্থাপাতাদিত্যাশ্যং। অশান্তপ্ত তাদৃশশান্তিবহিতপ্ত চ স্থাং
ক্ষণিকাহিপি ব্রন্ধানন্দং, কুতাে ভবিতৃমহ্তি, অপি তৃ কুতােহিপি নেতার্থং। অতাে বাগদেয়পরিত্যাগেনাদাে চিত্তপ্রসাদজননায়ের ষতস্বতাভিপ্রায়ঃ ॥৬৬॥

#### ভাৰতভাৰদীপঃ

বাধতেহতো মনোজয়োহবখাং কর্ত্তব্য ইত্যর্থ: ॥৬৪॥ কিঞ্চ চিন্তশ্য প্রদাদে হি অশ্য পৃংদঃ
দর্ববৃংখানাং কামমূলকানাং কামাভাবাৎ হানিঃ পরিহাবো জাযতে, কামান্তদয়ে হেতৃমাহ—
প্রদানতি। হি ফ্যাৎ প্রসন্তেতসঃ পৃংসো বৃদ্ধির্ক্র ক্রাইম্বকানিক্রয আশু শীঘ্রং পর্যবৃতিষ্ঠতে
স্পৃতো ভবতি, তিশ্বিংক সতি প্রাপ্যাভাবার কামোদয় ইত্যর্থ: ॥৬৫॥ সমনস্কানামিল্রিয়াণামনিগ্রহে দোষ উক্তঃ বৃদ্ধেবপর্যবস্থানে কো দোষ ইত্যত আহ—নাস্তীতি। অ্যকৃত্য শ্রবণমনময়োরনাসক্তম্য বৃদ্ধির্ক্রাইছাক্যনিক্রয়ো নাস্তি প্রমাণবিষয়াসন্তাবনায়াঃ প্রমেযবিষয়াসম্ভাবনায়াক্যানিবাসাৎ। তথা অ্যক্তস্যাসমাহিত্যনসো ভাবনা ব্রহ্মাকাবাস্তঃক্রবণবৃত্তিপ্রবাহো

চিত্তেব নির্মালতা জিমিলে, সাধকেব সমস্ত তৃঃথ নিবৃত্তি পায এবং সম্ববই তাঁহাব বৃদ্ধি পবত্রহ্মে প্রতিষ্ঠা লাভ কবে ॥৬৫॥

তাৎ শহ্য—মনে রাগ ও দেয় থাকিলেই নানাবিধ ত্বং জয়ে। কেন না, বমণী বা বত্ন দেখিলেই তাহাতে বাগ জয়িল, কিন্তু তাহা না পাইলেই ত্বংখ হইল, আবাব কোন হিংশ্র জয় দেখিলেই দেয় আদিল, অথচ তাহাকে মারিতে না পাবায় ত্বংখ জয়িল। আর বাগ-দেয় না থাকিলে সেরপ কোন ত্বংখই হয় না এবং বিষয়াকর্ষণ না থাকায় বৃদ্ধিটাও সম্ববই পরমেশ্ববে প্রতিষ্ঠিত হয় ॥৬৫॥

## ইন্দ্রিযাণাং হি চবতাং যন্মনোহনুবিধীয়তে। তদস্য হবতি প্রজ্ঞাং বায়ুর্নাবমিবান্ডিসি ॥৬৭॥

### ভাবতকোমুদী

একমপীন্দ্রিষং বৃদ্ধের ন্ধবিষয়তায়া: প্রতিবন্ধকং ভবিতৃমহ্তীত্যাহ—ইন্দ্রিয়াণামিতি। হি তথাহি মনস ইন্দ্রিয়ানুত্ত্বী দোষমেব পশ্চেতার্থ:। মন: কর্ত্ব, চরতাং স্বং বং বিষয়ং প্রতি ধাবতামিন্দ্রিয়াণাং মধ্যে ষং ইন্দ্রিয়ন্, অন্থবিধীয়তে অন্থসরণক্রমেণ বিশেষেণ আনদাতি গৃহাতি বিশেষেণান্থসবতীতার্থ:। "ধীঙ্ আদানে" ইতি দৈবাদিকাত্মনেপদিধীঙ্ধাতোঃ প্রয়োগোহ্যম্। অস্তুসি জলে, বায়ুং, নাবং নাবিকরহিতাং নৌকামিব, তদিন্দ্রিয়নেব কর্ত্ব, অস্থ প্রক্ষস্ত, প্রজ্ঞাং বৃদ্ধিন্, হরতি স্বান্থবর্ত্তিনীং করোতি। অতএব ভাবুকৈক্ষক্রন্—"শন্ধা-দিভি: পঞ্চভিবেব পঞ্চ পঞ্চতমাপুং স্বপ্তবেন বদ্ধাঃ। কৃবদ-মাতদ-পত্দ-মীন-ভূদা নবং পঞ্চভিবঞ্চিতঃ কিম্॥"॥৬৭॥

#### ভাৰতভাৰদীপঃ

নান্তি মনসন্দাঞ্চল্যেন বৃদ্ধেবপি চাঞ্চল্যাং। অভাবযতো ধ্যানমকুর্বকঃ শান্তিঃ দর্বহংথোপ-বমন্চ নান্তি চেত্রনাহনবন্ধিতত্বেন হংখাবশুস্তাবাং। অশান্তশ্যাহপ্রবতসর্বহংপক্ত ত্বথং প্রত্যাগ্রন্থানন্দাত্মকং কুতো ন কুতন্দিং হংথিছাদেব। আছ্মম্কুশ্রেতি পদং যুক্তির্যোগে ইত্যক্ত রপম্। বিতীয়ং যুক্তসমাধাবিত্যক্ত। তত্মাদ্বৃদ্ধেঃ পর্যাবস্থানমাবশুক্র চিঙ্গু তদভাবে দোষমাহ—ইন্দ্রিযাণাং হীতি। বি যত্মাদিন্দ্রিযাণাং চরতাং অপবিষয়ে প্রবর্ত্তনিনানাম্, কর্মণি ষণ্ঠা, যং রাগাদিকল্বিতং মনঃ তাক্তর লক্ষীকতা বিধীয়তে প্রবর্ত্তাতে, কর্মকর্ত্তরি লকারঃ। প্রবর্ত্তত ইত্যর্থঃ। তং ইন্দ্রিযান্থারি মনোহক্ত সাধকক্ত প্রস্তামাত্মত্ববিষয়াং বৃদ্ধিং হবতি তক্তা মনোহত্মাবিত্তাং। দৃষ্টান্তঃ স্পটার্থঃ। অত্যে তৃ ইন্দ্রিয়াণাং মধ্যে যদিন্দ্রিয়ান্ত লক্ষীকতা মনঃ প্রবর্ত্ততে তদিন্দ্রিয়ান্ত সাধকক্ত মনসো বা প্রস্তাং হবতীতি ঘোদ্ধান্তি। আত্মবিষয়াং প্রস্তাং প্রস্তাং করা মনো বিষযবিষয়াং করোতীতি ভাল্যমত্যালোচনীয়ন্

যোগিজনোচিত চিত্তনির্মালত। যাহাব হয নাই, তাহাব বৃদ্ধি প্রব্রেশ্রব দিকে যাইতে পাবে না, কিংবা তাহাব ব্রহ্মধ্যানও হয না ব্রহ্মধ্যান না হইলে সমস্ত ছংখেব নিবৃত্তিও হইতে পাবে না এক সমস্ত ছংখিন্বৃত্তি না হইলে ক্ষণিক সুখই বা হইবে কি কবিয়া ॥৬৬॥

তাৎপর্ত্য—রাগ এবং দেষপ্রভৃতিই চিত্তে মন এবং সেই মন থাকিনেই চিত্ত বিষয়ের দিকে বিশিপ্ত হয়, চিত্ত বিশিপ্ত হইনে শাব বৃদ্ধি ব্রেল্ড দিকে ঘাইতে পারে মা, কিংবা তাঁহার ব্যানও হইতে পাবে না, তাহা না হইনেই শান্তি শর্মাং হ শিবুরি হণ না, ছংখনিবৃত্তি না হইনে আব হৃৎ হইবে বিক্রপে শুড

ইন্দ্রিয়ণ্ডলি স্বভাবতই আপন আপন দিখদে বিচন্দ করে এন এন এন ইন্দ্রিয়ের অনুসরণ কবিবে, সেই ইন্দ্রিয়েই—বাসু যেমন এলে কণ্যালন্দ্রিদ নৌকাকে হবণ কবে, সেইরপ মায়ুদেন বুলিকে হবণ কনিমা গ্রাক্তি তত্মাদ্যস্থ মহাবাহো। নিগৃহীতানি সর্বশঃ। ইন্দ্রিযাণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্থ প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥৬৮॥ যা নিশা সর্ববভূতানাং তত্যাং জাগত্তি সংযমী। যস্তাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ ॥৬৯॥

#### ভাবতকৌমুদী

ইন্দ্রিয়নিগ্রহণ্ড প্রজ্ঞান্থিতিসাধনত্বমূপসংহবতি—তশাদিতি। হে মহাবাহো। তশাং একস্থাপীন্দ্রিয়ন্তান্তবৃত্তের্মহানর্থহেতৃত্বাৎ, যন্ত সাবকন্ত, সর্ব্ধশিং সর্বাণি ইন্দ্রিয়াণি, সর্ব্বেভা এব ইন্দ্রিয়ার্থেভাঃ শব্দাদিবিষষেভাঃ, নিগৃহীতানি অভ্যাসবৈবাগাভ্যাং নিরুদ্ধানি ভবন্তি; তন্তিব সাধকন্ত, প্রজ্ঞা বৃদ্ধিঃ, বন্ধণি প্রতিষ্ঠিতা ভবতি। মহাবাহত্বাদসংখ্যশক্রনিগ্রহ্মমর্থবং প্রক্রেনিগ্রহে প্রমেব শক্ষানীতি মহাবাহে। ইতি সম্বোধনেন স্থাচিতম্ ॥৬৮॥

নত্ব স্বভাবত এব বিষয়গ্রহণপবাণীন্দ্রিষাণীতি তহতা যোগিনাপি কথং তানি নিগ্রহীতৃং শক্যন্ত ইত্যাহ—যেতি। যা পবব্রহ্মাপরপর্যায়া চিতিং, দর্ব্বভূতানাং মহন্তাদীনাং দর্বেষামেবাআনিনাং প্রাণিনাম্, নিশা নিত্রয়েবাবিভয়া ব্যাহতদর্শনা বাত্রিবিব বর্ত্ততে, তন্তাং নিশাভাবতভাবদীপঃ

॥৬৭॥ ষততো হৃপীত্যত্তোপক্রান্তমর্থং বছধা উপপাশু উপনংহবতি—তন্মাদিতি। ধন্মাদিল্রিযাধীনং মনো মনোরুগা চ প্রজ্ঞা তন্মাং হে মহাবাহো! ষশু ষভেরিল্রিষাণি সর্বশঃ
সর্বপ্রকাবেণ স্বকাবণেন মনসা সহিতানীতি ষাবং। ইন্দ্রিযার্থেভ্যঃ শব্দাদিভ্যো নিগৃহীতানি
ভবন্তি তন্তু প্রদা প্রতিষ্ঠিতেতি বিদি ॥৬৮॥ ধদা পঞ্চাবতিঠন্তে ইত্যুদাহতশ্রুতেতামাহঃ

তাৎ পর্ত্যা—কর্ণেব বিষয় শব্দ, হকেব বিষয় শর্পা, চকুব বিষয় রূপা, জিরাব বিষয় বন এবং নাসিকাব বিষয় গন্ধ , হতবাং কর্ণপ্রভৃতি ইন্দ্রিষ আপনা-আপনিই শব্দপ্রভৃতি বিষয়ে বিষয় গন্ধন করে, তবে বৃদ্ধিও কেই দিকে যাইবেই যাইবে। তাহা হইলেই আর বৃদ্ধি বন্ধেব দিকে গেল না, মৃক্তিও হইল না , স্কৃতবাং একটা ইন্দ্রিষই যথন এত অনর্থ ঘটাইতে পাবে, তথন পাঁচটা ইন্দ্রিয়ের কথা আব কি বলা যাইতে পারে? এ বিষয়ে হ্মন্য একটা শ্লোক আছে—("শব্দাদিভিঃ পঞ্চিঃ"—ইত্যাদি টীকা ক্রইব্য) হবিণ বংশীর শব্দে, হস্তী হন্দ্রিনীব শ্বর্ণে, পতঙ্গ অগ্নিব রূপে, মৎস্য বৃদ্ধিশবদ্ধ থাতের রুদে এবং অমর বিষকুত্বমের গদ্ধে আকৃষ্ট হইয়া যাইয়া প্রাণ হাবায়, তাহাতে পঞ্চেন্দ্রিয়ের পঞ্চ বিষয়ে আকৃষ্ট মান্নুষের কথা আব কি বলিব ॥৬৭॥

ভাতএব মহাবাহু অর্জুন। অভ্যাস ও বৈবাগ্য যাঁহাব সমস্ত ইন্দ্রিয়কে বিষয় হইতে নিগৃহীত কবে, সেই যোগীব বৃদ্ধিই ব্রহ্মে প্রতিষ্ঠিত হয় ॥৬৮॥

তাৎ প্রহ্যা— অর্জ্ন। কর্ণপ্রভৃতি ইন্দ্রিষ শব্দপ্রভৃতি বিষয়ে নিবিষ্ট হইতে না পাবিলে আব সেই বিষয়ভোগেব কামনা হইতে পাবে না, তথন সাধকেব বৃদ্ধি নিরুপস্রব হইষা ব্রহ্মেই প্রতিষ্ঠা লাভ করে, অতএব অর্জ্জ্ন! ভূমি মহাবাহু বলিষা অসংখ্য শক্রকে নিগৃহীত করিতে পাব, স্থতবাং ইচ্ছা কবিলে পাঁচটামাত্র ইন্দ্রিয়কে অবশ্রই নিগৃহীত কবিতে পারিবে ॥৬৮॥

### ভাবতকোমুদী

ত্ল্যাযাং চিতের, সংঘমী ইন্দ্রিয়সংঘমবান্ যোগী, জাগর্ত্তি জাগ্রদবন্থাবান্ পেচক ইব দর্শনবান ভবতীতার্থং। তথা ভ্তানি ত এবাজ্ঞানিনঃ প্রাণিনঃ, যত্তাং নাযাবাং মাল্লাকল্লিভদ্রগত্যান্, জাগ্রতি কাকাদিবং জাগ্রদবন্থাবন্তো দর্শনাদিব্যবহারবন্তো বর্ত্তত্ব, পশ্রতো জানালোকেন পরং বন্ধ বিলোকয়তঃ, মুনের্যননবতো যোগিনস্ত, সা মাল্লাকল্লিভদ্রগতী, নিশা নিদ্রঘেব রক্ত্রেসর্পাদিবদলীকবৃদ্ধা নির্ভদর্শনা বাত্রিবিব বর্ত্ততে। তথা চ অজ্ঞানাদ্ধকারেণারতনমনা প্রাণিনো যং প্রমাল্থানং নাবলোক্ষিত্মইন্তি, জ্ঞানী তু জ্ঞানালোকেন ত্যবলোক্ষতি প্রশৃক্ত তে প্রাণিনো যং জগৎপ্রপঞ্চং বন্তরূপত্যা পশ্রন্তি, জ্ঞানী তু মাবিকতন্তা বন্ত্র্স্পাদিব-দবন্তব্দেন নির্ভিনিবেশং তং জগৎপ্রপঞ্চং পশ্রতি। এবঞ্চ গচ্ছতত্ত্বাদিম্পর্শবন্নিবভিনিবেশত্যা জ্ঞানিনো জগদর্শনং তাচ্ছীল্যমাত্রমিতি বিষয়শিথিলানামিন্দ্রিয়াণাং নিগ্রহন্তত্ত স্ক্রব এবেতি ভাবঃ ॥৬৯॥

#### ভাবতভাবদীপঃ

